# বিদ্যুৎ আইন

(সর্বশেষ সংশোধনী সহ)


ছিদ্দিকুর রহমান মিয়া

জেলা ও দায়রা জজ



নিউ ওয়ার্সী বুক কর্পোরেশন

হইয়াছে। তাছাড়া বিদ্যুৎ বিভাগের কর্মকর্তা, কর্মচারী, আইনজীবি তথা বিদ্যুতের সাধারণ গ্রাহকগণের উপকারের জন্য বিদ্যুৎ সংক্রান্ত বিভিন্ন ফরমস এর নমুনাও এই বইতে সন্নিবেশিত করা ইইয়াছে।

বিদ্যুতের সহিত সংপৃক্ত সকল কর্মকর্তা, কর্মচারী, পেশাজীবি, আইনজীবি ও বিদ্যুৎ ব্যবহারকারী যদি এই বইখানির দ্বারা উপকৃত হয় তবে আমার শ্রম সার্থক হইবে।

প্রকাশনা শিল্পে সম্ভাবনাময় প্রতিষ্ঠান "নিউ ওয়ার্সী বুক করর্পোরেশন" বইখানি প্রকাশনার জন্য আগাইয়া আসাতে আমি উক্ত প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারীকে জানাই আন্তরিক ধন্যবাদ। সর্বোপরি, মহান আল্লাহ তায়ালাকেও শুকরিয়া জানাই যিনি আমাকে বইখানি লিখতে তৌফিক দিয়াছেন।

সময় ও সুযোগের অভাবে হয়ত কিছু ভুলত্রুটি থাকতে পারে। সহানুভূতি পাইলে পরবর্তীকালে তাহা শোধরাইতে চেষ্টা করিব। যথেষ্ট চেষ্টা থাকা সত্ত্বেও মুদ্রনজনিত বিভ্রাট পরিদৃষ্ট হওয়া বিচিত্র নয়। সহৃদয় পাঠক-পাঠিকা যদি ইহা ক্ষমা সুন্দর দৃষ্টিতে অবলোকন করেন এবং গঠনমূলক পরামর্শদানে বাধিত করেন তবে আমি বিশেষভাবে কৃতজ্ঞ থাকিব।

**ছিদ্দিকুর রহমান মিয়া**

# সূচীপত্র

## প্রথম অধ্যায়

### অংশ—১

### প্রারম্ভিক


| ধারা | বিষয় | পৃষ্ঠা |
| --- | --- | --- |
| ১. | সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ক্ষেত্র এবং প্রয়োগ কাল। | ১ |
| ২. | সংজ্ঞা | ২ |


### অংশ —২

### বিদ্যুৎ সরবরাহ

### অনুমতিপত্র (লাইসেন্স)


| ধারা | বিষয় | পৃষ্ঠা |
| --- | --- | --- |
| ৩. | অনুমতিপত্র (লাইসেন্স) মঞ্জুরী করা। | ৩ |
| ৪. | অনুমতিপত্র বাতিল করণ বা পরিবর্তন। | ৬ |
| ৫. | স্থানীয় কর্তৃপক্ষ অনুমতি পত্রের অধিকারী না হইলে তাহার অনুমতি পত্রের শর্ত সমূহ বাতিল হওয়া। | ৯ |
| ৬. | স্থানীয় কর্তৃপক্ষের অনুমতি পত্র বাতিল করার ক্ষেত্রে শর্তসমূহ। | ১২ |
| ৭. | স্বত্ব ক্রয় | ১২ |
| ৮. | অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তির সম্পত্তি ব্যতিরেকে ক্রয় এবং অনুমতিপত্র বাতিল করার ক্ষেত্রে শর্তসমূহ | ১৪ |
| ৯. | অনুমতি পত্রের অধিকারীর অন্য অনুমতি পত্রের অধিকারী স্বত্ব ক্রয় বা সংযুক্তি বা তাহার স্বত্ব হস্তান্তর করিতে না পারা। | ১৫ |
| ১০. | ক্রয়ের শর্ত পরিবর্তন বিষয়ে সরকারের সাধারণ ক্ষমতা। | ১৬ |
| ১১. | অনুমতি পত্রের বার্ষিক হিসাব পূর্ত কর্মাদি (works) | ১৬ |
| ১২. | রাস্তা, রেলওয়ে এবং ট্রামওয়ে সমূহ উন্মুক্ত করণ ও ভাঙ্গার বিষয়ে শর্তসমূহ। | ১৭ |
| ১৩. | নূতন পূর্ত কর্মের নোটিশ। | ১৯ |
| ১৪. | পাইপ অথবা তার পরিবর্তন। | ২১ |
| ১৫. | ভূগর্ভস্থ নর্দমায় (সুয়ার), পাইপস অথবা অন্য বৈদ্যুতিক সরবরাহ লাইন বা পূর্তকর্মের নিকটে বৈদ্যুতিক সরবরাহ লাইন বা অন্যবিধ সংস্থাপন। | ২৪ |

১৬. বিলম্ব ব্যতিরেকে ভগ্ন রাস্তা, রেলওয়ে, ট্রামওয়ে, ভূগর্ভস্থ নর্দমা (সুয়ার) নর্দমা (ড্রেন) বা টানেল মেরামত। ২৫
১৭. টেলিগ্রাম কর্তৃপক্ষের নিকট নোটিশ। ২৬
১৮. এরিয়াল লাইন। ২৭
১৯. অনিষ্টের জন্য ক্ষতিপূরণ। ২৮

## সরবরাহ

১৯-এ. যে পয়েন্টে সরবরাহ প্রদান করা হয়। ২৮
২০. অনুমতি পত্রের অধিকারীর চত্বরে প্রবেশ এবং তাহার ফিটিংস ও অন্যান্য যন্ত্রপাতি অপসারণের ক্ষমতা ২৯
২১. বিদ্যুৎ ব্যবহারে অনুমতি পত্রের অধিকারীর নিয়ন্ত্রন বা বাধার উপর সীমাবদ্ধকরণ। ৩০
২২. বিদ্যুৎ সরবরাহে অনুপত্রের অধিকারীর বাধ্যবাধকতা। ৩১
২৩. মূল্য নির্ধারনের ক্ষেত্রে অনুচিৎ অগ্রাধিকার না দেওয়া। ৩১
২৪. মূল্য পরিশোধে অবহেলার জন্য গ্রাহকের সরবরাহ বিচ্ছিন্ন করা। ৩২
২৫. কতিপয় ক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহ লাইন বা অন্যবিধ যন্ত্রপাতি ক্রোক হতে অব্যাহতি। ৩৪
২৬. মিটার। ৩৪
২৭. সরবরাহ এলাকার বাহিরে বিদ্যুৎ সরবরাহ। ৩৭

## অংশ—৩
## অনুমতিপত্রের অধিকারী ব্যতীত অন্যের জ্বালানী সরবরাহ পরিচালনা ও ব্যবহার।

২৮. কতিপয় ক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারী নহেন এমন ব্যক্তির মঞ্জুরীর আবশ্যকতা। ৩৮
২৯. অনুমতিপত্রের অধিকারী নহেন এমন ব্যক্তির রাস্তা ভাঙ্গিবার ক্ষমতা। ৩৯
২৯-এ. ১৮৯০ সালের আইন XI অনুযায়ী রেলওয়ে কর্তৃক রক্ষণাবেক্ষণাধীন এরিয়াল লাইনের ক্ষেত্রে ১৮ এর প্রয়োগ। ৪০
৩০. বিদ্যুৎ পরিচালনা ও ব্যবহারের উপর নিয়ন্ত্রণ। ৪০
৩১. রেলওয়ে এবং খাল, ডক, খাট ও জেটি সমূহের সংরক্ষণ। ৪২
৩২. টেলিগ্রাফিক, টেলিফোনিক এবং বৈদ্যুতিক সংকেত প্রদানকারী লাইনের রক্ষাপ্রদ। ৪২
৩৩. দুর্ঘটনা এবং তদন্তের নোটিশ। ৪৩
৩৪. মৃত্তিকার সঙ্গে সংযোগের এবং কতিপয় ত্রুটির ক্ষেত্রে সরকারের হস্তক্ষেপের ক্ষমতার বিধান। ৪৪

## প্রশাসন এবং বিধিমালা

৩৫. বিদ্যুৎ বোর্ড। ৪৪
৩৬. বিদ্যুৎ পরিদর্শক ও নিয়ন্ত্রক। ৪৫
৩৭. বোর্ডের বিধিমালা প্রস্তুতের ক্ষমতা। ৪৬
৩৮. বিধিমালা সম্পর্কে অধিকতর বিধান। ৪৭

## ফৌজদারী অপরাধ সমূহ এবং পদ্ধতি

৩৯. বিদ্যুৎ চুরি। ৪৮
৩৯-এ. কৃত্রিম পদ্ধতি প্রভৃতি স্থাপনের জন্য জরিমানা। ৪৯
৪০. উদ্দেশ্য প্রণোদিতভাবে বিদ্যুৎ অপচয় করা বা পূর্ত কর্মের ক্ষতি করার জন্য দণ্ড। ৫০
৪০-এ. যে কোন বিদ্যুৎ সরবরাহ সিস্টেম হইতে লাইন সামগ্রী, টাওয়ার সদস্য, যন্ত্রপাতি প্রভৃতি চুরির জন্য দণ্ড। ৫১
৪১. অনুমতি পত্রহীন ব্যক্তি কর্তৃক কর্তৃত্বহীনভাবে বিদ্যুৎ সরবরাহের জন্য দণ্ড। ৫১
৪২. অবৈধ বা ক্রুটিযুক্ত সরবরাহ বা আদেশ প্রতিপালন না করার জন্য দণ্ড। ৫১
৪৩. অবৈধভাবে বিদ্যুৎ পরিচালনা বা ব্যবহারের জন্য দণ্ড। ৫৩
৪৪. মিটার বা অনুমতিপত্রের অধিকারী পূর্ত কর্মে বাধা সৃষ্টি করা এবং বিদ্যুতের অনুচিত ব্যবহারের জন্য দণ্ড। ৫৩
৪৪এ কতিপয় অপরাধ সংঘটনে সহায়তায় দন্ড ৫৩
৪৫. পাবলিক ল্যাম্প নির্বাপনের দণ্ড। ৫৫
৪৬. অমনোযোগীভাবে বিদ্যুৎ নষ্ট করা বা পূর্তকর্মের অনিষ্ট করার জন্য দণ্ড। ৫৫
৪৭. অন্যবিধভাবে বিধান রাখা হয় নাই এমন দোষ করিবার জন্য দন্ড। ৫৫

৪৮. অন্য দায়িত্বকে প্রভাবিত করিয়া দন্ড। ৫৬
৪৯. পূর্তকর্ম সরকারী মালিকানাধীন হইলে সেইক্ষেত্রে দন্ড। ৫৬
৪৯ক কোম্পানী কর্তৃক অপরাধ ৫৬
৫০. অভিযুক্তির নিয়ম প্রণালী। ৫৭
৫১. টেলিগ্রাফ কর্তৃপক্ষের কতিপয় ক্ষেত্রে ক্ষমতা প্রয়োগ। ৫৭
৫২. সালিশি বা মধ্যস্থতা। ৫৭
৫২-এ. দেওয়ানী আদালতের এখতিয়ারের উপরে বাধা। ৫৮
৫৩. নোটিশসমূহ, আদেশসমূহ বা দলিলপত্রাদি জারীকরণ। ৫৮
৫৪. আইনের কতিপয় বিধানের আওতায় পুনরুদ্ধারযোগ্য অর্থ পুনরুদ্ধার। ৫৯
৫৪-এ. বিদ্যুৎ সরবরাহের জন্য দাবীকৃত অর্থ বকেয়া ভূমি রাজস্ব মত পুনরুদ্ধার। ৫৯
৫৪-বি. পুলিশের সহযোগীতার জন্য অধিযাচন পত্র। ৫৯
৫৪-সি. এখতিয়ারের উপর বাধা। ৬০
৫৫. সরকারের কতিপয় দায়িত্ব বিদ্যুৎ পরিদর্শককে অর্পন। ৬০
৫৬. সরল বিশ্বাসে কৃতকাজকে আশ্রয় প্রদান। ৬১
৫৭. অর্জিত সম্পত্তি আইন এর সংশোধন। ৬১


## দ্বিতীয় অধ্যায়

## তফসিল (সিডিউল)

### নিরাপত্তা ও হিসাব


i. অনুমতি পত্রের অধিকারী স্থানীয় কর্তৃপক্ষ না হইলে তাহার পূর্তকর্ম বাস্তবায়নের জন্য নিরাপত্তা। ৬২
ii. স্থানীয় কর্তৃপক্ষ না হইলে অনুমতি পত্রের অধিকারীর হিসাব নিরীক্ষণ। ৬৩
iii. পৃথক হিসাব ৬৪


### বাধ্যতামূলক পূর্তকর্ম ও সরবরাহ


iv. অনুমতিপত্র আরম্ভের পর পূর্তকর্ম বাস্তবায়ন। ৬৪
v. অতিরিক্ত বিতরণ মেইন স্থাপনের বিধান। ৬৪
vi. মালিক বা দখলকারের পার্শ্ববর্তী অঞ্চলে সরবরাহের অধিযাচনপত্র। ৬৫
vii. সরবরাহ লাইন স্থাপনের অতিরিক্ত বিধানসমূহ। ৬৯
viii. পাবলিক ল্যাম্পের জন্য সরবরাহ ৬৯


### বৃহদায়তন অনুমতি পত্রের অধিকারী বৃন্দ কর্তৃক সরবরাহ


ix. বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারীবৃন্দ কর্তৃক সরবরাহ ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ বিধানাবলী। ৭০


### মূল্য ধার্য


x. মূল্য ধার্যের পদ্ধতি। ৭২
xi. সর্বোচ্চ মূল্য ধার্য করা। ৭৩
xi-A. ন্যূনতম মূল্য ধার্যকরণ।৭৩
xii. পাবলিক ল্যাম্প সমূহের জন্য মুল্য ধার্যকরণ। ৭৩


### অভিক্ষা (Testing) ও পরিদর্শন


xiii. অনুমতিপত্রের অধিকারীর অভিক্ষা কেন্দ্র স্থাপন ও অভিক্ষার জন্য যন্ত্রপাতি রাখা। ৭৪
xiv. অভিক্ষার জন্য সুযোগ সুবিধা। ৭৪
xv. পূর্তকর্মের অভিক্ষা। ৭৪
xvi. সরবরাহ এলাকার নকশা পরিদর্শনের জন্য উন্মুক্ত করা ও রাখা। ৭৫
xvii. বিদ্যুৎ পরিদর্শকের নোটিশ প্রদান। ৭৬


## তৃতীয় অধ্যায়


বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ এর বিধি ৫৮(১) এর আওতায় রেগুলেশন। ৭৭-৯৩


## চতুর্থ অধ্যায়


বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি পরিদর্শন ও পরীক্ষা-নিরিক্ষার জন্য ফিস নির্ধারণ ও আদায় সংক্রান্ত আদেশ। ৯৪-১১১


## পঞ্চম অধ্যায়


ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০ ১১২-১১৮


## ষষ্ঠ অধ্যায়


পল্লী বিদ্যুতায়ন বোর্ড অধ্যাদেশ, ১৯৭৭ ১১৯-১২৮


## সপ্তম অধ্যায়


ফরম্‌স ১২৯-১২৮


## অষ্টম অধ্যায়


বিদ্যুৎ (সংশোধন) আইন, ১৯৯৩ ১৪০-১৪৪

# বিদ্যুৎ আইন, ১৯১০

## [The Electricity Act, 1910]

### [১৯১০ সালের ৯ নং আইন ]

*১৮ই মার্চ ১৯১০*

বিদ্যুৎ শক্তি সরবরাহ ও ব্যবহার সংক্রান্ত বিষয়ক আইন সংশোধনার্থে আইন।

যেহেতু বিদ্যুৎ শক্তি সরবরাহ ও ব্যবহার সংক্রান্ত আইন সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। ইহা এতদ্বারা নিম্নভাবে আইনবদ্ধ করা হইল ঃ

## অংশ-১ (Part-1)

## প্রারম্ভিক

**১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগক্ষেত্র এবং প্রয়োগকাল ঃ Short title, extent and commencement.**

১) এই আইন বিদ্যুৎ আইন, ১৯১০ (The Electricity Act, 1910) নামে অভিহিত হইবে।

২) ইহা সমগ্র বাংলাদেশে কার্যকর হইবে।

৩) সরকার এতদ্বিষয়ে সরকারী গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে যে তারিখ হইতে কার্যকর করিবে সেই তারিখ হইতে ইহা কার্যকর হইবে।

**২। সংজ্ঞা (Definitions) ঃ** ১৮৮৫ সালের আইন XIII এ টেলিগ্রাফ আইন ১৮৮৫ এ বর্ণিত সংজ্ঞা সমূহের অর্থসমূহ এই আইনের ক্ষেত্রেও পযোজ্য হইবে, এবং যদি কোন কিছু বিষয় বা বিষয়বস্তুর সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ না হয়,—

(এ) "এরিয়াল লাইন" বলিতে ভূমির উপর এবং উন্মুক্ত বাতাসে স্থাপিত যে কোন বিদ্যুৎ সরবরাহ লাইন বুঝাইবে;

(বি) "সরবরাহ ক্ষেত্র" অর্থ ঐ এলাকা যার জন্য অনুমতিপত্র (লাইসেন্স) কিছু কালের জন্য বিদ্যুৎ সরবরাহের ক্ষমতা দিয়েছে।;

(সি) "গ্রাহক" অর্থ যে কোন ব্যক্তি যাহাকে অনুমতি পত্রের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হয় বা [যিনি মালিক বা এলাকার দখলদার যা][১] কিছুকালের জন্য অনুমতি পত্র দ্বারা বিদ্যুৎ সরবরাহের জন্য সংযোজিত।

---

[১] . ১৯৮৩ ইং সনের অডিনেন্স নং XLII দ্বারা প্রতিস্থাপিত।

(ডি) "দৈনিক জরিমানা" অর্থ কোন অন্যায়ের জন্য দোষীকরণ মাধ্যমে প্রতিদিনের জন্য ধার্যকৃত জরিমানা;

(ই) "বিতরণ মেইন" অর্থ কোন মেইন এর অংশ যার মধ্য দিয়া সংযোগ লাইন রহিয়াছে বা শীঘ্রই সংযোগের উদ্দেশ্যে রহিয়াছে;

(এফ) "বিদ্যুৎ সরবরাহ লাইন" বলিতে তার, পরিবাহক (কণ্ডাক্টর) বা অন্যবিদ কিছু যা বিদ্যুৎ পরিবহন, পরিচালন বা বিতরণের জন্য ব্যবহৃত হয়; একই সঙ্গে ঐ তার, পরিবাহক বা অন্যবিধের কেসিং, কোটিং কভারিং টিউব, পাইপ বা ইনস্যুলেটর যা উহাকে বা উহার অংশবিশেষকে ভিতরে রাখে (এনক্লোজিং) ঘিরিয়া রাখে বা সাপোর্টিং, ভাররক্ষক অথবা কোন যন্ত্র যাহা এইরূপ বিদ্যুৎ পরিবহন, পরিচালন বা বিতরণের সঙ্গে সংশ্লিষ্ট বুঝাইবে;

(জি) "বিদ্যুৎ (এনার্জি) বলিতে বিদ্যুৎ শক্তি যখন [১][খবর প্রেরণ ব্যতিত] অন্যবিধ উদ্দেশ্যে উৎপাদন (জেনারেটেড), পরিচালন, সরবরাহ করা হয়, বুঝাইবে;

(এইচ) "অনুমতি পত্রের অধিকারী (লাইসেন্সী)" বলিতে দ্বিতীয় অংশের আওতায় বিদ্যুৎ সরবরাহ পাইবার জন্য অনুমতি প্রাপ্ত যে কোন ব্যক্তিকে বুঝাইবে ;

(আই) "মেইন" বলিতে জনগণের নিকট যে কোন অনুমতি পত্র প্রাপ্ত কর্তৃক বিদ্যুৎ সরবরাহের জন্য বা তদুদ্দেশ্যে ব্যবহৃত যে কোন সরবরাহ লাইন বুঝাইবে;

(জে) "নির্দ্ধারিত (প্রেসক্রাইভড)" অর্থ এই আইনের আওতায় প্রস্তুতকৃত বিধি ধারা নির্দ্ধারিত বা প্রেসক্রাইভড বুঝাইবে ;

(কে) "পাবলিক ল্যাম্প" বলিতে যে কোন রাস্তা আলোকিত করণের জন্য ব্যবহৃত বৈদ্যুতিক বাতি বুঝাইবে ;

(এল) "সার্ভিস লাইন" বলিতে যে কোন অনুমতি পত্রের অধিকারী কর্তৃক বিদ্যুৎ সরবরাহের জন্য বা তদার্থে ব্যবহৃত বিদ্যুৎ সরবরাহ লাইন বুঝাইবে-

---

[১]. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা বাতিল।



(i) কোন বিতরণ মেইন বা অনুমতি পত্রের অধিকারী এলাকা (প্রেমিস) হইতে কোন একক গ্রাহককে, অথবা—

(ii) বিতরণ মেইন হইতে একই এলাকা (প্রেমিস) বা সংলগ্ন এলাকার (প্রেমিসের) গ্রাহক গ্রুপকে বিতরণ মেইনের একই পয়েন্ট হইতে সরবরাহকৃত ঃ

(এম) "রাস্তা" বলিতে যে কোন পথ (ওয়ে, রোড, লেইন, স্কোয়ার, কোর্ট এলে, প্যাসেজ বা উন্মুক্ত এলাকা) বা উভয় প্রান্তে উন্মুক্ত হউক বা না হউক উহার উপর জনগণের যাতায়াত অধিকার থাকিলে এবং যে কোন পাবলিক সেতু বা বাঁধ এর উপর যানবাহন চলাচলের বা পায়ে হাটার পথ বুঝাইবে ঃ এবং

(এন) "পূর্ত কর্ম (ওয়ার্কস)" বলিতে বিদ্যুৎ সরবরাহ লাইন এবং বিদ্যুৎ সরবরাহের জন্য বা অংশ-২ এর আওতায় মঞ্জুরকৃত অনুমতি পত্রের উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যে কোন ইমারত, মেশিনারী, বা যন্ত্রপাতি বুঝাইবে।

**উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ**

(১) Distinction and meaning of words "cancel" and "discontinue" The word "discontinue" means interruption of continuance, cessation or intermission, it does not mean putting an end to something which but for the action in question would have gone on. The latter action amounts to cancellation. This is the distinction between the two words "cancel" and "discontinue" used in sub-section (3) of section 28 of the Etectricity Act, 1910 (PLD 1968 Dhaka 773 (DB).

## অংশ-২ (PART 11)

## বিদ্যুৎ সরবরাহ (SUPPLY OF ENERGY)

## অনুমতিপত্র (Licenses)

**৩। অনুমতিপত্র (লাইসেন্স) মঞ্জুরীকরণ ঃ** (Grant of license.) (১) সরকার ইচ্ছা করিলে নির্ধারিত ফর্মে এবং নির্ধারিত ফি (যদি থাকে) প্রদান পূর্বক দরখাস্ত পেশ করিলে যে কোন ব্যক্তিকে যে কোন নির্দিষ্ট এলাকায় বিদ্যুৎ সরবরাহের জন্য এবং বিদ্যুৎ পরিবহন বা পরিচালনের

জন্য বিদ্যুৎ সরবরাহ লাইন নির্দেশ করা বা স্থাপনের জন্য অনুমতিপত্র মঞ্জুর করিতে পারেন ঃ

(এ) যেক্ষেত্রে একটি জেনারেটিং স্টেশন এবং তার আওতাভুক্ত এলাকার বাহিরে বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ করা হইবে ;

(বি) যেক্ষেত্রে বিদ্যুৎ পরিবহন বা পরিচালন করা হইবে এই ধরনের এলাকা হইতে এমন অন্য স্থানে যা ঐখানে পরস্পরকে ছেদ করে, এমন ধরনের স্থানে।

(২) এই ধরনের প্রতিটি অনুমতি পত্রের ক্ষেত্রে এবং তা মঞ্জুরের ক্ষেত্রে নিম্নবিধ শর্তসমূহ কার্যকর হইবে, যথা—

(এ) এই অংশের আওতায় অনুমতিপত্রের আবেদনকারী প্রত্যেকে নির্ধারিত পদ্ধতিতে তাহার আবেদন বিজ্ঞপ্তি প্রচার করিবেন। এবং অনুমতিপত্র মঞ্জুর করা হইবে না।

(i) উক্ত সূত্রে সরকার কর্তৃক প্রাপ্ত সকল আপত্তি তদকর্তৃক বিবেচিত না হওয়া পর্যন্ত ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত রূপ বিজ্ঞপ্তি প্রথম প্রকাশের তিন মাসের মধ্যে যদি আপত্তি পাওয়া না যায় তবে উহা বিবেচিত হইবে না ; এবং

(ii) অনুমতি পত্রের আবেদনের এলাকা সামগ্রীক বা আংশিকভাবে কোন ক্যান্টনমেন্ট, দুর্গ, অস্ত্রাগার, ডকইয়ার্ড বা ক্যাম্প বা নৌ অথবা সেনা প্রয়োজনে অন্তর্ভূক্ত অঞ্চল যতক্ষণ জেনারেল হেড কোয়ার্টার্স, বাংলাদেশ এর প্রধান প্রকৌশলীর পক্ষে সরকার অনাপত্তি নিশ্চিত না করিবে।

(বি) কোন স্থানীয় কর্তৃপক্ষের তরফ হইতে কোন আপত্তি পাওয়া গেলে সরকার যদি আপত্তিকে তার মতে অপ্রতুল মনে করেন তবে তা লিখিতভাবে রেকর্ড করিবেন এবং এইরূপ মতামতের কারণ ঐ স্থানীয় কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

(সি) কোন স্থানীয় কর্তৃপক্ষ এই অংশের আওতায় অনুমতিপত্রের আবেদন করিতে পারবে না যদি না ঐ স্থানীয় কর্তৃপক্ষের মিটিং এ রেজুলিউশন গৃহীত হয়, সেক্ষেত্রে এ বিষয়ে মিটিং এক মাসের পূর্ব নোটিশে হইতে হইবে এবং যেভাবে ঐ কর্তৃপক্ষের মিটিংগুলির নোটিশ সাধারণতঃ প্রদান করা হয় তদানুরূপভাবে এতদার্থে এই মিটিং আহ্বান করা হইতে হইবে।



(ডি) এই অংশের আওতায় একটি অনুমতি পত্র (লাইসেন্স) এমন ধরণের সীমা নির্ধারণ করিতে পারিবে যার অধিক্ষেত্রে এবং শর্তের আওতায় বিদ্যুৎ সরবরাহ বাধ্যতামূলক বা অনুমোদিত হইবে, এবং বিদ্যুৎ সরবরাহের মূল্য নির্ধারণের সীমা নির্ধারিত থাকিবে, এবং সাধারণতঃ এই ধরনের ক্ষেত্রে সরকার যাহা প্রয়োজনীয় বলিয়া মনে করে ; এবং

(ii) সেকশন ১০ এর ক্লজ (বি) এর আওতায় সেকশন ৫ ও ৭ এর অথবা উভয়ের শর্তাবলী প্রয়োগ ব্যতিত উহাদের প্রয়োগ বন্ধ ঘোষণা করা হইয়াছে, এই ধরনের প্রতিটি অনুমতিপত্রে ঘোষণা করিতে হইবে যে, যে কোন উৎপাদনকারী স্টেশন ব্যবহার সেকশন ৫ ও ৭ এর আওতায় ক্রয় ক্ষেত্রে চুক্তির আওতায় হইবে বা হইবে না।

(ই) এই অংশের আওতায় অনুমতিপত্র (লাইসেন্স) মঞ্জুর কোন ক্ষেত্রেই একই এলাকায় অনুরূপ প্রয়োজনে বিদ্যুৎ সরবরাহের অনুমতিপত্র মঞ্জুরে বাধা হইবে না বা সীমাবদ্ধ করিবে না।

(এফ) সিড্যুলে উল্লেখিত শর্ত সমূহ নিগমবদ্ধ বলিয়া ধরা হইবে, এবং এই অংশের আওতায় প্রতিটি অনুমতি পত্র মঞ্জুরীতে অংশভূক্ত হইবে যদি না তা নির্দ্দিষ্টভাবে অনুমতিপত্র দ্বারা সংযুক্ত, পরিবর্তন বা গৃহিত হয় এবং তা এই ধরনের যে কোন সংযুক্তি বা ব্যতিক্রম যা সরকার করিতে এতদ্বারা ক্ষমতাপ্রাপ্ত, অনুমতি পত্র দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হওয়া সত্বেও তা কার্য্যকর হইবে।

তবে শর্ত থাকে যে, সিড্যুলের ক্লজ 1X এর শর্তাধীনে অন্য অনুমতিপত্রের অধিকারীকে বিতরণের জন্য সরবরাহের অনুমতিপত্র মঞ্জুর করা হইলে, যতটা ঐ অনুমতিপত্র অনুরূপ সরবরাহের সঙ্গে সম্পর্কযুক্ত ততটা সিড্যুলের ক্লজ 1V. V, V1, V11, V111, এবং X11 এর শর্তাবলী অনুমতিপত্রে নিগমবদ্ধ বলিয়া ধরা হইবে না।

### উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

(১) "Anything required of him by or under this Act" condition V1 of schedule performance of condition V1 of the schedule incorporated in the license by S. 3 (2) (1) is required "by or under the Act," performance of the scheduled conditions may not on a strict reading be required "under" the Act (AIR PC 136. 761A 57, ILR 1949 Bom 274, 4 DLR 172)

৪। (১) অনুমতিপত্র বাতিলকরণ বা পরিবর্তন **(Revocation or amendment of licenses)** ঃ জনস্বার্থে প্রয়োজনীয় মনে করিলে সরকার নিম্নবিধ যে কোন ক্ষেত্রে অনুমতি পত্র বাতিল করিতে পারেন। যথা—

(এ) সরকারের মতে যেক্ষেত্রে অনুমতি পত্রের অধিকারী (লাইসেন্সী) ইচ্ছাকৃতভাবে এবং অকারণে তাহার নিজের বা এই আইনের আওতায় যাহা করণীয় ছিল তাহা পরিপালনে দীর্ঘকাল খেলাপী ;

(বি) যেক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারী তাহার অনুমতি পত্রের কোন সীমা বা শর্ত ভঙ্গ করেণ যদ্বারা অনুমতি পত্র বাতিলের কথা উক্ত অনুমতি পত্রে সুনির্দিষ্টভাবে ঘোষিত আছে ;

(সি) যেক্ষেত্রে অনুমতি পত্রের অধিকারী এতদ্বার্থে তাহার অনুমতিপত্র দ্বারা নির্ধারিত সময়ে বা অন্য কোন পূর্তকাজ দীর্ঘ সময় বাস্তবায়নে ব্যর্থ হন যা সরকার কর্তৃক সাব সেকশন (সি) ক্লজ (বি) এর আওতায় প্রতিস্থাপিত, এবং তাহার উপর আরোপিত ক্ষমতা ব্যবহারের পূর্বে ;

(i) সরকারেরর পূর্ণ সন্তোষে দেখাইতে হইবে যে সম্পূর্ণভাবে এবং যোগ্যতার সাথে তাহার অনুমতি পত্রের মাধ্যমে তাহার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য পতিপালনে তিনি সক্ষম, অথবা

(ii) তাহার অনুমতি পত্রের মাধ্যমে প্রয়োজনীয় জামিন জমা দিতে বা যোগাইতে তিনি সক্ষম ;

(ডি) যেক্ষেত্রে সরকারের দৃষ্টিতে অনুমতি পত্রের অধিকারী (লাইসেন্সী) অস্বচ্ছলতার কারণে অনুমতি পত্রের মাধ্যমে তাহার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সম্পূর্ণভাবে ও যোগ্যতার সাথে প্রতিপালনে সক্ষম নহেন ;

(ই) যেক্ষেত্রে সরকারের দৃষ্টিতে অনুমতি পত্রের অধিকারী (লাইসেন্সী) যে কোন সরবরাহ এলাকার গ্রাহকদের চাহিদা মত স্থায়ী বিদ্যুৎ সরবরাহে সক্ষম নহেন ;

(২) যেক্ষেত্রে সরকার সাব সেকশন (১) এর আওতায় অনুমতি পত্র বাতিল করিতে পারেন, সেইক্ষেত্রে অনুমতিপত্র বাতিল না করিয়া তাহার উপর অনধিক দশ হাজার টাকা জরিমানা আরোপ করিতে পারেন, এবং যেইরূপ আরোপ আবশ্যক বলিয়া মনে করেন তদানুরূপ অতিরিক্ত শর্তাদি আরোপ করিয়া অনুমতি পত্র কার্যকর রাখিতে পারেন, এবং



আরোপিত অতিরিক্ত শর্তাদি প্রতিপালন হইবে তাহার জন্য বাধ্যতামূলক ও প্রতিপালনীয়, এবং ইহাদের শক্তি ও ক্ষমতা অনুমতি পত্র ভুক্ত শক্তি ও ক্ষমতার অনুরূপ হইবে।

(৩) সরকারের দৃষ্টিতে জনস্বার্থে প্রয়োজন বলিয়া প্রতীয়মান হইলে সরকার আবেদন পাইয়া বা অনুমতি প্রাপ্ত ব্যক্তির সম্মতিক্রমে এবং যদি অনুমতি পত্রের অধিকারী স্থানীয় কর্তৃপক্ষ না হয় তবে সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের (যদি থাকে) সঙ্গে আলোচনা করিয়া-

(এ) যেরূপ শর্তাদি (terms & conditions) সঠিক বলিয়া মনে হয় তদ্দারা সম্পূর্ণ অথবা আংশিক সরবরাহ এলাকার অনুমতি বাতিল করিতে পারেন বা

(বি) যেরূপ সঠিক বলিয়া মনে করে তদানুরূপভাবে সেকশন ৩, সাব সেকশন (২), ক্লজ (f) এর শর্তে উল্লেখিত শর্তসহ অনুমতিপত্রের শর্তাদি (terms & conditions) পরিবর্তন বা পরিবর্ধন করিতে পরবেন।

## উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

(১) Opinion of provincial Government is absolute and unqualified. The proper construction of S-4 (i) (a) is that the opinion of the provincial Government both in Sub-section (1) and (a) is absolute and unqualified and a court of law cannot inquire into the grounds or reasons which promoted the said authority to arrive at that opinion. The act of the Government is an executive set and not a judicial act, and the Government has been made under this section the sole judge in the absense of a pleading to the effect that there was either malice or collateral purpose the words "opinion of the provincial Government" qualify not only the words "Public interest" but also this words "wilful and unreasonably prolonged default in doing anything" the words qualify and control the whole sub section. under

section 4(1) (a), the only condition precedent is that the provincial Government should come to a certain opinion with regard of the matters enumerated in the sub-section. If the Government from the opinion honest'y and for purpose specified in the Act then the law precluder court from substituting it's own opinion for that of the Government or from inquiring into the validity of the grounds on which opinion was formed (AIR 1947 Bom. 276. 43 Bom. LR 92. IRL 1647 Bom. 446 (FB) upheled by privy council in AIR 1942 PC 136).

Provincial Government must act in a judicial and fair manner. In the full Branch case of Hubli Electricity Co. Stone. CJ. made the following observations :

The provincial Government must act in a Judicial and fair manner Section 4 (1) (a) of Act postulates a condition precedent, viz. the existence of an obligation on the licensee to do something "by or under the Act" to the formation of an opinion by the licensing authority that the licensee has made a wilful and unreasonably prolonged default of the obligation in question. In arriving at factual decision not only must the provincial Government act in a Judicial manner, but the manner of its acting is open to investigation by the court. The prolonged default mantion in section 4 (1) (a) must be continuing default and not one which has ceased.

Government's opinion in what matters are conclusive and when not conclusive-privy council's view. There is nothing in the language of S.4 (1) (a) of the Electricity Act or in the Subject-matter to which it relates upon which to found the suggestion that the opinion of the Government is to be subject to objective tests. interms, the relevant matter is the



opinion of the Government and not the grounds on which the opinion is based. The language leaves no room the relevance of a judicial examination as to the efficiency of the grounds on which the Government acted is forming an opinion.

Further the question on which the opinion of the Government is relevant is not whether a default has been wilful and unreasonably prolonged but whether there has been a wilful and unreasonably prolonged default. Upon that point the opinion is the determining matter and if it is not for good cause displaced as a relevant opinion it is conclusive. But there the area of opinion ends.

(২) The question what obligations are inposed on licensees by or under the Act is a question of law. The view of the Government on law is not decisive (AIR 1949 PC 136. 76 IA, ILR 1949 Bom. 274, 4 DLR 172.)

**৫। স্থানীয় কর্তৃপক্ষ অনুমতিপত্রের অধিকারী না হইলে তাহার অনুমতি পত্রের শর্ত সমূহ বাতিল হওয়া** (Provisions where license of licensee, not being a local authority, is revoked.) ঃ যেক্ষেত্রে অনুমতি প্রাপ্ত ব্যক্তি স্থানীয় কর্তৃপক্ষ না হওয়ায় সরকার সেকশন ৪, সাব সেকশন (১) এর আওতায় অনুমতিপত্র বাতিল করেন, সেক্ষেত্রে নিম্নবিধ শর্ত সমূহ কার্য্যকর হইবে, যথা—

(এ) সরকার অনুমতিপত্রের অধিকারীর উপর বাতিল সংক্রান্ত নোটিশ প্রেরণ করিবেন, এবং সেক্ষেত্রে সরবরাহের সামগ্রিক এলাকার জন্য একটি স্থানীয় কর্তৃপক্ষ গঠন করেন, ঐ স্থানীয় কর্তৃপক্ষের উপরও কোন তারিখ হইতে বাতিল কার্যকরী হইবে তাহাও নোটিশে উল্লেখ করিবেন; এবং ঐ তারিখ হইতে এই আইন অনুযায়ী অনুমতি পত্রের অধিকারীর (Licensee) সকল ক্ষমতা ও দায়িত্ব সম্পূর্ণভাবে শেষ ও নির্ধারিত হইবে।

(বি) যেক্ষেত্রে একটি স্থানীয় কর্তৃপক্ষের উপর ক্লজ (এ) এর আওতায় নোটিশ জারী করা হইয়াছে, সেই ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষ অনুমতিপত্রের অধিকারীকে লিখিত নোটিশের মাধ্যমে বিক্রয়ের জন্য বলিতে পারেন, অতঃপর অনুমতিপত্রের অধিকারী বিক্রয় করিবেন এবং অনুমোদন পত্রের অধিকারী কর্তৃক অতঃপর দায়িত্ব প্রতিপালনার্থে ঘোষিত জেনারেটিং স্টেশন ব্যতিরেকে সমস্ত ভূমি, ইমারত, পূর্ত কর্মাদি, উপকরণ সমূহ এবং অনুমতি পত্রের অধিকারীর সুবিধাজনক প্ল্যান্ট এবং যা তিনি দায়িত্ব প্রতিপালনার্থে ব্যবহার করিতেন সব মূল্যের বিনিময়ে দায়িত্ব হস্তান্তর করিবেন, উক্ত মূল্য লইয়া কোন মত পার্থক্য বা বিবাদ সৃষ্টি হইলে সালিশির মাধ্যমে তাহা নিষ্পত্তি হইবে।

শর্ত থাকে যে, অনুরূপ ভূমি, ইমারত, পূর্ত কর্মাদি, উপকরণ সমূহ এবং প্ল্যান্টের মূল্য ক্রয়ের সময়ে উহাদের ন্যায্য মূল্য বলিয়া বিবেচিত হইতে হইবে। এতদার্থে উক্ত ভূমি, ইমারত, পূর্ত কর্মাদি, উপকরণ সমূহ এবং প্ল্যান্টের ঐ সময়ের ধরণ ও অবস্থা এবং ঐগুলির যে ধরনের সংস্কার হইয়াছে এবং তাৎক্ষনিক কার্যকারিতার দিক হইতে ঐগুলি যেরূপ অবস্থায় রহিয়াছে এবং দায়িত্ব প্রতিপালনের জন্য যথাযোগ্যতার উপর গুরুত্ব দিতে হইবে। কিন্তু বাধ্যতামূলক ক্রয়ের বিষয় বা সুনাম বা উহা হইতে যে কোন লাভ করা যাইতে পারে বা যাইত অনুরূপ অন্য কোন বিবেচনায় কোন কিছু যোগ করা যাইবে না।

আরও শর্ত থাকে যে, যেক্ষেত্রে কেইস সালিশিতে প্রেরিত হইয়াছে সেইক্ষেত্রে সালিশিতে ধার্যকৃত চূড়ান্ত মূল্যের সঙ্গে সমন্বয় সাপেক্ষে স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক নিরপেক্ষভাবে প্রাক্কলিত মূল্যের শতকরা পঁচাত্তর ভাগ অগ্রীম প্রদান করিবে।

আরও শর্ত থাকে যে, অনুরূপ অর্থ প্রদানের পূর্বে অনুমতি পত্রের অধিকারীকে যথার্থ শুনানী প্রদানের মাধ্যমে স্থানীয় কর্তৃপক্ষ উক্ত অনুমতি পত্রের অধিকারীকে দেয় অর্থ হইতে সরকারের দেনা পাওনা কর্তন করিয়া রাখিতে পারিবে।

(সি) জনস্বার্থে যদি প্রয়োজনীয় মনে করে তবে সেকশন ৪ এর আওতায় সরকার জরুরী ভিত্তিতে অনুমতিপ্রাপ্ত ব্যক্তির অনুমতিপত্র বাতিল করিয়া স্বত্ব ক্রয় করিবার সিদ্ধান্ত লইতে পারে এবং সেক্ষেত্রে অনুমতি পত্রের অধিকারী সরকারের নিকট স্বত্ব বিক্রয় করিবে।



(ডি) সরকার স্বত্ব ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করিলে ক্লজ (বি)-এর আওতায় বিক্রয়ের শর্তাদি স্থগিত রাখিয়া স্বত্ব গ্রহণ করিতে পারিবে এবং সরকার কর্তৃক ধার্যকৃত দিন ও ক্ষণে অনুমতিপত্রের অধিকারী স্বত্ব হস্তান্তর করিবে।

(ই) যেক্ষেত্রে উপরোক্ত যে কোন ক্লজের আওতায় বিক্রয় কার্যকর হয় সেক্ষেত্রে—

(i) অনুমতিপত্রের অধিকারীর যে কোন মর্টগেজ বা অনুরূপ ঋণ, দায়িত্ব অথবা ক্রোকমুক্ত অবস্থায় ক্রেতার উপর স্বত্ব বর্তাইবে; তবে শর্ত থাকে যে, স্বত্বের প্রদত্ত ক্রয় মূল্যের প্রতিস্থাপনের সঙ্গে অনুরূপ ঋণ, মর্টগেজ বা এইরূপ দায় সংযুক্ত হইবে; এবং

(ii) অনুমতিপত্র বাতিলকরণ শুধুমাত্র যে অনুমতি পত্রের অধিকারীর নিকট হইতে স্বত্ব ক্রীত হইল তাহার অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, কর্তব্য এবং বাধ্যবাধকতা বাতিল পর্যন্তই শুধুমাত্র সীমিত হইবে, এবং উপরের বর্ণনা ছাড়া অনুমতিপত্র পূর্ণ কার্যকর থাকিবে, এবং ক্রেতা অনুমতি পত্রের অধিকারী হিসাবে বিবেচিত হইবেন। তবে শর্ত থাকে যে, সরকার ক্লজ (ডি)-এর আওতায় ক্রয় করিয়া থাকিলে সরকারের সঙ্গে যতটুকু সম্পর্কিত, অনুমতিপত্রের কার্যকারিতা ততটুকু বন্ধ থাকিবে;

(এফ) যেক্ষেত্রে উপরোক্ত যে কোন একটি ক্লজের আওতায় ক্রয় সম্পূর্ণ হয়, অনুমতি পত্রের অধিকারী তাহার স্বত্বের মালিকানাভুক্ত ভূমি, ইমারত, পূর্তকর্মাদি, উপকরণাদি এবং প্ল্যান্ট যেভাবে তিনি যথাযথ মনে করেন সেইভাবে হস্তান্তরের সুযোগের অধিকারী হইবেন, তবে শর্ত থাকে যে, অনুমতি পত্রের অধিকারী অনুরূপ সুযোগ কাজে লাগাইবার সুযোগের ছয় মাসের মধ্যে যদি তা না করেন, তবে সরকার কোন রাস্তার মধ্যে, নীচে, উপরে ধারে বা আড়াআড়িভাবে অবস্থিত পূর্তাদি তৎক্ষণাৎ অপসারণ করিতে পারিবে এবং অনুরূপ সকল রাস্তা পূর্ণবহাল করিতে পারিবে এবং অনুরূপ অপসারণ ও পূর্ণবহালের ব্যয়ভার অনুমতি পত্রের অধিকারীর নিকট হইতে আদায় করিতে পারিবে।

(জি) যদি অনুমতিপত্রের অধিকারীকে স্বত্ব বিক্রয় করিতে হয়, এবং যদি ক্লজ (এ) এর আওতায় জারীকৃত নোটিশে ধার্য্যকৃত তারিখের মধ্যে বিক্রয় সম্পন্ন হয় তবে সরকারের পূর্বানুমোদন সাপেক্ষে ক্রেতা বিক্রয় সম্পাদন সম্পন্ন না হইলেও কাজ করিতে পারিবেন।

### উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

(১) Electricity Act, 1910. s. 28 read with s. 5. Absence of provision in the Electricity Act, 1910 expressly authorising the Government to hand over electrical undertaking to a statutory body, cannot be called in aid for contending there is a bar to do so (PLD 1968 Dhaka 773 (DB.)

**৬। স্থানীয় কর্তৃপক্ষের অনুমতিপত্র বাতিল করার ক্ষেত্রে শর্তসমূহ (Provisions where license of local authority is revoked)**—(১) যেক্ষেত্রে সরকার স্থানীয় কর্তৃপক্ষের অনুমতিপত্র সেকশন ৪ এর সাব-সেকশন (১) এর আওতায় বাতিল করেন, এবং যে কোন ব্যক্তি স্বত্ব ক্রয় করিতে চাহিলে তাহা যথাযথ বিবেচনা করিয়া সরকার স্থানীয় কর্তৃপক্ষকে বিক্রয় করিতে বলিতে পারেন এবং অতঃপর সরকারের নিকট যথার্থ বিবেচিত শর্তে উক্ত ব্যক্তির নিকট স্থানীয় কর্তৃপক্ষ স্বত্ব বিক্রয় করিবে।

(২) যেক্ষেত্রে সাব সেকশন (১) এর আওতায় কোন ক্রয় কার্যকর হয় নাই সেই ক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারী স্বত্বভুক্ত সকল ভূমি ইমারত, পূর্ত কর্মাদি, উপকরণাদি এবং প্ল্যান্ট তিনি যেরূপভাবে উপযুক্ত মনে করিবেন তদনুরূপভাবে বিক্রয় করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারী অনুরূপ সুযোগ কার্যকর করিবার সুবিধার তারিখ হইতে ছয় মাসের মধ্যে তা কার্যকর না করেন, সেইক্ষেত্রে সরকার তৎক্ষণাৎ রাস্তার ভিতরে; নীচে উপরে ধারে বা আড়াআড়িভাবে অবস্থিত অনুমতিপত্রের অধিকারীর পূর্তকর্মাদি অপসারণ করিতে পারিবেন এবং এইরূপ সকল রাস্তাই পুনঃস্থাপন করিতে হইবে এবং অনুরূপ অপসারণ এবং পুনঃস্থাপনের ব্যয়ভার অনুমতিপত্রের অধিকারীর (Licensee) নিকট হইতে আদায় করিবেন।

**৭। স্বত্বক্রয় (Purchase of undertaking)**— (১) অন্য ব্যক্তির নামে যেক্ষেত্রে অনুমতিপত্র মঞ্জুর করা হইয়াছে, এবং সমস্ত সরবরাহ এলাকা এমন এলাকার অন্তর্ভুক্ত যেখানে একটি একক স্থানীয় কর্তৃপক্ষ গঠিত, সেক্ষেত্রে কর্তৃপক্ষ এতদার্থে অনুমতিপত্রের নির্দিষ্ট ঐরূপ কাল; যাহা পঞ্চাশ বৎসরের উর্ধে নহে এবং পরবর্তী সকল ঐরূপকাল, যাহা বিশ বৎসরের উর্ধে



নহে, উহা অতিক্রান্তের পর স্থানীয় কর্তৃপক্ষের উহা স্বত্ব ক্রয়ের স্বেচ্ছাসুযোগ থাকিবে এবং যদি স্থানীয় কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদন মাধ্যমে ক্রয় করিতে সিদ্ধান্ত গ্রহণ করে তবে অনুমোদন পত্রের অধিকারীর সকল ভূমি, ইমারত, পূর্তকর্মাদি, উপকরণাদি এবং প্লান্ট যা উপযোগী এবং তদকর্তৃক স্বত্বের প্রয়োজনে ব্যবহৃত হইত এতদ সকলাদি মূল্যের বিনিময়ে ক্রয় করিতে পারিবেন। অনুমতি পত্রের অধিকারী যদি জেনারেটিং স্টেশনকে ক্রয়ের জন্য স্বত্বভুক্ত নয় বলিয়া ঘোষণা করেন তবে তাহা বাদ যাইবে। মূল্য লইয়া কোনরূপ মতদ্বৈততা বা বিরোধের ক্ষেত্রে উহা সালিশীর মাধ্যমে নির্ধারিত হইবে।

তবে শর্ত থাকে যে, ক্রয়ের সকল অনুরূপ ভূমি, ইমারত, পূর্তাদি উপকরণাদি এবং প্ল্যান্টের ন্যায্য মূল্য নির্ধারিত হইতে হইবে। ভূমি, ইমারত, পূর্তাদি উপকরণাদি এবং প্ল্যান্টের সাময়িক প্রকৃতি ও অবস্থা এবং উহাদের মেরামতের ধরণ, কাজের উপযুক্ততার বিষয়ক পারিপার্শিক অবস্থা, এবং উহাদের স্বত্বের জন্য উপযুক্ততার উপর যথাযথ গুরুত্ব প্রদান পূর্বক মূল্য নির্ধারিত হইবে।

আরও শর্ত থাকে যে, আবশ্যিক ক্রয়ের ক্ষেত্রে, উপরোক্ত মূল্যের সঙ্গে অনুমতিপত্রে নির্ধারিত উক্ত মূল্যের অনধিক বিশ শতাংশ সংযুক্ত হইবে।

(২) যেক্ষেত্রে—

(এ) স্থানীয় কর্তৃপক্ষ সাব সেকশন (১) এর আওতায় ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ না করেন, বা

(বি) সমগ্র সরবরাহ এলাকা একটি একক স্থানীয় কর্তৃপক্ষের এলাকাভুক্ত নহে, বা

(সি) একজন অনুমতিপ্রাপ্ত ব্যক্তি একই জেনারেটিং স্টেশন হইতে দুই বা ততোধিক সরবরাহ এলাকায় বিদ্যুৎ সরবরাহ করেন যার প্রত্যেকটি পৃথক স্থানীয় কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন, এবং প্রত্যেকটি সরবরাহ এলাকার ভিত্তিতে অনুমতিপত্র মঞ্জুর করা হইয়াছে, সেই ক্ষেত্রে সদৃশশর্ত ও অবস্থা বিষয়ে পছন্দ করিবার ক্ষমতা সরকারের থাকিবে।

(৩) যেক্ষেত্রে সাব সেকশন (১) বা (২) এর আওতায় বিক্রয় কার্যকর হইয়াছে—

(এ) অনুমতি প্রাপ্ত ব্যক্তির স্বত্বের সঙ্গে সম্পৃক্ত ঋণ, মর্টগেজ বা সমরূপ বাধ্যবাধকতা বা ক্রোকী হইতে মুক্ত অবস্থায় স্বত্ব ক্রেতার উপর বর্তাইবে। তবে শর্ত থাকে যে, এইরূপ সকল ঋণ, মর্টগেজ, অথবা সমরূপ বাধ্যবাধকতা স্বত্বের প্রতিস্থাপনে ক্রয়মূল্যের সঙ্গে সংযুক্ত হইবে ;

(বি) উপরোক্ত অবস্থা ব্যতিরেকে, অনুমতিপত্র পূর্ণ ক্ষমতায় কার্যকর থাকিবে এবং ক্রেতা অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তি হিসাবে বিবেচিত হইবে ;

শর্ত থাকে যে, যেক্ষেত্রে সরকার সাব সেকশন (২) এর আওতায় ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করেন সেক্ষেত্রে অনুমতি পত্র ক্রয়ের পর যতটা সরকারের ক্ষেত্রে প্রযোজ্য হয় ততটার জন্য আর কোন প্রয়োগ থাকিবে না।

(৪) স্থানীয় কর্তৃপক্ষ বা সরকার, কেইস যেইরূপ হইবে, যদি এই সেকশনের আওতায় ক্রয় করিতে চাহেন তবে অনুমতি পত্রের অধিকারীকে অন্ততঃ দুই বৎসর পূর্বে এই বিষয়ে তাঁহার উপর লিখিত নোটিশ জারী করিতে হইবে।

(৫) ইতিপূর্বে এখানে যাহাই অন্তর্ভূক্ত হউক না কেন, সরকারের পূর্বানুমতিসহ স্থানীয় কর্তৃপক্ষ তাহার ক্রয়ের সিদ্ধান্ত বাতিল করিতে পারিবেন এবং সাবসেকশন (১) এ বিধৃত পরবর্তী নির্দিষ্ট সময় অতিবাহিত না হওয়া পর্যন্ত অনুমতিপত্রের অধিকারীর সঙ্গে কাজ পরিচালনার জন্য তাহার সঙ্গে চুক্তিতে আসিতে পারিবেন এমন শর্তাদিতে যাহা চুক্তিতে লিখিত থাকিবে।

**৮। অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তির সম্পত্তি ব্যতিরেকে ক্রয় এবং অনুমতিপত্র বাতিল করার ক্ষেত্রে শর্তসমূহ** (Provisions where no purchase and license revoked with consent of licensee)— যেক্ষেত্রে সেকশন ৭ এর সাবসেকশন (১) এ উল্লেখিত সময়সীমা উত্তীর্ণ হইয়া গেলেও স্থানীয় কর্তৃপক্ষ বা সরকার কেহই স্বত্বক্রয় করে না এবং অনুমতিপত্রের অধিকারীর আবেদন বা সম্মতির ভিত্তিতে অনুমতিপত্র বাতিল হইয়া থাকিলে অনুমতিপত্রের অধিকারী যেইরূপ উপযুক্ত মনে করিবেন তদানুরূপভাবে স্বত্বের মালিকানাধীন সকল ভূমি, ইমারত, পূর্তকর্ম, উপকরণ এবং প্ল্যান্ট বিক্রয়ের সুবিধা পাইবে।

তবে শর্ত থাকে যে, অনুমতিপত্রের অধিকারী তাহার এই সুবিধা ছয় মাসের মধ্যে কাজে না লাগাইলে সরকার সেকশন ৫-এর ক্লজ (এফ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অগ্রসর হইতে পারিবেন।



**৯। অনুমতিপত্রের অধিকারীর অন্য অনুমতিপত্রের অধিকারীর স্বত্ত্ব ক্রয় বা সংযুক্তি বা তাহার স্বত্ত্ব হস্তান্তর করিতে না পারা** (Licensee not to purchase, or associate himself with other licensed undertakings or transfer his undertakings.)— (১) সরকারের লিখিত পূর্ব সম্মতি ব্যতিরেকে অনুমতিপত্রের অধিকারী ক্রয় বা অন্যভাবে অন্য অনুমতিপত্র বা স্বত্ব নিজে সংগ্রহ করিতে পারিবেন না বা যে কোন ব্যক্তি যিনি অন্য অনুমতিপত্রের ভিত্তিতে বিদ্যুৎ সরবরাহ করিতেছেন বা করিতে চাহেন তাহার সঙ্গে বিদ্যুৎ সরবরাহ বিষয়ক ব্যবস্থায় সম্পৃক্ত হইতে পারিবেন না। এবং এই ধরনের সম্পত্তির জন্য আবেদনের অন্যূন একমাস পূর্বে অনুমতিপত্রের অধিকারী তাহার সরবরাহ এলাকা এবং অন্য এলাকা বা জেলা যেখানে অন্য ব্যক্তি বিদ্যুৎ সরবরাহ করিতেছেন বা করিতে চাহেন এই উভয়রূপ সকল স্থানীয় কর্তৃপক্ষকে আবেদনের বিষয়ে নোটিশ প্রদান করিবেন। তবে শর্ত থাকে যে, এই সব সেকশনের কোন কিছুই একজন অনুমতিপত্রের অধিকারীকে অন্যকে সিড্যুলের ক্লজ IX এর শর্ত অনুযায়ী বিদ্যুৎ সরবরাহের জন্য সরকারের সম্পত্তি সংগ্রহে বাধা হইবে না।

(২) সরকারের লিখিত পূর্বসম্মতি ছাড়া অনুমতিপত্রের অধিকারী কখনই তাহার অনুমতিপত্র বিক্রয় করিবে বা তাহার স্বত্ব বা স্বত্বের অংশবিশেষ বিক্রয়, মর্টগেজ, লীজ, বিনিময় বা অন্যবিধভাবে হস্তান্তর করিবে না।

(৩) সাবসেকশন (১) বা সাবসেকশন (২) এ বর্ণিত ধরণের কার্য সম্পাদনার্থে বা উপরোক্ত ধরণের সম্পত্তি বিষয়ে কোন চুক্তি কার্য্যকর না হইলে বাতিল হইবে।

### উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

(১) Meaning of word "Charge" A "Charge" is transfer with in the meaning of section 9 (2) of Electricity Act (AIR 1941 All 345. 196. Ic 425 (FB).

(২) Privy councils view about applicability and scope of section 9 (2) and (3) certain mortgage debentures issued by an electricity distributing company were secured by a debenture trust deed by which the company mortgaged to the trusteer its

specific assets including its licensee for distribution and supply of electricity and created a floating charge on all its assets. No consent was taken of the provincial Government before the issue of the debentures as is required by S. 9. Electricity Act it was contended that although the specific mortgage of the licence created by the trust deed was void under s. 9 the floating charge didnot come within the prohibition of the section and was therefore, valid. The privy council held that the charge was a transfer within s. 9 (2) of the Act and was, therefore, vold. (AIR 1950 pc 85 77 IA 137, ILR 1950).

**১০। ক্রয়ের শর্ত পরিবর্তন বিষয়ে সরকারের সাধারণ ক্ষমতা** (General power for Government to very terms of purchase.)—

সেকশন ৫, ৭ এবং ৮ বর্ণিত বিষয়াদি ছাড়া অন্যবিধ বিষয়ে এই আইনের অধীনে যে কোন অনুমতিপত্র মঞ্জুরির ক্ষেত্রে সরকার—

(এ) অনুমতিপত্রের অধিকারীর স্বীয় স্বত্ব বিক্রয় করিতে বাধ্য হওয়া এবং উহার সময় সীমা অতিক্রান্ত বিষয়ক শর্তাদি পরিবর্তন করিতে পারিবেন। অথবা—

(বি) নির্দেশ দিতে পারেন যে, এইরূপ অবস্থা এবং নিরোধের (যদি কিছু থাকে), যা তিনি আরোপ করিবার উপযুক্ত মনে করেন, অধিনে বর্ণিত সেকশন সমূহের শর্তসমূহ অথবা উহাদের যে কোন একটি কার্যকর হইবে না।

**১১। অনুমতিপত্রের বার্ষিক হিসাব** (Annual accounts of licensee.)— ১) অনুমতিপত্র বা সরকারের লিখিত আদেশ দ্বারা সুস্পষ্টভাবে অব্যাহতি প্রদান করা না হইলে প্রত্যেক অনুমতিপত্রের অধিকারী এতদবিষয়ে নির্ধারিত তারিখ পর্যন্ত সময়কালের সরকার নির্ধারিত ফর্মে এবং নির্ধারিত বিষয় সমৃদ্ধ বার্ষিক হিসাবের বিবৃতি প্রস্তুত করিবেন এবং তাহা সরকার অথবা এতদ্বিষয়ে সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট প্রত্যেক বৎসর নির্ধারিত তারিখে বা তদপূর্বে অর্পন করিবেন।



২) অনুমতিপত্রের অধিকারী এই বার্ষিক বিবৃতির কপি তাহার অফিসে সংরক্ষণ করিবেন এবং অনধিক প্রতি কপি একশত টাকা মূল্যে যেকোন আবেদনকারীর নিকট তাহা বিক্রয় করিবেন।

## পূর্তকর্মাদি (Works)

**১২। রাস্তা রেলওয়ে এবং ট্রামওয়ে সমূহ উন্মুক্তকরণ ও ভাঙ্গা বিষয়ে শর্তসমূহ** (Provisions as to the opening and breaking up of streets, railways and tramways.)—
১) সময়ে সময়ে কিন্তু সর্বক্ষণই অনুমতিপত্রের শর্তাদির ভিত্তিতে যেকোন অনুমতিপত্রের অধিকারী সরবরাহ এলাকার মধ্যে অথবা তিনি তাহার অনুমতিপত্রের শর্তাদি দ্বারা সরবরাহ এলাকা ব্যতিত বিদ্যুৎ সরবরাহ লাইন নির্মাণ বা স্থাপনের অনুমতিপ্রাপ্ত হইলে উক্ত এলাকা বহির্ভূত—

(এ) যে কোন রাস্তা, রেলওয়ে বা ট্রামওয়ের মৃত্তিকা এবং পেভমেন্ট উন্মুক্তকরণ বা ভাঙ্গার কাজ করিতে পারিবেন;

(বি) যে কোন রাস্তা, রেলওয়ে বা ট্রামওয়ের ভিতরে বা নিচে অবস্থিত যে কোন ভূগর্ভস্থ নর্দমা (সুয়ার), নর্দমা বা টানেল উন্মুক্তকরণ বা ভাঙ্গার কাজ করিতে পারিবেন;

(সি) বিদ্যুৎ সরবরাহ লাইন এবং অন্যান্য পুর্তকর্মাদি নির্মাণ বা স্থাপন করিতে পারিবেন;

(ডি) উহা মেরামত, পরিবর্তন বা অপসারণ করিতে পারিবেন; এবং

(ই) যথাযথভাবে বিদুৎ সরবরাহার্থে অন্যবিধ যে কোন কাজ করিতে পারিবেন।

২) সাবসেকশন (১) এ যাহাই বিধৃত থাকুক না কেন তদ্বারা কোন অনুমতিপত্রের অধিকারীকে কেইস অনুযায়ী সংশ্লিষ্ট [স্থানীয় কর্তৃপক্ষকে অথবা মালিককে ][1] অথবা দখলদারকে অবহিত না করিয়া কোন ইমারতের ভিতরে, মধ্যে বা বিপরীতে অথবা জনগণ দ্বারা ব্যবস্থার্থে প্রদত্ত নহে এমন ভূমিতে, তদ উপরে বা নিম্নে যাহা বা যাহার উপরে বা যাহার নিম্নে ইতিমধ্যেই এইরূপ অনুমতিপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক কোন বৈদ্যুতিক সরবরাহ লাইন বা কাজ আইনসিদ্ধভাবে করা নাই সেখানে বৈদ্যুতিক সরবরাহ লাইন বা অন্যবিধ পূর্তকর্ম নির্মাণ বা স্থাপনের ক্ষমতা দেয় না ঃ

---

[1]. ১৯৮৩ সনের অর্ডিনেন্স নং XLII দ্বারা প্রতি স্থাপিত।

শর্ত থাকে যে, জেলা ম্যাজিস্ট্রেটের লিখিত আদেশ দ্বারা নির্দেশ করা হইলে কোন ইমারত বা ভূমির মালিক দখলকারের আপত্তি সত্ত্বেও তদুপরে কোন এরিয়াল লাইনের অবস্থানের নিরাপত্তাজনিত কারণে কোন এরিয়াল লাইনের সাপোর্ট বা ঠেকনা (স্টে) বা অবলম্বন (স্ট্রাট) প্রতিষ্ঠার প্রয়োজন হইলে বা ইতিমধ্যেই উহা প্রতিষ্ঠিত হইয়া থাকিলে তাহা পরিবর্তন করা যাইবে।

আরও শর্ত থাকে যে, যদি কখনও কোন ইমারত বা ভূমির উপর অনুরূপ কোন সাপোর্ট, ঠেকনা (স্টে) যা অবলম্বন (স্টার্ট) প্রতিষ্ঠিত হইলে উহার মালিক বা দখলকার যথেষ্ট কারণ প্রদর্শন করিতে পারিলে জেলা মেজিস্ট্রেট লিখিত আদেশ দ্বারা অনুরূপ যে কোন সাপোর্ট, ঠেকনা (স্টে) বা অবলম্বন (স্টার্ট) অপসারণ বা পরিবর্তনের নির্দেশ দিতে পারেন।

(৩) সাবসেকশন (২) এর আওতায় আদেশ প্রদানকালে জেলা ম্যাজিস্ট্রেট অনুমতিপত্রের অধিকারী কর্তৃক মালিক বা দখলদারকে যা প্রদান তাঁহার দৃষ্টিতে প্রয়োজন এমন ক্ষতিপূরণ বা বার্ষিক ভাড়া বা উভয়েরই পরিমাণ নির্ধারণ করিবেন।

৪) জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক সাব সেকশন (২) এর আওতায় প্রদত্ত প্রতিটি আদেশই সরকার কর্তৃক পুনর্বিবেচনাযোগ্য।

৫) সাবসেকশন (১)-এ বর্ণিত কোন কিছুই অনুমতিপত্রের অধিকারীকে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক অমেরামতযোগ্য কোন রাস্তা, রেলওয়ে বা ট্রামওয়ে উন্মুক্ত করিতে বা ভাঙ্গিতে কর্তৃত্ব বা ক্ষমতা প্রদান করে না। তবে সরকারের লিখিত সম্মতি থাকিলে এমন রাস্তা, রেলওয়ে বা ট্রামওয়ে (যদি থাকে) অথবা তাহার অংশ বিশেষ যা ভাঙ্গিতে তিনি তাঁহার অনুমতিপত্র দ্বারা বিশেষভাবে কর্তৃত্ব প্রাপ্ত তাহা ছাড়া রাস্তা, যাহার দ্বারা মেরামত করা হইবে তাহার অনুমতি ছাড়া বা এমন ব্যক্তি যাহার আয়ত্ত্বে রেলওয়ে বা ট্রামওয়ে তাহার অনুমতি ছাড়া উন্মুক্ত করা যাইবে না।

শর্ত থাকে যে, উপরোক্তভাবে সরকার সম্মতি দিবে না যতক্ষণ না সরকার যেইভাবে নির্দেশ করেন সেইভাবে বিজ্ঞপ্তি প্রদান বা অন্যভাবে অনুমতিপত্রের অধিকারী উপরোল্লিখিত ব্যক্তিকে এতদার্থে সরকার কর্তৃক নির্ধারিত সময়-সীমার মধ্যে নোটিশ না প্রদান করেন এবং এতদার্থে প্রাপ্ত সকল দরখাস্ত ও আপত্তি সরকার কর্তৃক যতক্ষণ না বিবেচনা করা হয়।



## ১৩। নূতন পূর্তকর্মের নোটিশ (Notice of new works)

১) কোন রাস্তা, রাস্তার অংশ বিশেষ, রেলওয়ে, ট্রামওয়ে, খাল বা জল পথের মধ্যে, নীচে, উপরে, বরাবর বা এক পাশ হইতে অন্য পাশ পর্যন্ত পূর্তকর্ম স্থাপনের প্রয়োজনে যেক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারীর পূর্তকর্ম স্থাপন সংক্রান্ত ক্ষমতা কার্যকর করা প্রয়োজন হয় সেইক্ষেত্রে নিম্নবিধ শর্তসমূহ প্রযোজ্য হবে, যথা—

(এ) কোন পূর্তকর্ম সম্পাদন বাস্তবায়নের অন্যুন একমাস পূর্বে (কোন বিতরণ লাইনের সঙ্গে সরবরাহ লাইন জরুরী ভিত্তিতে সংযোগ প্রদানের উদ্দেশ্যে বা কোন অবস্থানরত পূর্তকর্মের মেরামত, নবায়ন বা পরিবর্তন যা উহার চরিত্র ও অবস্থান পরিবর্তন করে না এরূপ ক্ষেত্র ব্যতিত) অনুমতিপত্রের অধিকারী কেইস অনুযায়ী রাস্তা বা রাস্তার অংশ বিশেষের মেরামতের জন্য দায়িত্বশীল ব্যক্তিকে (অতঃপর এই সেকশনে যিনি "মেরামতকারী কর্তৃপক্ষ" বলিয়া উল্লেখিত হইবেন) অথবা ঐ ব্যক্তি যিনি সাময়িকভাবে রেলওয়ে, ট্রামওয়ে, খাল বা জলপথে কাজ করিবার জন্য স্বত্ববান (অতঃপর এই সেকশনে যিনি "মালিক" বলিয়া উল্লেখিত হইবেন) তাহাকে লিখিত নোটিশ প্রদান করিবেন। উক্ত নোটিশে প্রস্তাবিত কাজের বর্ণনা থাকিবে, এদতসঙ্গে উহার একটি কর্তিত অংশের দৃশ্য (সেকশন) ও নকশা (প্লান) সংযুক্ত করিবেন যা এমন স্কেলে হইতে হইবে যে পরিকল্পিত পূর্ত কর্মের পরিষ্কার ও বিস্তারিত ধারণা করা যায় এবং কোন ক্ষেত্রেই কোন মতেই লম্বভাবে এক ইঞ্চি সমান আট ফুট এবং সমতলে ষোল ইঞ্চি সমান এক মাইলের কম হইবে না। এবং এমনভাবে এ সময়ে তাঁহাকে সংবাদ দিবেন যখন বর্তমান পূর্তকর্মে হস্তক্ষেপ বা পরিবর্তন প্রয়োজন এবং সময়ে সময়ে যেইরূপ চান তদানুরূপভাবে অতিরিক্ত তথ্য কেইস অনুযায়ী মেরামতকারী কর্তৃপক্ষ বা মালিককে প্রদান করিবেন।

(বি) যদি মেরামতকারী কর্তৃপক্ষ অনুমতিপত্রের অধিকারীর উক্ত পূর্তকর্ম, কর্তিত অংশের দৃশ্য (সেকশন) বা নকশা (প্লান) অনুমোদন করা বা সংশোধন সাপেক্ষে উহা অনুমোদন করা বিষয়ে অবহিত করেন তবে উক্ত অবহিতির এক সপ্তাহের মধ্যে সরকারের নিকট অনুমতিপত্রের

অধিকারী আপিল করিতে পারেন। মেরামতকারী কর্তৃপক্ষ কর্তৃক তাঁহার স্বপক্ষে প্রদর্শিত কারণসমূহ বিবেচনা করিয়া সরকার যে রায় প্রদান করিবেন উহাই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(সি) যদি এক মাসের মধ্যে মেরামতকারী কর্তৃপক্ষ অনুমতিপত্রের অধিকারীকে লিখিতভাবে তাঁহার অনুমোদন বা অনুমোদনের নোটিশ প্রদান করিতে ব্যর্থ হন, তবে পূর্তকর্ম, কর্তিত অংশের দৃশ্য (সেকশন) এবং নকশা (প্লান) তদকর্তৃক অনুমোদিত হিসাবে গণ্য হইবে এবং অনুমতিপত্রের অধিকারী অন্যুন আটচল্লিশ ঘন্টার লিখিত নোটিশ মেরামতকারী কর্তৃপক্ষকে প্রদান করিয়া তৎপরে ক্লজ (এ) এর আওতায় প্রদত্ত নোটিশ এবং কর্তিত অংশ (সেকশন) এবং নকশা (প্লান) অনুযায়ী পুর্তকর্ম বাস্তবায়নে অগ্রসর হইতে পারিবেন।

(ডি) মালিক এইরূপ পূর্তকর্ম, কর্তিত অংশ (সেকশন) বা নকশা (প্লান) অনুমোদন করেন বা সংশোধন সাপেক্ষে অনুমোদন করেন বা সংশোধন সাপেক্ষে অনুমোদন করিলে ক্লজ (এ) এর আওতায় নোটিশ জারীর তিন সপ্তাহের মধ্যে তিনি অনুমতিপত্রের অধিকারীকে একটি অধিযাচন পত্র (রিকুইজিশন) প্রেরণ করিবেন এই দাবীতে যে পূর্তকর্ম, উহার ক্ষতিপূরণ বা অন্যের প্রতি মালিকের এতদ্বিষয়ক কর্তব্য সংক্রান্ত প্রশ্নাদি সালিশির মাধ্যমে নিষ্পত্তি করিতে হইবে, এবং অতঃপর বিষয়টি নিষ্পত্তির চুক্তি না হইলে সালিশি দ্বারা নিষ্পত্তি হইবে।

(ই) নির্ধারিত সময়ের মধ্যে মালিক কর্তৃক অনুমতি পত্রের অধিকারীকে ক্লজ (ডি) এর আওতায় যদি কোন অধিযাচনপত্র জারী করা না হয় তবে ধরিয়া লওয়া যাইবে যে মালিক পূর্তকর্ম, কর্তিত অংশ (সেকশন) এবং নকশা (প্লান) অনুমোদন করিয়াছেন।

(এফ) যেক্ষেত্রে কোন পরিচালনা মেইনের সঙ্গে প্রত্যক্ষভাবে সংযুক্তির জন্য অথবা প্রত্যক্ষভাবে সংযুক্তির অভিপ্রেতে ভূগর্ভে সরবরাহ লাইন নির্মাণের প্রয়োজন হয় সেইক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারী কেইস অনুযায়ী মেরামতকারী কর্তৃপক্ষ অথবা মালিককে তাহার অনুরূপ পূর্তকর্ম সম্পাদনের ইচ্ছা জানাইয়া অন্যুন আটচল্লিশ ঘন্টার লিখিত নোটিশ প্রদান করিবেন।



(জি) প্রচলিত পূর্তকর্মের বৈশিষ্ট্য এবং অবস্থানের কোনরূপ পরিবর্তন না করিয়া মেরামত, নবায়ন বা সংশোধনের জন্য পূর্তকর্ম বাস্তবায়নের ক্ষেত্রে জরুরী অবস্থা ব্যতিত অন্যান্য ক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারী কেইস অনুযায়ী মেরামতকারী কর্তৃপক্ষ বা মালিককে তাহার উদ্দেশ্য সম্পর্কে অন্যুন আটচল্লিশ ঘন্টার লিখিত নোটিশ প্রদান করিবেন এবং উক্ত নোটিশ অতিক্রান্তের পর তৎক্ষণাৎ অনুরূপ পূর্তকাজ শুরু করিতে হইবে এবং যুক্তিগ্রাহ্য দ্রুততার সহিত এবং যদি সম্ভব হয় দিবারাত্রি শেষ না হওয়া পর্যন্ত কাজ চালাইয়া যাইবেন।

২) অনুমতিপত্রের অধিকারী এই শর্তসমূহের কোন একটি প্রতিপালনে ব্যর্থ হইলে তদ্বারা সৃষ্ট যে কোন ক্ষতি বা অনিষ্ঠের জন্য তিনি পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করিবেন এবং অনুরূপ ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণে সৃষ্ট মতপার্থক্য বা বিবাদ সালিশির মাধ্যমে নিষ্পত্তি হইবে।

৩) এই সেকশনে যাহাই থাকুক না কেন ভূগর্ভস্থ বৈদ্যুতিক সরবরাহ লাইন বিকলজনিত কারণে জরুরী অবস্থার ক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারী কেইস অনুযায়ী মেরামতকারী কর্তৃপক্ষ অথবা মালিককে তাহার অভিপ্রায় সম্পর্কে নোটিশ প্রদান করিয়া সাব সেকশন (১) এর শর্তসমূহের প্রতিপালন ব্যতিরেকেই এরিয়াল লাইন স্থাপন করিতে পারিবেন।

তবে শর্ত থাকে যে, অনুরূপ এরিয়াল লাইন শুধুমাত্র ভূগর্ভস্থ বৈদ্যুতিক সরবরাহ লাইনের ত্রুটিমুক্ত না করা পর্যন্ত ব্যবহার করা যাইবে, এবং সকল ক্ষেত্রেই ত্রুটি অপসারণের পরপরই এবং সরকারের লিখিত সম্মতি গ্রহণ ব্যতিরেকে ছয় সপ্তাহের মধ্যে উহা অপসারণ করিতে হইবে।

**১৪। পাইপ অথবা তার পরিবর্তন** (Alteration of pipes or wires). —

১) এই আইনের আওতায় তাহার কর্তৃত্ব বাস্তবায়নে বাধা হইলে যে কোন অনুমতিপ্রাপ্তের অধিকারী যে কোন পাইপের স্থান পরিবর্তন (যেক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারী স্থানীয় কর্তৃপক্ষ নহে সেইক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষের প্রধান ভূগর্ভস্থ নর্দমার অংশ না হইলে), অথবা যে কোন তার যা এমন স্থানের নিম্নে বা উর্দ্ধে স্থাপিত যা তিনি উন্মুক্ত করিবার বা ভাঙ্গিবার ক্ষমতাপ্রাপ্ত। যদি কোন অনুমতিপত্রের অধিকারীর কোন বিদ্যুৎ সরবরাহ লাইন বা পূর্তকর্ম এমন

উপরোক্ত স্থানের নিম্নে বা উর্দ্ধে অবস্থিত হয় যা কোন ব্যক্তির বৈধ কর্তৃত্ব বাস্তবায়নে বাধা হইয়া দাঁড়ায়, তবে তিনি উহার অবস্থান পরিবর্তন করিতে পারিবেন।

২) উপরোক্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট পক্ষবৃন্দের মধ্যে এতদ্বিষয়ে চুক্তিপত্র না থাকিলে নিম্নোক্ত শর্তসমূহ প্রযোজ্য হইবে, যথা—

(এ) যে কোন পরিবর্তনের কাজ শুরুর অন্যূন এক মাস পূর্বে অনুমতিপত্রের অধিকারী অথবা অন্য ব্যক্তি যিনি অনুরূপ কাজ করিতে চান (এই সেকশনে অতঃপর হইতে অপারেটর বা চালক হিসাবে উল্লেখিত হইবেন) তিনি পাইপ, তার বৈদ্যুতিক সরবরাহ লাইন বা পূর্তকর্মের সাময়িক অধিকারীকে (অতঃপর এই সেকশনে মালিক হিসাবে উল্লেখিত হইবেন) লিখিত নোটিশ প্রদান করিবেন। উক্ত নোটিশে কি ধরনের পরিবর্তনের প্রস্তাব করিতেছেন, তৎসঙ্গে উহার একটি কর্তিত অংশ (সেকশন) ও প্লান যা এমন বড় স্কেলে হইতে হইবে যেন পরিকল্পিত পূর্তকর্ম স্পষ্টভাবে বোঝা যায় এবং কোন ক্ষেত্রেই উহা লম্বভাবে এক ইঞ্চি সমান আট ফুট এবং সমান্তরালভাবে ষোল ইঞ্চি সমান এক মাইল অপেক্ষা নিম্ন স্কেলের হইবে না এবং কোন সময় হইতে ইহা শুরু হইবে তাহা জ্ঞাপন করিবেন এবং পরবর্তীতে মালিক এতদ্বিষয়ে যে ধরনের তথ্য জানিতে ইচ্ছা করেন তাহা প্রদান করিবেন।

(বি) মালিককে নোটিশ, সেকশন ও প্লান প্রদানের চৌদ্দ দিনের মধ্যে মালিক অপারেটরের নিকট এই মর্মে অধিযাচনপত্র বা রিকুইজিশন প্রেরণ করিতে পারিবেন যে নোটিশ, সেকশন বা প্লান বিষয়ে যে কোন প্রশ্ন দেখা দিলে উহা সালিশির মাধ্যমে নির্ধারিত হইতে হইবে এবং অতঃপর বিষয়টি কোন চুক্তির মাধ্যমে নিষ্পত্তি না হইলে সালিশির দ্বারা নির্ধারিত হইবে।

(সি) যার উপর ক্লজ (বি) এর আওতায় সোপর্দ করা হইয়াছে এইরূপ প্রত্যেক মধ্যস্থতাকারী মালিকের দায়িত্ব ও বাধ্যবাধকতা এবং অপারেটর কর্তৃক সাময়িক অথবা অন্যবিধ পূর্তকর্ম বাস্তবায়নের উপর অযথা বাধা পরিহারার্থে গুরুত্ব প্রদান করিবেন।



(ডি) ক্লজ (বি) এর আওতায় নির্ধারিত সময়ের মধ্যে অপারেটরের উপর অধিযাচনপত্র (রিকুইজিশন) প্রদান না করা হইলে, অথবা এই ধরনের অধিযাচনপত্র প্রদান করা হইলেও বিষয়টি চুক্তির মাধ্যমে নিষ্পত্তি হইলে শালিসির মাধ্যমে গৃহীত ও নির্ধারিত ক্ষতিপূরণ প্রদান বা হস্তগতের পর নোটিশ, কর্তিত অংশ (সেকশন) বা প্ল্যান এবং উহাতে শালিসি বা উভয় পক্ষের মধ্যে চুক্তির মাধ্যমে নির্ধারিত সামান্য পরিবর্তন মাধ্যমে অদল বদল বা পরিবর্তন সম্পাদন করা যাইতে পারে।

(ই) অপারেটর কর্তৃক অদল বদল বা পরিবর্তনের কাজ করার পূর্বে যে কোন সময়ে মালিক অপারেটরের উপর এই মর্মে একটি লিখিত বিবৃতি প্রদান করিতে পারিবেন যে তিনি নিজে অদল বদল বা পরিবর্তন করিতে ইচ্ছুক এবং এতদ্বার্থে যে কোন ব্যয়ভার মিটাইবার জন্য অপারেটরের নিকট হইতে জামানত অর্থ গ্রহণ করিতে পারেন। যা সম্মতিক্রমে বা তদাভাবে চুক্তি বা শালিসির মাধ্যমে নির্ধারিত হইবে।

(এফ) ক্লজ (সি) এর আওতায় অপারেটরের উপর বিবৃতি প্রদান করা হইলে এই ধরনের অদল বদলের কাজ শুরু আটচল্লিশ ঘন্টার মধ্যে তিনি অনুরূপ জামানত প্রদান করিবেন এবং কোন সময়ের মধ্যে কাজ শুরু এবং কিভাবে কাজ সম্পাদন করিতে হইবে তদবিষয়ে মালিককে নোটিশের মাধ্যমে লিখিতভাবে ইঙ্গিত দিবেন এবং অতঃপর অপারেটরের যে ধরনের প্রয়োজন তদানুরূপভাবে পরিবর্তন সাধনের কাজ মালিক শুরু করিবেন।

(জি) মালিক নোটিশ অনুযায়ী কাজ না করিতে চাহিলে বা ক্লজ (এফ) এর আওতায় প্রদত্ত নোটিশ অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে এবং নির্দিষ্টভাবে কাজ না করিতে চাহিলে অপারেটর নিজেই পরিবর্তনের কাজ সম্পাদন করিতে পারিবেন।

(এইচ) ক্লজ (এফ) এর আওতায় অপারেটর কর্তৃক মালিকের উপর প্রদত্ত নোটিশ অনুযায়ী মালিক কাজ করিতে গিয়া ব্যয়িত সকল অর্থ অপারেটরের নিকট হইতে আদায় করিতে পারিবেন।

(৩) অনুমতিপত্রের অধিকারী অথবা অন্য ব্যক্তি যেক্ষেত্রে পরিবর্তন করিতে চান সেক্ষেত্রে এই শর্তসমূহের যেকোনটি প্রতিপালন ব্যর্থতায় তজ্জন্য সংঘটিত যে কোন লোকসান বা ক্ষতির জন্য তিনি পূর্ণ ক্ষতিপূরণ প্রদান

করিবেন এবং এই ধরনের ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণে যে কোন মত পার্থক্য বা বিবাদ সৃষ্টি হইলে বিষয়টি সালিশির মাধ্যমে নিষ্পত্তি হইবে।

**১৫। ভূগর্ভস্থ নর্দমায় (স্যুয়ার), পাইপস অথবা অন্য বৈদ্যুতিক সরবরাহ লাইন বা পূর্তকর্মের নিকটে বৈদ্যুতিক সরবরাহ লাইন বা অন্যবিধ সংস্থাপন** (Laying of electric supply-lines or other works near sewers, pipes of other electric supply-lines or works)—

(এ) নতুন বৈদ্যুতিক সরবরাহ লাইন অথবা অন্যবিধ পূর্তকর্ম সংস্থাপনের জন্য অনুমতিপত্রের অধিকারীকে যে কোন পরিক্ষা (ট্রেঞ্চ) খনন করিবার প্রয়োজন হয় যাহার নিকটে সরকার অথবা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন কোন ভূগর্ভস্থ নর্দমা (ড্রেন) পানি প্রবাহের খাত (ওয়াটার কোর্স) বা পূর্তকর্ম অথবা অন্য কোন যথাযথ কর্তৃত্বপ্রাপ্ত ব্যক্তি মালিকানাধীন কোন পাইপ, সাইফুন বৈদ্যুতিক সরবরাহ লাইন বা অন্যবিধ পূর্তকর্ম আইনসিদ্ধভাবে সংস্থাপিত আছে, অথবা

(বি) যে কোন যথাযথভাবে কর্তৃত্বপ্রাপ্ত ব্যক্তির কোন নতুন পাইপ লাইন বা অন্যবিধ পূর্তকর্ম সংস্থাপন বা নির্মাণের জন্য কোন পরীক্ষার (trench) গর্ত করা (dig) বা খননের (Sink) প্রয়োজন হইলে যাহার নিকট দিয়া কোন অনুমতি পত্রের অধিকারীর বৈদ্যুতিক সরবরাহ লাইন বা পূর্তকর্ম আইন সিদ্ধভাবে সংস্থাপিত আছে,

এরূপক্ষেত্রে কেইস অনুযায়ী অনুমতিপত্রের অধিকারী অথবা এইরূপ যথাযথ কর্তৃত্বপ্রাপ্ত ব্যক্তি (অতঃপর হইতে এই সেকশনে "অপারেটর" হিসাবে উল্লেখিত) সংশ্লিষ্ট পক্ষসমূহ অন্যভাবে সম্মত না হইলে বা হঠাৎ জরুরী প্রয়োজন না হইলে, কেইস অনুযায়ী সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ বা অনুরূপ যথাযথ কর্তৃত্বপ্রাপ্ত ব্যক্তি বা অনুমতি পত্রের অধিকারীকে (অতঃপর হইতে এই সেকশনে "মালিক" বলিয়া উল্লেখিত) পরিক্ষার গর্ত (dig) বা খনন (Sink) কাজ শুরুর পূর্বেই বিশেষ দূত মারফত লিখিতভাবে অথবা টেলিফোনে খবর দিবেন যার পর পরই লিখিতভাবে অবগতি করাইতে হইবে এবং কাজ বাস্তবায়নের সময় মালিকের উপস্থিত থাকিবার অধিকার থাকিবে, এবং যা মালিকের যুক্তিসঙ্গত সন্তোষে বাস্তবায়িত হইতে হইবে।



(২) অপারেটর কোন পাইপ, বৈদ্যুতিক সরবরাহ লাইন বা পূর্তকর্মের পরিবর্তন প্রয়োজন মনে না করিয়া অধঃখননের (undermine) প্রয়োজন মনে করিলে পূর্তকর্ম বাস্তবায়নকালে উহার অবস্থান সংরক্ষণ করিবেন এবং সমাপ্তির পূর্বে যেখানে অধঃখনন প্রয়োজন সেইখানে একটি যথোপযুক্ত ও যথাযথ ভিত্তি স্থাপন করিবেন।

৩) অপারেটর (অনুমতিপত্রের অধিকারী হইলে) যেক্ষেত্রে এইভাবে বৈদ্যুতিক সরবরাহ লাইন স্থাপন করেন যা আড়াআড়ি বা অন্যভাবে কোন পাইপ লাইন বা সার্ভিস পাইপ বা সার্ভিস লাইন স্পর্শ করে যার মালিকানা কেবল যথাযথভাবে কর্তৃত্বপ্রাপ্ত ব্যক্তির বা এই আইনের আওতায় বিদ্যুৎ সরবরাহ, পরিবর্তন বা ব্যবহারকারী ব্যক্তির হয় তবে ঐরূপ ব্যক্তির লিখিত সম্মতি ব্যতিরেকে এবং সেকশন ৩৪, সাব সেকশন (১) অনুযায়ী কোন পাইপ লাইন বা সার্ভিস পাইপ বা সার্ভিস লাইন স্পর্শ করে এমন বিদ্যুৎ সরবরাহ লাইন সংস্থাপন করিবেন না।

(৪) যদি অপারেটর এই সেকশনের কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হন তবে তজ্জন্য সংঘটিত যে কোন ক্ষতি বা অনিষ্টের জন্য তিনি ক্ষতিপূরণ প্রদান করিবেন।

৫) এই সেকশনের আওতায় কোন মতপার্থক্য বা বিতর্কের উদ্ভব ঘটিলে তাহা সালিসির মাধ্যমে নিষ্পত্তি হইবে।

৬) স্থানীয় কর্তৃপক্ষ অনুমতিপত্রের অধিকারী হইলে এই সেকশনের আওতায় উল্লেখিত স্থানীয় কর্তৃপক্ষ এবং তদনিয়ন্ত্রণাধীন ভূগর্ভস্থ নর্দমা (সুয়ার) ড্রেন জল প্রবাহের খাত পূর্তাদি প্রযোজ্য হইবে না।

**১৬। বিলম্ব ব্যতিরেকে ভগ্ন রাস্তা, রেলওয়ে, ট্রামওয়ে, ভূগর্ভস্থ নর্দমা (স্যুয়ার) নর্দমা (ড্রেন) বা টানেল মেরামত** (Streets, railways, tramways, sewers, drains or tunnels broken up to be reinstated without delay)—

১) এই আইনের দ্বারা প্রদত্ত বা আওতাভুক্ত ক্ষমতা বাস্তবায়নকালে কোন ব্যক্তি কোন রাস্তা, রেলওয়ে, ট্রামওয়ে বা কোন ভূগর্ভস্থ নর্দমা (সুয়ার), নর্দমা (ড্রেন) বা টানেল এর মাটি বা মেঝে উন্মুক্ত বা ভাঙ্গিলে তিনি—

(এ) অনতিবিলম্বে উন্মুক্ত বা ভগ্নকৃত অংশ সুরক্ষিত করিবেন (বেড়া দিবেন) এবং চৌকির ব্যবস্থা করিবেন।

(বি) উন্মুক্ত বা ভগ্নকৃত অংশের বিপরীতে বা নিকটে সূর্যাস্তের পূর্বেই যাত্রীদের সতর্কতার জন্য যথেষ্ট আলোর ব্যবস্থা করিবেন এবং তা সূর্যোদয় পর্যন্ত সংরক্ষণ করিবেন।

(সি) উন্মুক্তকৃত বা ভগ্নকৃত মৃত্তিকা বা মেঝ বা ভূগর্ভস্থ নর্দমা (সুন্যুয়ার), নর্দমা (ড্রেন) বা টানেল পরিমিত দ্রুততার সঙ্গে ভরাট করিবেন ও পুনর্বহাল করিবেন ও কার্যক্ষম করিবেন এবং অনুরূপ উন্মুক্তকরণ বা ভগ্নকরণজাত আবর্জনা অপসারণ করিবেন; এবং

(ডি) পুনর্বহালের পরে এবং ভগ্নকৃত বা উন্মুক্তকৃত মৃত্তিকা বা মেঝ, বা ভূগর্ভস্থ নর্দমা, নর্দমা বা টানেল নির্মাণের পর উহা মেরামতের পর তিন মাস ভাল অবস্থায় মেরামত রাখিবেন এবং আরও অতিরিক্ত সময়, অনধিক নয় মাস, নিমজ্জন স্থায়ী হইবে।

(২) সাব সেকশন (১) এর শর্ত প্রতিপালনে ব্যর্থতার ক্ষেত্রে যে রাস্তা, রেলওয়ে, ট্রামওয়ে, ভূগর্ভস্থ নর্দমা, নর্দমা বা টানেলের ক্ষেত্রে ব্যর্থতা প্রযোজ্য উহার নিয়ন্ত্রণকারী বা ব্যবস্থাপনাকারী ব্যক্তি যে বিলম্বকারী বিলম্ব ঘটাইয়াছে বা বাদ দিয়াছে তাহার নিকট উহার জন্য ব্যয়িত অর্থ আদায় করিতে পারিবেন।

৩) সাব সেকশন (২) এর আওতায় ব্যয়িত অর্থের পরিমাণ নির্ধারণ মতপার্থক্য বা বিবাদের সৃষ্টি হইলে উহা সালিশির মাধ্যমে নিষ্পত্তি হইবে।

**১৭। টেলিগ্রাফ কর্তৃপক্ষের নিকট নোটিশ** (Notice to telegraph authority)—

(১) যে কোন টেলিগ্রাফ লাইনের কোন অংশের দশ গজের মধ্যে কোন বিদ্যুৎ সরবরাহ লাইন বা অন্যবিধ পূর্তকর্ম যা সরবরাহ লাইন বা বিদ্যুৎ সরবরাহ লাইন না হইলে বর্তমান পূর্তকর্মের মেরামত, নবায়ন বা পরিবর্তন ক্ষেত্রে কোন বৈশিষ্ট্যের পরিবর্তন করা না হইলে টেলিগ্রাফ কর্তৃপক্ষকে অনুমতি পত্রের অধিকারী কর্তৃক অন্যূন্য দশ দিনের নোটিশ দিতে হইবে নিম্নবিধ উল্লেখ করিয়া ঃ

(এ) পূর্তকর্মের ধরন বা প্রস্তাবিত পরিবর্তন;

(বি) যেভাবে পূর্তকর্ম ব্যবহৃত হইবে;

(সি) যে পরিমাণ ও ধরনের শক্তি পরিচালিত হইবে, এবং

(ডি) কতদূর এবং কিভাবে ভূপরিবর্তন (earth return) ব্যবহৃত হইবে (যদি আদৌ ব্যবহৃত হয়);



এবং অনুরূপ পূর্তকর্ম বা পরিবর্তনের মাধ্যমে যেকোন টেলিগ্রাফ লাইনের কোন ক্ষতিসাধন বন্ধের লক্ষ্যে উক্ত নির্দিষ্ট সময়ের মধ্যে টেলিগ্রাফ কর্তৃপক্ষ কর্তৃক সাধারণ বা বিশেষ ধরনের প্রয়োজনীয় কাজ সম্পাদনের বিষয়টি অনুমতি পত্রের অধিকারী নিশ্চিত হইবেন।

শর্ত থাকে যে, অনুমতি পত্রের অধিকারীর বিদ্যুৎ সরবরাহ লাইন বা অন্য কোন পূর্তকর্মের ত্রুটির জন্য সৃষ্ট জরুরী অবস্থায় (যা অনুমতি পত্রের অধিকারী টেলিগ্রাফ কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিবেন) অনুমতিপত্রের অধিকারীর শুধুমাত্র এইরূপ সম্ভব নোটিশ প্রদান প্রয়োজন হইবে যা প্রস্তাবিত নতুন পূর্তকর্ম বা পরিবর্তনের জন্য সৃষ্ট হইয়াছে।

(২) সরবরাহ লাইন নির্মাণ বা স্থাপনের সঙ্গে যে কোন পূর্তকর্ম বাস্তবায়ন সংশ্লিষ্ট হইলে অনুমতিপত্রের অধিকারী পূর্তকর্ম শুরুর অন্যূন আটচল্লিশ ঘন্টা পূর্বে অনুরূপ পূর্তকর্ম বাস্তবায়নের অভিপ্রায় টেলিগ্রাফ কর্তৃপক্ষকে লিখিত নোটিশের মাধ্যমে জানাইবেন।

**১৮। এরিয়াল লাইন** (Aerial lines)— (১) সেকশন ১৩ সাবসেকশন (৩) অনুযায়ী ব্যতিত এই অংশের কোন কিছুই একজন অনুমতিপত্রের অধিকারীকে কোন রাস্তা, রেলওয়ে, ট্রামওয়ে, খাল বা জলপথের ধারে বা আড়াআড়িভাবে এরিয়াল লাইন স্থাপনের কর্তৃত্ব বা ক্ষমতা প্রদান করিবে না যদি না এবং যতক্ষণ না সরকার তাহাকে লিখিতভাবে তিনি যে পদ্ধতিতে নির্মাণ কাজের প্রস্তাব করিয়াছেন তাহাতে সাধারণ অনুমোদন প্রদান করেন;

শর্ত থাকে যে, এই আইনের দ্বারা বা আওতায় অন্য যে সকল সম্মতির প্রয়োজনীয়তার আবশ্যকতা আছে তাহা গ্রহণ করা হইতে এইরূপ অনুমোদন অবহিতির দ্বারা অনুমতিপত্রের অধিকারীকে অব্যহতি প্রদান করিবেন না।

২) অনুমতিপত্রের অধিকারী কর্তৃক এরিয়াল লাইন সংস্থাপন বা ব্যবস্থাপনার ক্ষেত্রে সাবসেকশন (১) এর শর্ত ভঙ্গের ক্ষেত্রে সরকার তৎক্ষণাৎ উহা অপসারণের জন্য অনুমতিপত্রের অধিকারীকে নির্দেশ দিতে পারিবেন বা উহা অপসারণের ব্যবস্থা করিতে পারিবেন এবং এইরূপ অপসারণে ব্যয়িত অর্থ অনুমতিপত্রের অধিকারীর নিকট হইতে আদায় করিতে পারিবেন।

৩) এরিয়াল লাইন স্থাপনের পর কোন একটি এরিয়াল লাইনের সন্নিকটে কোন বৃক্ষ বা কোন স্ট্রাকচার বা অন্যবিধ বস্তু দণ্ডায়মান হইলে বা পড়িলে যার অবস্থান বিদ্যুৎ পরিবহন বা সরবরাহে অনুমতিপত্রের অধিকারী বা ব্যক্তি অনুরূপভাবে প্রবেশ করিলেও ঐ সাব সেকশন সমূহ দ্বারা কর্তৃত্ব প্রাপ্ত হইয়া যে ধরনের কাজ তাঁহাকে করিতে হইবে তাহা করিতে দিতে অস্বীকৃত হইলে বা অনুরূপ প্রবেশ বা কাজের জন্য যুক্তিসঙ্গত প্রয়োজনীয় সুবিধা প্রদানে ব্যর্থ হইলে গ্রাহককে লিখিত নোটিশ প্রদানের চব্বিশ ঘন্টা অতিক্রান্তের পর যতদিন পর্যন্ত অনুরূপ অস্বীকৃতি বা ব্যর্থতা বহাল থাকিবে ততদিনের জন্য সরবরাহ বন্ধ রাখিতে পারিবেন, কিন্তু তদপরে নহে।

**১৯। অনিষ্টের জন্য ক্ষতিপূরণ ঃ** (Compensation for damage)— (১) এই আইনের দ্বারা বা আওতায় প্রাপ্ত ক্ষমতা ব্যবহার কালে একজন অনুমতিপত্রের অধিকারী সম্ভব কম অনিষ্ট (damage), ক্ষতি (detriment) এবং অসুবিধা (inconvenience) সৃষ্টি করিবেন এবং তদকর্তৃক বা তদনিয়োগপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক সাধিত যে কোন অনিষ্ট, ক্ষতি বা অসুবিধার জন্য পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করিবেন।

২) সেকশন ১২ এর সাব-সেকশন (৩) ব্যতিত অন্যবিধ ক্ষেত্রে ক্ষতিপূরণের পরিমাণ বা অনুরূপ ক্ষতিপূরণের আবেদন প্রশ্নে যে কোন মতপার্থক্য বা বিবাদের উদ্ভব হইলে সালিশির মাধ্যমে উহা নিষ্পত্তি হইবে।

## সরবরাহ Supply

**১৯ এ। যে পয়েন্টে সরবরাহ প্রদান করা হয়** (Point where supply is delivered)— এই আইনের ক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক একজন গ্রাহককে যে পয়েন্টে বিদ্যুৎ সরবরাহ করার কথা উহা নির্ধারিত পদ্ধতিতে স্থিতিকৃত হইবে।

### উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

(১) Opportunity to show cause against Intended discontinuance of temporary connection—whether necessary? As dis-continuance of temporary sanction does not necessitate coming to a finding of fact against licensee, the provincial Government is not bound to afford an opportunity to show cause in circumstances, (PLD 1968 Dhaka 773 (DB), PLD 1964 SC 451).



**২০। অনুমতিপত্রের অধিকারীর চত্বরে প্রবেশ এবং তাহার ফিটিংস ও অন্যান্য যন্ত্রপাতি অপসারণের ক্ষমতা** (Power for licensee to enter prenises and to remove fittings or other apparatus licensee)— (১) একজন অনুমতিপত্রের অধিকারী অথবা তদকর্তৃক যথাযথভাবে প্রদত্ত অধিকার অনুযায়ী যে কোন ব্যক্তি যুক্তিসঙ্গত সময়ে এবং অধিকারীকে তাহার অভিপ্রায় অবহিত করিয়া নিম্নবিধ প্রয়োজনে যেখানে তদকর্তৃক বিদ্যুৎ সরবরাহ করা হইবে সেই চত্বরে বা প্রেমিসে প্রবেশ করিতে পারিবেন ঃ

(এ) বিদ্যুৎ সরবরাহ লাইন, মিটার, ফিটিংস, পূর্তকর্মাদি এবং অনুমতিপত্রের অধিকারীর মালিকানাধীন বিদ্যুৎ সরবরাহের যন্ত্রপাতি পরিদর্শন ও পরিক্ষণের জন্য; অথবা

(বি) বিদ্যুৎ সরবরাহের পরিমাণ বা সরবরাহ বিদ্যুতের পরিমাণ কতটুকু তা নিশ্চিত করিবার জন্য; অথবা

(সি) যেখানে আর বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন নাই, বা যেখান হইতে অনুমতিপত্রের অধিকারী বিদ্যুৎ সরবরাহ লাইন সরাইয়া লইতে বা বন্ধ করিতে কর্তৃত্বপ্রাপ্ত এবং অনুমতিপত্রের অধিকারীর মালিকানাধীন যে কোন বিদ্যুৎ সরবরাহ লাইন, মিটার, ফিটিংস, পূর্তকর্মাদি বা যন্ত্রপাতি অপসারণের জন্য।

২) এতদার্থে [1][প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট] কর্তৃক প্রদত্ত বিশেষ আদেশ বলে এবং মালিককে ন্যূনপক্ষে চব্বিশ ঘন্টার লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে অনুমতিপত্রের অধিকারী বা পূর্ববর্ণিত যেকোন কর্তৃত্বপ্রাপ্ত ব্যক্তি যে কোন চত্বরে (Premises) যেখানে তদকর্তৃক বিদ্যুৎ সরবরাহ করা হয় বা হইতেছে বা হইবে সেখানে গ্রাহকের মালিকানাধীন বিদ্যুতের জন্য ব্যবহৃত বৈদ্যুতিক তার, ফিটিংস, পূর্তকর্মাদি এবং যন্ত্রপাতি পরীক্ষার্থে ও অনুসন্ধানার্থে প্রবেশ করিতে পারিবেন।

৩) কোন গ্রাহক সাব-সেকশন (১) বা সাব-সেকশন (২) এর শর্তানুসারে অনুমতিপত্রের অধিকারী অথবা পূর্বোক্তরূপ কর্তৃত্ব প্রাপ্ত ব্যক্তিকে তাহার চত্বরে প্রবেশ করিতে দিতে অস্বীকৃত হইলে বা কোন পূর্তকর্মে প্রবেশ বিঘ্ন ঘটাইলে

১. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।

বা বাধা হইলে বা বিঘ্ন ঘটাইতে পারে বা বাধা হইতে পারে তবে একজন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট অনুমতিপত্রের অধিকারীর আবেদনক্রমে বৃক্ষ, স্ট্রাকচার বা বস্তু অপসারনের ব্যবস্থা করিতে বা তিনি যেইরূপ যথাযথ মনে করেন তদ্রুপ নিস্পত্তি করিতে পারিবেন।

৪) সাবসেকশন (৩) এর আওতায় কোন আবেদন নিস্পত্তিকালে এরিয়াল লাইন সংস্থাপনের পূর্ব হইতেই স্থিত কেবল বৃক্ষের ক্ষেত্রে আগ্রহী ব্যক্তিকে ম্যাজিস্ট্রেট এমন ক্ষতিপূরণের রায় দিতে পারেন যা তিনি উপযুক্ত মনে করেন, এবং অনুরূপ ব্যক্তি উহা অনুমতিপত্রের অধিকারীর নিকট হইতে আদায় করিবেন।

৫। ব্যাখ্যা ঃ এই সেকশনের ক্ষেত্রে বৃক্ষ শব্দের মধ্যে যে কোন গুল্ম, ঝোপঝাড়, জঙ্গলজাত বা অন্যবিধ উদ্ভিদও অন্তর্ভূক্ত হইবে।

**২১। বিদ্যুৎ ব্যবহারে অনুমতিপত্রের অধিকারীর নিয়ন্ত্রণ বা বাধার উপর সীমাবদ্ধকরণ** (Restrictions on licensee's controlling or interfering with use of energy)— (১) একজন অনুমতিপত্রের অধিকারী তদকর্তৃক সরবরাহকৃত প্রদানের স্বত্ববান হইবেন না, অথবা সেকশন ২৬ এর সাব সেকশন (২) বা সেকশন ২৬ এর সাব সেকশন (৭) এর শর্ত দ্বারা ছাড়া কোনভাবেই অনুরূপ বিদ্যুৎ ব্যবহারের উপর নিয়ন্ত্রণ বা বাধা দিতে পারিবে না;

তবে শর্ত থাকে যে, অন্য কোন ব্যক্তিকে অনুমতি প্রাপ্ত ব্যক্তি কর্তৃক বিদ্যুৎ সরবরাহ ক্ষেত্রে অযথারূপে বা অনুচিৎভাবে বাধা সৃষ্টি করিতে পারে এমন কোন ধরনের যন্ত্র কেহ ব্যবহার করিতে পারিবে না বা তাহাকে সরবরাহকৃত বিদ্যুৎ ব্যবহার করিতে পারিবেন না।

২) সাব সেকশন (১) এর শর্ত সাপেক্ষ অনুমতিপত্রের অধিকারী স্থানীয় কর্তৃপক্ষ না হইলে স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাক্রমে প্রদত্ত সরকারের পূর্বানুমোদনক্রমে গ্রাহক বা গ্রাহক হইতে আগ্রহী ব্যক্তির সঙ্গে তাহার সম্পর্ক নিয়ন্ত্রণার্থে এই আইনের সঙ্গে বা তাহা অনুমতিপত্রের সঙ্গে বা এই আইনের আওতায় প্রস্তুতকৃত কোন বিধির সঙ্গে অসঙ্গতিপূর্ণ নহে অনুমতিপত্রের অধিকারী এমন শর্ত নির্ধারণ করিতে পারিবেন এবং অনুমোদন ক্রমে আলোচনা করিয়া অনুরূপ যে কোন শর্ত সংযোজন, পরিবর্তন বা সংশোধন করিতে পারিবেন, এবং অনুরূপ অনুমোদন ব্যতিরেকে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক আরোপিত যে কোন শর্ত বাতিল হইবে।



**২২। বিদ্যুৎ সরবরাহে অনুমতিপত্রের অধিকারীর বাধ্য বাধকতা** (Obligation on licensee to supply energy)— অনুমতিপত্রের অধিকারী কর্তৃক বিদ্যুৎ সরবরাহ করা হইলে অনুমতিপত্রের শর্তাদি দ্বারা অন্যবিধভাবে প্রযুক্ত না হইলে সরবরাহ এলাকার অন্তর্ভুক্ত সকল ব্যক্তির অবদানের ভিত্তিতে একই এলাকাভুক্ত অনুরূপ অবস্থায় অনুরূপ সরবরাহের ক্ষেত্রে অন্য ব্যক্তির ক্ষেত্রে যে শর্তাদি প্রযোজ্য বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে তিনিও একই শর্তভুক্ত হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, যদি তিনি অনুমতিপত্রের অধিকারীকে তার যুক্তিযুক্ত ন্যুনতম মূলধন ব্যয় নির্বাহোপযোগী বাৎসরিক অর্থ প্রদানে সম্মত না হন, এবং ঐ সকল চত্বরের জন্য সম্ভাব্য সর্বোচ্চ দাবী মিটাইবার মত তদ্বারা ব্যয়িত স্থায়ী মূল্য পরিশোধে তিনি সম্মত না হন তবে কোন ব্যক্তিই কোন চত্বরের জন্য যেখানে পৃথক সরবরাহ আছে সেখানে বিদ্যুৎ সরবরাহ পাইবার দাবী করিবার বা তাহা গ্রহণ বজায় রাখিবার উপযুক্ত হইবে না। অনুরূপ প্রদেয় অর্থ নির্ণয় বিষয়ে কোন মতপার্থক্য বা বিতর্কের উদ্ভব ঘটিলে তাহা সালিশির মাধ্যমে নিষ্পত্তি হইবে।

### উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

(১) Rates payable by consumer no discrimination permissible. The implication of section 22 is that a person should be entitled to the same tates as some other person is paying on the date on which he applies for a connection, and is prepared to comply with the requirement of the law for getting a connection (PLD 1958 Lah. 614; PLR 1959 W P. (2) 158].

**২৩। মূল্য নির্ধারণ ক্ষেত্রে অনুচিৎ অগ্রাধিকার না দেওয়া** (Charges for energy to be made without under preference)— (১) কোন অনুমতিপত্রের অধিকারী বিদ্যুৎ সরবরাহ বিষয়ে চুক্তি করিবার কালে কাহারও প্রতি অগ্রাধিকার প্রদর্শন করিতে পারিবেন না, কিন্তু পূর্বোক্ত অবস্থা ব্যতিরেকে তাহার অনুমতিপত্র যে সর্বোচ্চতা নির্ধারিত করে তাহা অতিক্রম না করিয়া বিদ্যুৎ সরবরাহের জন্য সম্মতির ভিত্তিতে মূল্য নির্দ্ধারিত করিতে পারিবেন।

২) অনুমতিপত্রের অধিকারীর লিখিত সম্মতি ব্যতিরেকে কোন গ্রাহক এমন মূল্য পদ্ধতিতে বিদ্যুৎ সরবরাহ গ্রহণ করিতে পারিবেন না যেখানে উচ্চতর মূল্য পদ্ধতি কার্যকর আছে।

৩) ইহার বিপরীত কিছুর স্বপক্ষে চুক্তি না থাকিলে একজন গ্রাহকের নিকট হইতে একজন অনুমতিপত্রের অধিকারী নিম্নবিধ মূল্য দাবী করিতে পারিবেন।

(এ) সরবরাহকৃত বিদ্যুতের প্রকৃত পরিমাণের ভিত্তিতে, বা

(বি) সরবরাহে সংযুক্ত বোঝা (Connected Load) এর ভিত্তিতে বা

(সি) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন পদ্ধতিতে।

(৪) সাব-সেকশন (৩) এর ক্লজ (সি) এর আওতায় অনুমতিপত্রের অধিকারী কর্তৃক যে কোন মূল্য নির্ধারণ ক্ষেত্রে নিম্নবিধ বিষয়াবলীর ভিত্তিতে নির্ধারিত হইবে এবং কম বেশী হইবে, যথা—

(১) গ্রাহকের বোঝা গুণক (Load factor), বা

(বি) তাহার বোঝা (Load) এর শক্তি গুণক (Power factor) বা

(সি) কোন নির্দিষ্ট সময়ে তদকর্তৃক সর্বমোট ব্যবহার, বা

(ডি) যে সময়ের জন্য বিদ্যুৎ সরবরাহ আবশ্যক।

[1] [(সি সি ক্রেতা কর্তৃক সর্বোচ্চ চাহিদা, লাইসেন্সী কর্তৃক বোঝা বরাদ্দ অথবা চুক্তিকৃত বোঝা]

### উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

(১) Court may determine whether rate is excessive or not. The price can be named by the licensee but not it is far the court to determine whether is not excessive in view of [section 23. PLD 1959 Lah. 614, PLD 1959 (2)].

**২৪। মূল্য পরিশোধে অবহেলার জন্য গ্রাহকের সরবরাহ বিচ্ছিন্ন করা** (Discontinuance of supply to consumer neglecting to pay coarge)— (১) কোন ব্যক্তি তাহাকে সরবরাহকৃত বিদ্যুতের মূল্য বা বিদ্যুতের মূল্য ছাড়া অন্যভাবে অনুমতিপত্রের অধিকারী

১. বিদ্যুৎ (সংশোধন আইন ১৯৯৩) ১৯৯৩ সনের ২০ নং আইন দ্বারা প্রতিস্থাপিত।



কর্তৃক গ্রাহকের নিকট তাহাকে বিদ্যুৎ সরবরাহের কারণে প্রাপ্য অর্থ বিলে উল্লেখিত নির্দিষ্ট সময় সীমার মধ্যে 'পরিশোধে অবহেলার জন্য অনুমতিপত্রের অধিকারী অন্যুন দশ পরিষ্কার দিবসের লিখিত নোটিশ এইরূপ ব্যক্তিকে প্রদান করিয়া এবং এইরূপ মূল্য বা মোকদ্দমার মাধ্যমে প্রাপ্ত অন্য অর্থ আদায়ে তাহার অধিকার সম্পর্কে কোন পূর্ব ধারণা না করিয়া সরবরাহ বন্ধ করিতে পারেন। এবং তদার্থে অনুমতিপত্রের অধিকারীর যে কোন বিদ্যুৎ সরবরাহ লাইন বা পূর্তকর্মাদি দ্বারা বিদ্যুৎ সরবরাহ করা যাইতে পারে তা বন্ধ করিতে বা বিচ্ছিন্ন করিতে পারেন এবং বিদ্যুৎ সরবরাহ লাইন বন্ধ করিতে এবং পুনঃ স্থাপন করিতে তদকর্তৃক ব্যয়িত অর্থসহ এইরূপ মূল্য এবং অন্যবিধ পাওনা আদায় না হওয়া পর্যন্ত বিচ্ছিন্ন বজায় রাখিবেন কিন্তু তদপরে নহে।

(২) পূর্বোক্ত পদ্ধতিতে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক নোটিশ জারীর পূর্বে যে কোন মতপার্থক্য বা বিতর্কের জন্য এই আইনের আওতায় কোন বিদ্যুৎ পরিদর্শকের নিকট বিষয়টি সোপর্দ করা হইলে যতদিন না পরিদর্শক তাহার সিদ্ধান্ত জানাইবেন ততদিন পর্যন্ত এই সেকশনের আওতায় প্রদত্ত ক্ষমতা অনুমতিপত্রের অধিকারী প্রয়োগ করিতে পারিবেন না।

তবে শর্ত থাকে যে, এই সাবসেকশনের কোন নিষেধাজ্ঞাই ঐ ক্ষেত্রে প্রযোজ্য হইবে না যেখানে অনুমতিপত্রের অধিকারীর গ্রাহককে লিখিতভাবে বিদ্যুৎ পরিদর্শকের নিকট অনুমতিপত্রের অধিকারীর মূল্যাদি বা বিতর্কিত অর্থ বা বিদ্যুতের জন্য অনুমতিপত্রের অধিকারীর আরও প্রাপ্য মূল্যাদি জমা প্রদানের অনুরোধ করিয়াছেন এবং গ্রাহক অনুরূপ অনুরোধ প্রতিপালনে ব্যর্থ হইলে।

### উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

**Electricity Act (IX of 1910)**

**Section 24**—Disconnection of electricity line Question of giving notice Materials on record show that the power development board removed its transformer from the appellant, control in order to forestall re-connection of electric line that the appellant was doing on his own. There having been nothing to show that the board ever officially re-connected the line after it was dis-connected, the appellant cannot legitimately claim 10 day's notice as provide under section 24 of the Act. Giausuddin Bhuiyan Vs. Chairman, PDB [45 DLR (AD) 29].

**২৫। কতিপয় ক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহ লাইন বা অন্যবিধ যন্ত্রপাতি ক্রোক হইতে অব্যাহতি** (Exemption of electric supply-lines or other apparatus from attachment in certain cases)— বিদ্যুৎ সরবরাহের জন্য অনুমতিপত্রের অধিকারীর বিদ্যুৎ সরবরাহ লাইন, মিটার, ফিটিংস, পূর্তকর্মাদি বা যন্ত্রপাতি যদি এমন কোন চত্বরের ভিতরে বা উপরে স্থাপিত হয় যাহার দখল তাহার নহে, এই ধরনের বিদ্যুৎ সরবরাহ লাইন, মিটার, ফিটিংস, পূর্তকর্মাদি এবং যন্ত্রপাতি যে ব্যক্তির দখলে রহিয়াছে তাহার বিরুদ্ধে দেওয়ানী আদালতের কোন কার্যধারা বাস্তবায়নে বা তাহার দেউলিয়াত্বের মোকদ্দমায় উহার গ্রহণের আওতায় আসিবে না।

**২৬। মিটার** (Meters)— (১) অন্যবিধভাবে চুক্তি সম্পাদিত না থাকিলে একটি সঠিক মিটারের সাহায্যে গ্রাহককে সরবরাহকৃত বিদ্যুতের পরিমাণ বা সরবরাহে বিদ্যুতের পরিমাণ নির্ধারিত হইবে এবং যে অনুমতিপত্রের অধিকারী অনুরূপ মিটার সরবরাহ করিবে।

[১][তবে শর্ত থাকে যে, লাইসেন্সধারী একজন গ্রাহকের নিকট হইতে একটি মিটারের মূল্যের জামানত চাহিতে পারে এবং উহা ধার করার জন্য একটি চুক্তিতে আবদ্ধ হইতে পারে। তবে আরো শর্ত থাকে যে লাইসেন্সধারী গ্রাহককে তাহার নিজের মিটার সংগ্রহের অনুমতি দিতে পারে এই শর্তে যে গ্রাহক লাইসেন্সধারীকে দিয়া উক্ত মিটার পরীক্ষা বা টেষ্ট করাইয়া লইবেন]।

২) গ্রাহক মিটার ভাড়ার জন্য চুক্তিবদ্ধ হইলে অনুমতিপত্রের অধিকারী মিটার সঠিক রাখিবেন এবং তিনি তাহা করিতে ব্যর্থ হইলে যতদিন ব্যর্থতা বজায় থাকিবে ততদিন পর্যন্ত গ্রাহক মিটারের ভাড়া প্রদান বন্ধ রাখিবেন।

(৩) মিটার গ্রাহকের সম্পত্তি হইলে তিনি উহা সঠিক রাখিবেন এবং উহা করিতে ব্যর্থ হইলে অনুমতিপত্রের অধিকারী সাতদিনের নোটিশ প্রদান করিয়া যতদিন পর্যন্ত গ্রাহক উহা সঠিক করিতে না পারিবেন ততদিন পর্যন্ত ঐ মিটারের মধ্য দিয়া বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখিবেন।

১. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা প্রতিস্থাপিত।



৪) অনুমতিপত্রের অধিকারী অথবা তদকর্তৃক যথাযথভাবে কর্তৃত্ব প্রাপ্ত যে কোন ব্যক্তি যে কোন যুক্তিযুক্ত সময়ে ও গ্রাহককে অভিপ্রায় জ্ঞাত করিয়া মিটার দেখিতে এবং পরীক্ষা করিতে পারিবেন এবং তদপ্রয়োজনে যদি তিনি উপযুক্ত মনে করেন তবে সাব সেকশন (১) এ উল্লেখিত মিটার লইয়া যাইতে বা অপসারণ করিতে পারিবেন। উপরোক্ত মতে ভাড়াকৃত হইলে সকল যুক্তিযুক্ত খরচ এবং মিটার সঠিক না পাইয়া অন্যভাবে পাইলে অনুরূপ পরীক্ষা, নীরিক্ষা, খুলিয়া লওয়া এবং অপসারণের আনুসাঙ্গিক ব্যায়ভার গ্রাহকের নিকট হইতে আদায় করিতে পারিবেন এবং অনুরূপ যুক্তিযুক্ত খরচ সম্পর্কে কোন মতপার্থক্য বা বিতর্কের উদ্ভব হইলে বিষয়টি একজন বিদ্যুৎ পরিদর্শকের নিকট সোপর্দ করিতে হইবে এবং এইরূপ পরিদর্শকের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

তবে শর্ত থাকে যে, যদি সাবসেকশন (৬) এ বর্ণিত ধরণের কোন মতপার্থক্য বা বিতর্কের উদ্ভব ঘটে তবে যতক্ষণ উহাতে বর্ণিত শর্তে মিটার নির্ধারিত না হয় ততক্ষণ অনুমতিপত্রের অধিকারী অনুরূপ কোন মিটার খুলিয়া লওয়া বা অপসারণের স্বাধীনতা থাকিবেনা।

(৫) অভিপ্রায় সম্পর্কে অনুমতিপত্রের অধিকারীকে অন্যূন আটচল্লিশ ঘন্টার অধিক নোটিশ প্রদান না করিয়া একজন গ্রাহক সাবসেকশন (১) এ উল্লেখিত মিটার এমন কোন বৈদ্যুতিক সরবরাহ লাইনের সঙ্গে সংযুক্ত করিবেন না যাহার মধ্য দিয়া অনুমতিপত্রের অধিকারী কর্তৃক বিদ্যুৎ সরবরাহ করা হয় বা উহা অনুরূপ বিদ্যুৎ সরবরাহ লাইন হইতে বিচ্ছিন্ন করিতে পারিবেন না।

৬) সাব সেকশন (১) এ উল্লেখিত মিটার খারাপ কিনা তদ্বিষয়ে কোন মতপার্থক্য বা বিতর্কের সৃষ্টি হইলে যে কোন একটি পক্ষের আবেদনের প্রেক্ষিতে একজন বিদ্যুৎ পরিদর্শক বা এতদার্থে সরকার কর্তৃক বিশেষরূপে নিযুক্ত একজন যথোপযুক্ত ব্যক্তির দ্বারা [১][আবেদনপত্র পাওয়ার নব্বই দিনের মধ্যে এবং পক্ষগণকে শুনানীর সুযোগ দিয়া] সিদ্ধান্ত হইবে এবং অনুরূপ পরিদর্শক বা ব্যক্তির মতে মিটারটি সঠিক বলিয়া মনে হইলে অনুরূপ পরিদর্শক বা উক্ত সময় কালে সরবরাহকৃত বিদ্যুতের পরিমাণ [অথবা

১. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।

সরবরাহে সংযুক্তভার (Connected Lead)[১] নির্ধারণ করিবেন। এবং অনুরূপ পরিদর্শক বা ব্যক্তির মতে যদি মিটার সঠিক না হয় এবং যেক্ষেত্রে বিদ্যুৎ পরিদর্শক ব্যতিত অন্য কোন ব্যক্তি কর্তৃক সিদ্ধান্ত হইয়াছে সেইক্ষেত্রে পরিদর্শকের নিকট আপীল পেশ করা যাইবে এবং প্রতিটি ক্ষেত্রে তাহার সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কিন্তু পূর্বোক্ত ক্ষেত্র ব্যতিত ছলনার অনুপস্থিতিতে মিটারের রেজিষ্ট্রারই অনুরূপ পরিমাণ বা পরিমাপের চূড়ান্ত প্রমাণ হিসাবে গণ্য হইবে।

শর্ত থাকে যে, এই সাব সেকশনের আওতায় একজন অনুমতিপত্রের অধিকারী বা গ্রাহক কর্তৃক বিদ্যুৎ পরিদর্শকের সমীপে আবেদন করিবার পূর্বে তিনি তাঁহার অনুরূপ অভিপ্রায় জানাইয়া অপর পক্ষকে অন্যুন সাতদিন পূর্বে নোটিশ প্রদান করিবেন।

৭) অনুমতিপত্রের অধিকারী গ্রাহককে সরবরাহকৃত বিদ্যুতের পরিমাণ বা যে সময়কাল যাবত বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে বা গ্রাহককে প্রতি ইউনিট সময়ে বিদ্যুৎ সরবরাহের হার বা বিদ্যুৎ সরবরাহের জন্য যাহা যথোপযুক্ত বিবেচনা করিবেন তদানুরূপ মিটার, সর্বোচ্চ চাহিদা নির্দেশক (maximum demand indicator) বা অন্যবিধ যন্ত্র সাব সেকশন (১) অনুযায়ী গ্রাহকের চত্বরে স্থাপিত মিটারের অতিরিক্ত হিসাবে স্থাপন করিতে পারিবেন।

শর্ত থাকে যে, অন্যবিধভাবে চুক্তি না থাকিলে অনুমতি পত্রের অধিকারীর বিতরণ (distributing) মেইন এবং সাব সেকশন (১) এ উল্লেখিত অন্য মিটার এর মধ্যে ছাড়া অন্যত্র মিটার নির্দেশক বা যন্ত্রপাতি স্থাপন করা যাইবে না।

আরও শর্ত থাকে যে, পূর্বোক্ত অনুরূপ যে কোন মিটার, নির্দেশক বা যন্ত্রপাতির পাঠ (reading) বা নিদর্শন (indication) এর উপর যদি সম্পূর্ণ বা আংশিকভাবে বিদ্যুৎ সরবরাহের মূল্য নির্ভর করে তবে অনুমতিপত্রের অধিকারী অন্যবিধভাবে চুক্তি না থাকিলে মিটার, নির্দেশক বা যন্ত্রপাতি সঠিক রাখিবেন। এবং সাব সেকশন (৪), (৫) ও ৬ এর শর্তের ক্ষেত্রে মিটার, নির্দেশক বা যন্ত্রপাতি সাব সেকশন (১) এ উল্লেখিত মিটার এর প্রয়োগ নির্দেশ করিবে।

---

১. ১৯৮৩ সনের অর্ডিন্যান্স নং XLII দ্বারা প্রতিস্থাপিত।



**ব্যাখ্যা ঃ** একটি মিটার সঠিক বলিয়া বিবেচিত হইবে যদি উহা নির্ধারিত ত্রুটি সীমার মধ্যে বিদ্যুৎ সরবরাহের পরিমাণ বা সরবরাহে বিদ্যুতের পরিমাণ বহন নির্দেশ করে। এবং সাব সেকশন (৭) এ উল্লেখিত সর্বোচ্চ চাহিদা নির্দেশক (maximum demand indicator) বা অন্যবিধ যন্ত্র সঠিক হিসাবে বিবেচিত হইবে যদি উহা উক্তরূপ নির্দেশক বা অন্যবিধ যন্ত্রপাতির ক্ষেত্রে নির্ধারিত শর্তে কাজ করে।

**২৭। সরবরাহ এলাকার বাহিরে বিদ্যুৎ সরবরাহ** (Supply of energy outside area of supply)— এই আইনের সঙ্গে অসঙ্গতিপূর্ণ না হইলে সরকার লিখিত আদেশ বলে এবং সে যাহা আরোপ যথাযথ মনে করে এইরূপ শর্ত এবং বাধা নিষেধ (যদি থাকে) সাপেক্ষে যে কোন অনুমতিপত্রের অধিকারীকে তাহার সরবরাহ এলাকার বাহিরে বিদ্যুৎ সরবরাহ এবং তদার্থে বিদ্যুৎ সরবরাহ লাইন নির্মাণ বা স্থাপনের অনুমতি প্রদান করিতে পারেন।

শর্ত থাকে যে, প্রথমতঃ সরকার যদি না মনে করেন যে তাহার সম্মতি অযৌক্তিকভাবে আটকাইয়া রাখা হইয়াছে তবে অন্য অনুমতিপত্রের অধিকারীর অনুমতি ব্যতিরেকে তাহার সরবরাহ এলাকায় কোন অনুমতিপত্রের অধিকারীকে অনুরূপ কর্তৃত্ব অর্পন করা হইবে না।

দ্বিতীয় শর্ত থাকে যে, যে ব্যক্তিকে সরবরাহ প্রদান করা হইবে তিনি যদি অনুমতিপত্রের অধিকারীর সহিত অনুরূপ সরবরাহ গ্রহণ বিষয়ে সুস্পষ্ট চুক্তিতে না আসেন তবে এইরূপ কর্তৃত্ব অর্পন করা হইবে না।

তৃতীয় শর্ত থাকে যে, সরকার যদি না যেইরূপ উপযুক্ত মনে করেন সেইরূপ অনুসন্ধান মাধ্যমে বিবেচনা করেন যে, অনুরূপ সম্মতি অযৌক্তিকভাবে আটকাইয়া রাখা হইয়াছে তবে কেইস অনুযায়ী স্থানীয় কর্তৃপক্ষ বা রাস্তা, ভূগর্ভস্থ নর্দমা, নর্দমা বা টানেল যদকর্তৃক মেরামতযোগ্য বা টেলিগ্রাফ কর্তৃপক্ষ লিখিত সম্মতি প্রদান না করিলে একজন অনুমতি পত্রের অধিকারী যাহাকে এইরূপ কর্তৃত্ব অর্পন করা হইয়াছে তাহাকে সরবরাহ এলাকার বাহিরে কোন রাস্তা বা কোন ভূ-গর্ভস্থ নর্দমা, নর্দমা বা টানেল বা টেলিগ্রাফ লাইন উন্মুক্ত করিতে বা ভাঙ্গিতে কর্তৃত্ব প্রাপ্ত হিসাবে গণ্য করা হইবে না।

চতুর্থ শর্ত থাকে যে, পূর্বোক্ত অবস্থা ছাড়া এই আইনের শর্ত সমূহ এই সেকশনের আওতায় সরবরাহের কর্তৃত্ব প্রদানের ক্ষেত্রে এইভাবে কার্যকর হইবে যেন সরবরাহ এলাকার মধ্যে উল্লেখিত সরবরাহ করা হইয়াছে।

## অংশ—৩ (Part-III)

**অনুমতিপত্রের অধিকারী ব্যতীত অন্যের জ্বালানী সরবরাহ পরিচালন ও ব্যবহার** (SUPPLY TRANSMISSION AND USE OF ENERGY BY NON-LICENSEES).

**২৮। কতিপয় ক্ষেত্রে অনুমতি পত্রের অধিকারী নহেন এমন ব্যক্তির মঞ্জুরীর আবশ্যকতা** (Sanction required by non-licensees in certain cases)— (১) সরকারের পূর্ব মঞ্জুরী ব্যতিরেকে এবং এতদার্থে সরকার কর্তৃক নির্ধারিত শর্ত বহির্ভূতভাবে অনুমতিপত্রের অধিকারী ছাড়া কোন ব্যক্তি বিদ্যুৎ সরবরাহের সঙ্গে ব্যপৃত হইতে পারিবেন না এবং উহার বাহিরে যে কোন চুক্তি বাতিল হইবে;

শর্ত থাকে যে, স্থানীয় কর্তৃপক্ষের সম্মতি ব্যতিরেকে যে এলাকায় স্থানীয় কর্তৃপক্ষ গঠিত হইয়াছে সেই এলাকার মধ্যে বা অনুমতিপত্রের অধিকারীর সম্মতি ব্যতিরেকে তাহার সরবরাহ এলাকার মধ্যে অনুরূপ মঞ্জুরী প্রদান করা হইবে না, যদি না সরকার মনে করেন যে, অযৌক্তিকভাবে সম্মতি আটকাইয়া রাখা হইয়াছে।

২) সাব সেকশন (১) এর বিধানানুসারে বিদ্যুৎ সরবরাহের সাথে কোন ব্যক্তি জড়িত নহেন বা জড়িত হইবার অবস্থায় কিনা তদবিষয়ে কোন মতপার্থক্য বা বিতর্কের উদ্ভব ঘটিলে বিষয়টিতে সরকারের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৩) সরকার তাহার বিবেচনায় জনস্বার্থে প্রয়োজন বলিয়া মনে করিলে যে কোন সময়ে সাব সেকশন (১) এর আওতায় প্রদত্ত মঞ্জুরী বাতিল বা নিবৃত্ত করিতে পারিবেন।

৪) সরকার সাব সেকশন (১) এর আওতায় প্রদত্ত মঞ্জুরী রদ, বাতিল বা নিবৃত্ত করিলে সেক্ষেত্রে সাব সেকশন ৫-এর শর্তসমূহ ঐভাবে (mutantis mutandis) প্রযোজ্য হইবে।

**উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ**

(১) Electricity Act. 1910 S. 28 read with S.5 Absensee of Provision in the Electricity Act. 1910, expressly authorising the Government to hand over electrical undertaking to a statutory body cannot be called it aid for contending that there is a bar to do so. (PLD 1968 Dhaka 778 (DB).



**(২) Electricity Act (XI of 1910)**

**S. 28 (3) :** "Cancel" and "discontinue" — distinction between the two words.

The word "discontinue" means interruption of continuance. Cessation or intermission. It does not mean putting an end to something which but for the action in question would have gone on. The letter action amounts to cancellation. This is the distinction between the two words "cancel" and "discontinue" used in Subsection (3) of section 28. The sanction in favour of the petitioner company was continued from time to time untill the 30th of September 1965. No further extention was granted and that amounts to discontinuance of the Sanction. Pabna Electric Supply Co. Vs. Province of East Pakistan. (1968) 20 DLR 1158.

**২৯। অনুমতিপত্রের অধিকারী নহেন এমন ব্যক্তির রাস্তা ভাঙ্গিবার ক্ষমতা (Power for non licensees to break up streets)—** (১) লিখিত আদেশের মাধ্যমে স্থানীয় কর্তৃপক্ষ সেকশন ২৮-এর আওতায় সরকার কর্তৃক মঞ্জুরী প্রাপ্ত যে কোন ব্যক্তিকে একসঙ্গে সেকশন ১২ হইতে ১৯-এর আওতায় একজন অনুমতিপত্রের অধিকারীকে বিদ্যুৎ ব্যবসায় সম্পৃক্ত হইবার ক্ষমতা ও দায় দায়িত্ব অর্পন এবং চাপাইতে পারেন এবং অংশ ২-এর আওতায় একজন অনুমতিপত্রের অধিকারীর মত তদুপরে উপরোক্ত সেকশন সমূহের শর্তাদি অতঃপর প্রযোজ্য হইবে।

২) অনুমতি পত্রের অধিকারী না হইলে একটি স্থানীয় কর্তৃপক্ষের যে কোন রাস্তা আলোকিত করিবার জন্য ক্ষমতা ও দায় দায়িত্ব যথাক্রমে সেকশন ১২ হইতে ১৯ দ্বারা একত্রে যথাসম্ভব প্রাপ্ত ও আরোপিত হইবে এই মর্মে যে অংশ-২ এর আওতায় যেন তিনি অনুমতি পত্রের অধিকারী।

৩) সাব সেকশন (১) দ্বারা বিধান রাখা হইয়াছে এইরূপ ক্ষেত্র ছাড়া অন্য ক্ষেত্রে যে ব্যক্তি কোন রাস্তা মেরামতের জন্য দায়ী তিনি লিখিত আদেশ দ্বারা যে ব্যক্তি এইরূপ রাস্তায় বিদ্যুৎ সরবরাহ করিতে চান তাহার উপর সেকশন

১২ ইতে ১৯ (একত্রে) এর আওতায় একজন অনুমতি পত্রের অধিকারীর ঐরূপ সকল বা আংশিক ক্ষমতা ও দায়িত্ব অর্পন করিতে বা চাপাইতে পারেন, যাহা যথাসম্ভব নিম্নবিধের সঙ্গে সম্পর্কিত ঃ

(এ) এইরূপ রাস্তার মৃত্তিকা বা চাতাল (pavement) উন্মুক্ত করণ বা ভগ্নকরণে, বা—

(বি) এইরূপ রাস্তার ভিতরে, নীচে পাশে বা আড়াআড়িভাবে বিদ্যুৎ সরবরাহ লাইন নির্মাণ বা স্থাপনে, বা—

(সি) এইরূপ বিদ্যুৎ সরবরাহ লাইন মেরামত, পরিবর্তন বা অপসারণে এবং তদসঙ্গে উপরে বর্ণিত উল্লেখিত সেকশন সমূহের শর্ত সমূহ ঐ ব্যক্তির উপর এমনভাবে কার্য্যকর হইবে যেন তিনি অংশ-২ এর আওতায় অনুমতি পত্রের অধিকারী।

৪) সাব সেকশন (১) বা সাব সেকশন (৩) এর আওতায় ঐ বিষয়ে প্রাপ্ত আবেদনের উপর যদি চৌদ্দ দিনের মধ্যে কোন আদেশ না দেয়া হয় তবে যে আদেশের জন্য আবেদন করা হইয়াছে তাহা অস্বীকৃত হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে এবং সাব সেকশন (১) বা সাব সেকশন (৩) এর আওতায় প্রদত্ত সকল আদেশ বা আদেশ প্রদানে অস্বীকৃতি সরকার কর্তৃক পূনঃ পরীক্ষার আওতায় যাইবে।

**২৯এ। ১৮৯০ সালের আইন XI অনুযায়ী রেলওয়ে কর্তৃক রক্ষণাবেক্ষণাধীন এরিয়াল লাইনের ক্ষেত্রে ১৮ এর প্রয়োগ** (Application of section 18 to aerial lines maintained by railways)— রেলওয়ে আইন, ১৮৯০ এর সেকশন ৩ এর সংজ্ঞা অনুযায়ী যে কোন রেলওয়ে প্রশাসন কর্তৃক স্থাপিত যে কোন এরিয়াল লাইনের ক্ষেত্রে সেকশন ১৮ এর সাবসেকশন (৩) ও (৪) এর শর্তসমূহ এবং উহাদের ব্যাখ্যা এইভাবে প্রয়োগ হইবে যেন রেলওয়ে প্রশাসকের উল্লেখ সেখানে অনুমতিপত্রের অধিকারী ছিল।

**৩০। বিদ্যুৎ পরিচালন ও ব্যবহারের উপর নিয়ন্ত্রণ** (Control of transmission and use of energy)— (১) তাহার অনুমতিপত্র দ্বারা যথাযথভাবে কর্তৃত্ব প্রাপ্ত হইয়া একজন অনুমতিপত্রের অধিকারী ছাড়া অন্য কেহ এক কিলোওয়াট এর অধিকহারে বিদ্যুৎ পরিচালন বা ব্যবহার করিতে পারিবেন না—



(এ) কোন রাস্তা, বা

(বি) কোন স্থানে—

(i) যেখানে একশত বা ততোধিক লোক সাধারণভাবে একত্রিত হইতে পারেন, বা

(ii) ১৯৬৫ সালের ফ্যাক্টরী আইন অনুযায়ী যা ফ্যাক্টরী, বা

(iii) ১৯২৩ সালের খনি আইন (Mines Act) অনুযায়ী যা খনি, বা

(iv) সরকার সাধারণ বা বিশেষ আদেশ বলে যেক্ষেত্রে এই সাব সেকশনের শর্তসমূহ প্রয়োগযোগ্য ঘোষণা করেন।

সরকারের পূর্বানুমতি ছাড়া এবং অংশ ৪ এর অনুরূপ শর্তসমূহ এবং তদ আওতায় প্রস্তুতকৃত বিধিমালা, যাহা প্রযোজ্য, প্রতিপালিত হইবে

শর্ত থাকে যে, রেলওয়ে আইন, (১৮৯০ সালের IX নং আইন) এর শর্ত সাপেক্ষে জনসাধারণ পশু বা মালামাল পরিবহনে বা কোন রেলওয়ে বা ট্রামওয়ে আলোকিত করিবার জন্য বা চলমান স্টক এর ভেনটিলেশনের জন্য বিদ্যুৎ সরবরাহের ক্ষেত্রে এই সেকশনের কোন কিছুই প্রযোজ্য হইবে না।

আরো শর্ত থাকে যে, সরকার সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা এবং উহাতে উল্লেখিত শর্ত ও বাধা নিষেধ দ্বারা এই সেকশন বা অনুরূপ যে কোন শর্ত বা পূর্বোক্ত বিধি এর প্রয়োগ যে কোন ব্যক্তি বা ব্যক্তি শ্রেণী যাহারা এমন চত্বরে বিদ্যুৎ ব্যবহার করিতেছেন যাহার উপরে বা নিম্নে সংশ্লিষ্ট উৎপাদন হইতেছে বা অংশ ২ এর আওতাভুক্ত ক্লজ (b) দ্বারা নির্দেশিত কোন স্থানে সরবরাহকৃত বিদ্যুৎ ব্যবহার হইতে অব্যাহতি দিতে পারেন।

২) কোন স্থানে একশত বা ততোধিক ব্যক্তি সাধারণতঃ একত্রিত হয় বা হয় না কিনা তদবিষয়ে কোন মত পার্থক্য বা বিরোধের উদ্ভব ঘটিলে তাহা সরকারের নিকট সোপর্দ হইবে এবং বিষয়টিতে সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

৩) এই সেকশনের শর্ত সমূহ সরকারের জন্য বাধ্যতামূলক।

## অংশ–৪ (PART IV)

### সাধারণ ঃ রক্ষাপদ ক্লজসমূহ (Protective Clauses)

**৩১। রেলওয়ে এবং খাল, ডক, ঘাট ও জেটি সমূহের সংরক্ষণ (Protection of railways and canals, docks, wharves and piers)**— যে কোন রেলওয়ে, ট্রামওয়ে খাল/জলপথ বা যে কোন ডক, ঘাট বা জেটি যা স্থানীয় কর্তৃপক্ষে ন্যাস্তকৃত বা স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা নিয়ন্ত্রিত, এর যে কোনভাবে ক্ষতি করিতে পারে বা রেলওয়ে, ট্রামওয়ে, খাল বা জলপথে যান চলাচলে বাধা সৃষ্টি করিতে পারে বা বিঘ্ন ঘটাইতে পারে এইভাবে কোন ব্যক্তি বিদ্যুৎ উৎপাদন, পরিচালন, সরবরাহ বা ব্যবহার করিবে না।

**৩২। টেলিগ্রাফিক, টেলিফোনিক এবং বৈদ্যুতিক সংকেত প্রদানকারী লাইনের রক্ষাপ্রদ** (Protection of Telegraphic, Telephonic and elcctric signalling lines)— (১) বিদ্যুৎ উৎপাদনকালে, পরিচালনকালে, সরবরাহকালে এবং ব্যবহারকালে প্রত্যেক ব্যক্তি (অতঃপর এই সেকশনে অপারেটর হিসাবে উল্লেখিত হইবে) তাহার বৈদ্যুতিক সরবরাহ লাইন এবং অন্যবিধ পূর্তকর্ম নির্মাণ, প্রতিষ্ঠা বা স্থাপনকালে এবং তাহার কর্মপদ্ধতিতে সকল প্রকার যৌক্তিক সতর্কতা অবলম্বন করিবেন যেন আবেশ বা অন্যবিধভাবে টেলিগ্রাফিক, টেলিফোনিক বা বৈদ্যুতিক সংকেত প্রদানকালে যোগাযোগ কাজে ব্যবহৃত তার বা লাইনের কাজে বা অনুরূপ তার বা লাইনের বিদ্যুতের উপর ক্ষতিকর প্রভাব ফেলিতে না পারে।

২) অপারেটর সাবসেকশন (১) লংঘন করিয়া তাহার বিদ্যুৎ সরবরাহ লাইন বা অন্যবিধ পূর্তকর্ম নির্মাণ, প্রতিষ্ঠা বা স্থাপন করিয়াছেন কিনা বা তাহার কর্মপদ্ধতি তাহা করে কিনা বা তদ্বারা কোন তার, লাইন বা বিদ্যুৎ ক্ষতিকরভাবে প্রভাবিত হইয়াছে কিনা, তদ্বিষয়ে অপারেটর এবং টেলিগ্রাফ অথরিটির মধ্যে কোন মত পার্থক্য বা বিতর্কের উদ্ভব ঘটিলে বিষয়টি সরকারের উপর ন্যস্ত করিতে হইবে এবং সরকারের নিকট বিদ্যুৎ সরবরাহ লাইন বা পূর্তকর্মের অযৌক্তিক নৈকট্যে তার বা লাইন অবস্থিত বলিয়া বিবেচিত না হইলে এইভাবে অপারেটরকে তাহার পদ্ধতির পরিবর্তন বা সংযোজন করিতে নির্দেশ দিতে পারেন যেন উহা দ্বারা এই সেকশনের শর্তসমূহ প্রতিপালিত হয় এবং অপারেটর তদভাবে পরিবর্তন বা সংযোজন করিবেন।



শর্ত থাকে যে, বিদ্যুৎ লাইনের ব্যপৃতি এবং বিদ্যুৎ পরিচালনের পরিমাণ ও ধরনের ক্ষেত্রে কোন পরিবর্তন তদ্বারা সাধিত না হইলে বিদ্যুৎ সরবরাহ লাইনের মেরামত, নবায়ন বা সংশোধনের ক্ষেত্রে এই সাব সেকশনের কোন কিছুই প্রযোজ্য হইবে না।

৩) এই সেকশনের আবশ্যকতা পরিপূরণে অপারেটর ব্যর্থ হইলে তজ্জন্য সাধিত যে কোন ক্ষতি বা অনিষ্টের জন্য তিনি ক্ষতিপূরণ প্রদান করিবেন এবং এই ধরনের ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ ক্ষেত্রে যেকোন মত পার্থক্য বা বিতর্কের সৃষ্টি হইলে বিষয়টি সালিশির মাধ্যমে নিষ্পত্তি হইবে।

**ব্যাখ্যা ঃ** এই সেকশনের প্রয়োজনে একটি টেলিগ্রাফ লাইন ক্ষতিগ্রস্ত হওয়া বলিতে কোন বিদ্যুৎ সরবরাহ লাইন বা পূর্তকর্ম বা উহার কোন ব্যবহার দ্বারা যে লাইন মাধ্যমে টেলিগ্রাফিক, টেলিফোনিক বা বৈদ্যুতিক সংকেত প্রদান বা যোগাযোগ হয় উহা আদেশ বা অন্যভাবে পূর্বধারণায় বাধাগ্রস্ত হওয়া বুঝাইবে।

**৩৩। দুর্ঘটনা এবং তদন্তের নোটিশ** (Notice of accidents and inquiries.)— (১) কোন ব্যক্তির বিদ্যুৎ উৎপাদন, পরিচালন বা ব্যবহারের সঙ্গে সম্পর্কিতভাবে বা বিদ্যুৎ সরবরাহ লাইনের বা অন্যবিধ পূর্তকর্মের অংশ বিশেষের সঙ্গে সম্পর্কিতভাবে যদি কোন দুর্ঘটনা সংঘটিত হয় এবং যদি দুর্ঘটনা দ্বারা জীবনের ক্ষতি বা ব্যক্তিগত অনিষ্ট হইলে বা হইবার সম্ভাবনা হইলে ঐ ব্যক্তি দুর্ঘটনা ঘটনার উপর এবং দুর্ঘটনা সৃষ্ট জীবনের ক্ষতি বা ব্যক্তিগত প্রকৃত অনিষ্ট বিষয়ে সরকার কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশ বলে নির্দেশিত প্রকারে এবং নির্দেশিত সময় সীমার মধ্যে কর্তৃপক্ষের নিকট নোটিশ প্রদান করিবেন।

২) যথাযথ বলিয়া বিবেচনা করিলে সরকার তাহার পক্ষে নিম্নবিধ বিষয়ে তদন্ত ও প্রতিবেদনের জন্য একজন বিদ্যুৎ পরিদর্শক বা একজন উপযুক্ত অন্য ব্যক্তিকে নিয়োগ দিতে পারিবেন।

(এ) বিদ্যুৎ উৎপাদন, পরিচালন, সরবরাহ বা ব্যবহারের কারণে সংঘটিত তদসম্পর্কিত দুর্ঘটনা যা জন নিরাপত্তা বিঘ্নিত করিতে পারে; বা

(বি) এই আইনের বা অনুমতিপত্রের বা তদ আওতায় প্রস্তুতকৃত বিধির বিধান সমূহের যে সমস্ত শর্ত কোন ব্যক্তির নিরাপত্তা বিঘ্নিত করিতে পারে তাহার রীতি ও ব্যপ্তি প্রতিপালিত হওয়া সম্পর্কে।

**৩৪। মৃত্তিকার সঙ্গে সংযোগের এবং কতিপয় ত্রুটির ক্ষেত্রে সরকারের হস্তক্ষেপের ক্ষমতার বিধান** (Prohibition of connection with earth, and power for Government to interfere an certain cases of default)— (১) সরকার কর্তৃক এতদ্বার্থে নির্ধারিত ক্ষেত্রে ও বিশেষভাবে মঞ্জুরীকৃত ক্ষেত্র ছাড়া কোন ব্যক্তি বিদ্যুৎ উৎপাদন, পরিচালন, সরবরাহ বা ব্যবহারে তাহার বৈদ্যুতিক সরবরাহ লাইনের কোন অংশকে মৃত্তিকার সংঙ্গে সংযোগ হইতে দিবে না।

২) সরকারের সন্তোষে যদি কখনো প্রতিষ্ঠিত হয় যে,—

(এ) সাব-সেকশন (১) এর বিধানের ব্যতিক্রম ঘটাইয়া একটি বিদ্যুৎ সরবরাহ লাইনের কোন অংশ মৃত্তিকার সঙ্গে সংযোগ করা হইয়াছে; বা—

(বি) বিদ্যুৎ উৎপাদন, পরিচালন, সরবরাহ বা ব্যবহার দ্বারা কোন বিদ্যুৎ সরবরাহ লাইন বা অন্যবিধ পূর্তকর্ম জননিরাপত্তা বা মনুষ্যের জীবন বিপদাপন্ন করিয়া ফেলিয়াছে বা কোন টেলিগ্রাফ লাইন অনিষ্টকরভাবে প্রভাবিত হইয়াছে; বা—

(সি) কোন বিদ্যুৎ সরবরাহ লাইন বা অন্যবিধ পূর্তকর্ম এমন ত্রুটিযুক্ত যে উহা এই আইন বা তদআওতায় প্রস্তুতকৃত বিধির বিধান অনুযায়ী নহে।

তবে সরকার লিখিত আদেশ দ্বারা অভিযোগপ্রাপ্ত বিষয় স্পষ্ট করিবেন এবং এইরূপ বিদ্যুৎ সরবরাহ লাইনের বা পূর্তকর্মের মালিক বা ব্যবহারকারীকে আদেশে সুস্পষ্টকৃত মত উহা সংশোধনের জন্য নির্দেশ দিবেন এবং একইভাবে যতদিন পর্যন্ত আদেশমত কাজ করা না হয় ততদিন পর্যন্ত বা আদেশে স্পষ্টকৃত সময় কাল পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ লাইন বা পূর্তকর্ম ব্যবহার নিষিদ্ধ করিতে পারিবেন।

## প্রশাসন এবং বিধিমালা
## (Administration and Rules)

**৩৫। বিদ্যুৎ বোর্ড** (Electricity Boards)— (১) সরকার অফিসিয়াল গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া সমগ্র বাংলাদেশ বা অংশ বিশেষের জন্য একটি বিদ্যুৎ বোর্ড গঠন করিতে পারেন।

২) বোর্ডে একজন চেয়ারম্যান ও অন্যূন দুইজন সদস্য থাকিবেন।

৩) সরকার সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা—



(এ) কতজন সদস্য লাইন বোর্ড গঠিত হইবে এবং এই সকল সদস্য কোন পদ্ধতিতে নিয়োগ লাভ করিবেন তাহা নির্ধারণ করিবেন।

(বি) বোর্ডের দায়িত্ব এবং পদ্ধতির বিধান নির্ধারণ করিবেন।

(সি) বোর্ডের সদস্যগণের কার্যকালের মেয়াদ নির্ধারণ করিবেন।

(ডি) কর্তব্য পালনের জন্য বোর্ডের সদস্যগণকে প্রদেয় ফি এবং ভ্রমণ খাতে ব্যায়িত অর্থ প্রদান বিষয়ে নির্দেশনা দিবেন।

### উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

(১) Constitution of standing Advisory Board for power Rules Notification, by notification No. Sopp-3/6-65, dated 9th July 1969, the Government of West Pakistan, in exercise of the powers. Conterred on him by Section 35 of the Electricity Act, 1910 and in supersession of Government of West Pakistan, Irrigation and power Department Notification No. Sopp-31/6-65 dated 9th March, 1967 has constituted a standing Advisory Board for power Rates for overhauling and rationalising the rate structure of all the Electric Supply undertakings in Pakistan including WAPDA. and also keeping under Constant watch the tariff structure and costs of various supply undertakings and to submit proposals to Government at suitable intervals for its approval. (vide Gazette of West Pakistan, Extra-ordinary. July 17, 1969 p. 1125).

**৩৬। বিদ্যুৎ পরিদর্শক ও নিয়ন্ত্রক** (Appointment of Electric Inspectors)— (১)——

২) যে এলাকার দায়িত্বভার তাহাদের উপর অর্পিত হইবে ঐ এলাকার জন্য সরকার অফিসিয়াল গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া যথাযথ যোগ্যতা সম্পন্ন বিদ্যুৎ পরিদর্শক নিয়োগ করিবেন, এবং সরকার কর্তৃক নির্দেশিত বাধা নিষেধের শর্তে এই আইনের আওতায় বিদ্যুৎ পরিদর্শক হিসাবে এইভাবে নিয়োগ প্রাপ্ত প্রত্যেক পরিদর্শক ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবেন।

৩) এই আইনে বা তদআওতাভুক্ত বিধিতে বিপরীতার্থক কোন বিধান না থাকিলে বিদ্যুৎ পরিদর্শকের সিদ্ধান্তের বিরুদ্ধে সরকারের নিকট এবং যদি সরকার সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্দেশ করেন তবে বিদ্যুৎ বোর্ডের নিকট আপীল করা যাইবে।

**৩৭। বোর্ডের বিধিমালা প্রস্তুতের ক্ষমতা (Power for Board to make rules.)**— (১) সরকার সমগ্র বাংলাদেশ বা তাহার অংশ বিশেষে বিদ্যুৎ উৎপাদন, পরিচালন, সরবরাহ এবং ব্যবহার নিয়ন্ত্রণের জন্য বিধিমালা প্রণয়ন করিতে পারিবেন এবং সাধারণতঃ এই আইনের প্রয়োজন ও উদ্দেশ্য বাস্তবায়নার্থে—

(এ) অনুমতি পত্রের অধিকারীর আবেদনের জন্য এবং তজ্জন্য অর্থ প্রদানের ছক নিদিষ্ট করিবেন;

(বি) বিজ্ঞপ্তি সমূহ প্রকাশনা নিয়ন্ত্রণ করিবেন;

(সি) অংশ-২ এর আওতায় আবেদন দাখিল করিয়া অভিযোগ পেশের পদ্ধতি নির্ধারণ করিবেন;

(ডি) অনুমতিপত্রের অধিকারী কর্তৃক হিসাব প্রস্তুত ও পেশের নির্দিষ্ট ছক প্রণয়ন করিবেন;

(ই) অনুমতিপত্রের অধিকারী কর্তৃক গ্রাহকগণকে নিয়মিত, কনষ্ট্যান্ট ও যথেষ্ট বিদ্যুৎ সরবরাহ এবং অনুরূপ সরবরাহ সিষ্টেমের বিভিন্ন অংশ নিয়মিতভাবে ও যথেষ্ট পরিমাণে সরবরাহ হইতেছে কিনা তাহা অভীক্ষার ব্যবস্থা করিবেন এবং গ্রাহকগণ কর্তৃক এইরূপ অভিক্ষার রেকর্ড পরীক্ষার ব্যবস্থা করিবেন,

(এফ) বিদ্যুৎ উৎপাদন, পরিচালন, সরবরাহ ও ব্যবহার কাজে ব্যবহৃত যে কোন যন্ত্র (এ্যাপলায়েন্স) ও যন্ত্রপাতির সংস্পর্শে বা নিকটে পৌছা দ্বারা উহাদের ক্রটিযুক্ত বা বিপজ্জনক অবস্থার কারণে কোন ব্যক্তি বা সম্পত্তির অনিষ্ট রোধ করিবেন।

(জি) বৈদ্যুতিক ট্রাকশন নিয়ন্ত্রণের প্রয়োজনে কম রেজিস্টেন্স সম্পন্ন ইনস্যুলেটেড রিটার্নস বা অ-ইনসুলেটেড ধাতব রিটার্নস নিয়োগ করা, ফিউশন বন্ধ করা বা ধাতব পাইপ, স্ট্রাকচার বা বস্তুর মধ্যে বা উপরে ক্ষতিকর বৈদ্যুতিক প্রভাব বন্ধ করা এবং মৃত্তিকা রিটার্ণ হিসাবে ব্যবহৃত হউক বা না হউক, বৈদ্যুতিক ট্রাকশন সিস্টেম বা তন্মধ্যস্থ বিদ্যুৎ প্রবাহের মালিক ছাড়া অন্যপক্ষের বৈদ্যুতিক তার, সরবরাহ লাইন এবং যন্ত্রপাতির সাথে ক্ষতিকর সংস্পর্শ বন্ধের ব্যবস্থা করিবেন।



(এইস) বৈদ্যুতিক উৎপাদন, পরিচালন, সরবরাহ এবং ব্যবহার দ্বারা ক্ষতিকরভাবে টেলিগ্রাফ লাইন বা চৌম্বক পর্যবেক্ষণাগার বা পরীক্ষাগার প্রভাবিত হওয়া রোধের ব্যবস্থা করিবেন।

(আই) বিদ্যুৎ পরিদর্শকগণের যোগ্যতা সম্পর্কে আবশ্যকতা নির্ধারণ করিবেন।

(জে) যেকোন বিদ্যুৎ পরিদর্শককে বা অন্যবিধ নির্দ্দিষ্ট পদমর্যাদা ও শ্রেণীর কর্মকর্তাকে যে কোন স্থানে, যানবাহনে বা নৌযানে প্রবেশের এবং পরীক্ষার জন্য কর্তৃত্ব প্রদান করিতে পারেন যদি বিশ্বাস করিবার মত যুক্তি থাকে যে কোন যন্ত্রপাতি বা বিদ্যুৎ উৎপাদন, সরবরাহ বা ব্যবহারের জন্য উক্ত স্থানে পরীক্ষা ও অভীক্ষার প্রয়োজন এবং এইরূপ পরিদর্শক বা অফিসারকে প্রদেয় সুবিধা নির্ধারণ করিতে পারেন;

(কে) এই ধরণের পরীক্ষা অথবা পরিদর্শক এবং সাধারণতঃ এই আইনের আওতায় বিদ্যুৎ পরিদর্শকের কাজের জন্য ফি আদায়ের কর্তৃত্ব প্রদান ও নিয়ন্ত্রণ করিতে পারিবেন;

(এল) নির্ধারিত আছে বা হইবে এইরূপ যেকোন বিষয়ের জন্য সুবিধা প্রদান করিবেন।

৩) বাতিল।

৪) এই আইনের আওতায় যে কোন বিধি প্রস্তুত বিদ্যুৎ বোর্ড নির্দেশ দিতে পারে যে, উহার যেকোনটি প্রতিপালনে ব্যর্থতার জন্য প্রতিক্ষেত্রে সর্বোচ্চ একশত টাকা পর্যন্ত জরিমানা ধার্য্য করা যাইবে।

**৩৮। বিধিমালা সম্পর্কে অধিকতর বিধান (Further provisions respecting rules)**— (১) পূর্ব প্রকাশ অন্তে বিধিমালার শর্ত সাপেক্ষে সেকশন ৩৭ এর আওতায় বিধিমালা প্রস্তুতের ক্ষমতা প্রয়োগ করা যাইবে।

২) জেনারেল ক্লজেজ এ্যাক্ট, ১৮৯৭ (১৮৯৭ সালের ১০ নং আইন) এর সেকশন ২৩ এর ক্লজ (৩) অনুযায়ী তারিখ নির্ধারিত হইবে যাহার পরে সেকশন ৩৭ এর আওতায় প্রণীত কোন প্রস্তাবিত খসড়া বিধিমালা বিবেচনা করার জন্য ঐ তারিখের অন্যুন তিন মাস পূর্বে সাধারণের অবগতির জন্য খসড়া বিধিমালা প্রকাশ করিতে হইবে।

৩) সেকশন ৩৭ এর আওতায় প্রণীত সকল বিধিমালা অফিসিয়াল গেজেটে প্রকাশ করিতে হইবে এবং উক্তরূপ প্রকাশের পর এই আইন বলে প্রস্তুতকৃত মর্মে কার্যকারিতা পাইবে।

## ফৌজদারী অপরাধসমূহ এবং পদ্ধতি
## (Criminal Offences and Procedure)

**৩৯। বিদ্যুৎ চুরি (Theft of energy)**— যে কোন ব্যক্তি অসাধু উপায়ে বিদ্যুৎ নিষ্কাশন, ভোগ বা ব্যবহার করিলে তাহাকে ৩ বৎসর পর্যন্ত কারাদণ্ড বা দশ হাজার টাকা পর্যন্ত জরিমানা বা উভয় দণ্ড একসঙ্গে প্রদান করা যাইবে, এবং এই ধরনের নিষ্কাশন, ভোগ বা ব্যবহারের সঙ্গে সম্পৃক্ত যে কোন নকশা (device) কৌশল (Contrivance) বা কৃত্রিম পদ্ধতির অস্তিত্ব অনুরূপ নিষ্কাশন, ভোগ বা ব্যবহারের প্রাথমিক সাক্ষ্য হিসাবে গৃহীত হইবে।

**ব্যাখ্যা ঃ** একজন ব্যক্তি অবৈধভাবে বিদ্যুৎ নিষ্কাশন, ভোগ বা ব্যবহার করিয়াছেন বলিয়া মনে করা হইবে—

(এ) যদি কোন মিটার, কিলোওয়াট মিটার, কিলোওয়াট আওয়ার মিটার, কিলোভোল্ট এ্যাম্পায়ার মিটার, কিলোভোল্ট এ্যাম্পায়ার রিয়্যাকটিভ আওতার মিটার, কারেন্ট ট্রান্সফরমারস, পোটেন্সিয়াল ট্রান্সফরমারস অথবা অনুমতিপত্রের অধিকারী কর্তৃক বিদ্যুৎ সরবরাহ এবং নিবন্ধিকরণের প্রয়োজনে স্থাপিত উহাদের নিজ নিজ ফিউজ সমূহ সহ পরিমাপক যন্ত্রের দালিলিক সংযোগের সুস্থিত অবস্থাকে অন্যায়ভাবে ব্যবহার করিতে বা বাধাগ্রস্থ করিবার অবস্থায় কোন ব্যক্তিকে পাওয়া গেলে, বা

(বি) যদি তাঁহাকে কোন মিটারের বহিরাবরণ আবরণ বা কাঁচে গর্ত খনন করিয়া বা যান্ত্রিক, চৌম্বক বা অন্যবিধ পদ্ধতিতে যান্ত্রিক জট সৃষ্টি করিতে দেখা দেয়;

(সি) যদি তাহাকে কোন মিটার, সর্বোচ্চ চাহিদা নির্দেশক বা অন্যবিধ যন্ত্রকে যথাযথভাবে সরবরাহকৃত বিদ্যুতের পরিমাণ বা সরবরাহে বিদ্যুতের অবস্থিতির পরিমাণ নির্ণয়ে ব্যবহৃত কোন মিটার, সর্বোচ্চ চাহিদা নির্দেশক বা অন্যবিধ পরিমাপক যন্ত্রের বহিরাবরণ আবরণ বা কাঁচে গর্ত করিয়া বা যান্ত্রিক, চৌম্বক বা অন্যবিধ পদ্ধতিতে যান্ত্রিক জট সৃষ্টি করিয়া কাজ বাধাগ্রস্থ করিতে দেখা যায়, বা



(ডি) যদি তাহাকে অনুমতিপত্রের অধিকারীর লিখিত অনুমতি ব্যতিরেকে তাহার স্থাপনার যন্ত্র এবং যন্ত্রপাতিকে কোন মিটার, সর্বোচ্চ চাহিদা নির্দেশক বা অন্যবিধ পরিমাপক যন্ত্রপাতির মধ্য দিয়া ছাড়া অনুমতি পত্রের অধিকারীর পূর্তকর্মের সঙ্গে বিদ্যুৎ ভোগ বা ব্যবহারার্থে সংযোগ স্থাপন করিতে দেখা যায়][১]

**[৩৯-এ] কৃত্রিম পদ্ধতি প্রভৃতি স্থাপনের জন্য জরিমানা (Penalty for installation of artificial means, etc.)**— তথা হইতে কোনরূপ সুবিধা আদায় করিয়া বা না করিয়া যে কোন ব্যক্তি অসাধু উপায়ে অনুমতিপত্রের অধিকারীর বিদ্যুৎ নিষ্কাশন; ভোগ বা ব্যবহারের জন্য কোন নকশা (device), কৌশল (contivance) বা কৃত্রিম পদ্ধতি স্থাপন বা ব্যবহার করিলে তিনি সর্বোচ্চ [২][পাঁচ বৎসর] পর্যন্ত যে কোনরূপ কারাদণ্ড বা দশ হাজার টাকা পর্যন্ত জরিমানা বা উভয়রূপ শাস্তি পাইবেন; এবং যদি কোন চত্বরে এইরূপ নিষ্কাশন, ভোগ বা ব্যবহারার্থে যেকোন নকশা, কৌশল বা কৃত্রিম পদ্ধতি অবস্থিত থাকে বা অবস্থিত আছে বলিয়া প্রমাণিত হয়, তবে বিপরীতার্থক কিছু প্রমাণিত না হইলে ধরিয়া লওয়া হইবে যে, অনুরূপ ব্যক্তি এই সেকশনের আওতায় অপরাধ করিয়াছেন।

**ব্যাখ্যা ঃ** এই সেকশনে কৃত্রিম উপায় বলিতে—

(এ) কৃত্রিম জাম্পির মাধ্যমে এরিয়াল লাইন হইতে সরাসরি বৈদ্যুতিক সংযোগ করিলে;

(বি) কৃত্রিম ওয়্যারিং এর সাহায্যে ট্রান্সফরমারের ক্যাবল, মিটারের মূল টার্মিনাল এবং গ্রাহকের স্থাপনার সঙ্গে সরাসরি সংযোগ স্থাপন করিলে;

(সি) প্লাইয়ারজ (ছোট সাঁড়াশি বিশেষ), স্ক্রু ড্রাইভার, কাটার বা অন্যবিধ যন্ত্রের সাহায্যে মিটার টার্মিনাল হইতে সম্ভাবনাময় সংযোগ (Petontial Link) বিচ্ছিন্ন করিলে;

(ডি) যে কোন উপায়ে কোন মিটারের কাঁচের ঢাকনা ভাঙ্গিয়া ফেলা অথবা মিটারের বহিরাবরণ বা আবরণ এ গর্ত করা;

---

১. ১৯৮৩ ইং সনের অর্ডিনেন্স নং XLII দ্বারা প্রতিস্থাপিত।

২. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।

(ই) কৃত্রিম চুম্বকের সাহায্যে মিটারের ডাইরেস আবর্তন থামাইয়া দেয়া বা ধীর করা; বা—

(এফ) কৃত্রিম বৈদ্যুতিক সার্কিটের সাহায্যে ফেজ সিকুয়েন্স পরিবর্তন দ্বারা মিটারের ডাইসের আবর্তন থামাইয়া দেওয়া বা ধীরে করা বা উল্টাইয়া দেওয়া।]১·

**Charge falling under section 39 and 44—charge under section 39 is Proper of established.**

(১) Where an offence falls under both section 39 and 44 the mere fact that a charge could have been made under section 44 does not prevent a charge under section 39 from being Properly made especially where the offence under section 39 is clearly established, Section 39 is in fact the major offence (AIR 1938 Pc 130, 65 IA 158, ILR (1938) 2 Cal. 295, 32 SLR 476, 174 ICI, 39 Cr. L. J. 452

**Report by a Person mentioned in S. 50 is necessary for Prosecution under section s. 39.**

(২) The person initiating procedings under, s. 39 of the Act must be one of the persons mentioned there in and the fact that the electricity which in the subject of the charge belongs to Government cannot bar a person aggrieved by the offence from lodging prosecution against person who have contravened any of the provisions of the Act or of any licence or order thereunder. (PLD 1952 Lah. 369, PLR, 1952 Lah.. 430)

**৪০। উদ্দেশ্য প্রণোদিতভাবে বিদ্যুৎ অপচয় করা বা পূর্তকর্মের ক্ষতি করার জন্য দণ্ড** (Penalty for maliciously wasting energy or injuring works)— যে কেহ উদ্দেশ্য প্রণোদিতভাবে

---

১· ১৯৮৩ ইং সনের অর্ডিনেন্স নং XLII দ্বারা সংযোজিত।



বিদ্যুৎ অপচয় করিলে বা ঘুরাইয়া দিলে বা বিদ্যুৎ সরবরাহ বন্ধের উদ্দেশ্যে কোন বিদ্যুৎ সরবরাহ লাইন বা পূর্তকর্ম কাটিয়া দিলে বা অনিষ্ট করিলে বা কাটিতে বা অনিষ্ট করিতে উদ্যত হইলে উভয়বিধ শাস্তি আরোপযোগ্য হইবে।

**৪০-এ। যে কোন বিদ্যুৎ সরবরাহ সিস্টেম হইতে লাইন সামগ্রী টাওয়ার সদস্য যন্ত্রপাতি প্রভৃতি চুরির জন্য দণ্ড** (Penalty for the theft of line meterials tower members, equipments etc. from any electric supply system)— কোন অনুমতিপত্রের অধিকারী মালিকানাধীন বিদ্যুৎ সরবরাহ লাইন হইতে কোন লাইন সামগ্রী যথা পোল, টাওয়ারের অংশবিশেষ, কণ্ডাক্টরস, ট্রান্সফরমারস্ যে কেহ অসাধু উপায়ে অপসারণ, বিনষ্ট (Dismantles) চুরি বা স্বেচ্ছাকৃত ক্ষতি করিলে ১[পাঁচ বৎসর পর্যন্ত সমকালের জন্য কারাদণ্ড বা দশ হাজার টাকা পর্যন্ত জরিমানা বা উভয়বিধ দণ্ড আরোপ যোগ্য হইবে]।

**৪১। অনুমতিপত্রহীন ব্যক্তি কর্তৃক কর্তৃত্বহীনভাবে বিদ্যুৎ সরবরাহের জন্য দণ্ড** (Penalty for unauthorised supply for energy by non-licensees)— অনুচ্ছেদ ২৮ এর বিধানের বিপরীতভাবে যে কেহ বিদ্যুৎ সরবরাহে লিপ্ত হইলে তজ্জন্য তাহাকে ২[পাঁচ হাজার টাকা] পর্যন্ত জরিমানার শাস্তি ধার্য করা যাইবে এবং বিধান লজ্মনের ঘটনা অনবরত ঘটিতে থাকিলে প্রত্যেক দিন ৩[এক হাজার] টাকা পর্যন্ত জরিমানার শাস্তি আরোপ করা যাইবে।

**৪২। অবৈধ বা ত্রুটিযুক্ত সরবরাহ বা আদেশ প্রতিপালন না করার জন্য দণ্ড** (Penalty for illegal or defective supply or for non-complaince with order)— যে কেহ—

(এ) সেকশন ২৭ বা সেকশন ৫১ বা তাহার অনুমতি পত্রের আওতায় অনুমোদিত ক্ষেত্র ছাড়া অনুমতিপত্রের অধিকারী হইয়া সরবরাহ এলাকার বাহিরে বিদ্যুৎ সরবরাহ করিলে বা কোন বিদ্যুৎ আইন বা পূর্তকর্ম নির্মাণ স্থাপন করিলে; অথবা—

---

১· ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।

২· ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।

৩· ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।

(বি) অনুমতি পত্রের অধিকারী হইয়া এই আইনের বিধান বা তদআওতাভুক্ত বিধিমালা লঙ্ঘন করিয়া বা তাহার অনুমতি পত্রের শর্তসমূহ অবহেলা করিয়া এবং কোন যুক্তিসঙ্গত ওজর ব্যতিরেকে তাহার উপর বর্তিত দায়িত্ব পালনের প্রমাণ প্রদানে ব্যর্থ হইলে, বিদ্যুৎ সরবরাহ বন্ধ করিলে বা বিদ্যুৎ সরবরাহে ব্যর্থ হইলে; অথবা—

(সি) সেকশন ৩৪ এর সাব সেকশন (২) এর আওতায় তাহার উপর জারীকৃত যে কোন আদেশ প্রতিপালনে ব্যর্থ হইলে; এক হাজার টাকা পর্যন্ত জরিমানার শাস্তি আরোপ করা হইতে পারে; এবং অনবরত দোষ বা ব্যর্থতা ঘটিতে থাকিলে প্রতিদিনের জন্য দশ হাজার টাকা পর্যন্ত জরিমানা করা যাইতে পারে।

**উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ**

(১) Prosecution launched against individuals but not the company—Whether legal? Where a person filed three complaints under s. 42 and chose to prosecute not the company which was the licensee but individuals who may or may not be connected with the licensee and so the prosecution of the individuals eviatead of the licensee company was a violation of the express terms of section 42 of the Act and, therefore illegal in the words of couri (PLD 1961 Lah. 875, PLR 1962 (1) W. P. 514.

(২) Section 42 of the Electricity Act, 1910 deals with acts of omission or commission on the put of the licensee under the Act. It is a statute creating specific offences and prescribing penalties against the licensee. There is nothing in the terms of the Act to indicate that the liability will not be enforced against the licensee if it happens to be a company or corporation, since in appropriate cases criminal liability can be, and in enforced, against a company or corporation, there is no legal or guristic difficulty in enforcing the terms of section 42 of the Electricity act 1910. That being so, any prosecution under section 42 must conform to those terms. The penalty prescribed in the section is only a fine, and there is no obligation on the court to inpose imprisonment in default of payment of fine. The fine can always be realised from the property of the company if be a licensee.



**৪৩। অবৈধভাবে বিদ্যুৎ পরিচালন বা ব্যবহারের জন্য দণ্ড** (Penalty for illegal transmission or use of energy)— সেকশন ৩০ এর বিধান লঙ্গন করিয়া তদ্বারা আবশ্যকীয় নোটিশ প্রদান ব্যতিরেকে কেহ বিদ্যুৎ পরিচালন করিলে বা ব্যবহার করিলে [1][দুই বৎসর পর্যন্ত কারাদণ্ড, বা পাঁচ হাজার টাকা পর্যন্ত জরিমানা বা উভয়বিধ] দণ্ড আরোপ করা যাইবে এবং অপরাধ অনবরত ঘটিতে থাকিলে প্রতিদিনের জন্য [2][তিনশত টাকা] পর্যন্ত জরিমানা করা যাইবে।

**৪৪। মিটার বা অনুমতিপত্রের অধিকারী পূর্তকর্মে বাধা সৃষ্টি করা এবং বিদ্যুতের অনুচিত ব্যবহারের জন্য দণ্ড** (Penalty for interference with meters of licensee's works and for improper use of energy)— যে কেহ—

অনুমতি পত্রের অধিকারীর লিখিত সম্মতি ছাড়া সেকশন ২৬ এ উল্লেখিত যে কোন মিটার সর্বোচ্চ চাহিদা নির্দেশক বা অন্যবিধ পরিমাপ যন্ত্রকে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক যে লাইন দ্বারা বিদ্যুৎ সরবরাহ করা হয় তদসঙ্গে সংযোগ স্থাপন করে বা অনুরূপ সরবরাহ লাইন হইতে উহাদেরকে বিচ্ছিন্ন করে; অথবা—

[2][৪৪–এ। **কতিপয় অপরাধ সংঘটনে সহায়তায় দণ্ড** ঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা বিদ্যুৎ সরবরাহ কর্তৃপক্ষ এবং পল্লী বিদ্যুতায়ন বোর্ড এবং কর্মকর্তা ও কর্মচারীসহ যে কেহ ৩৯, ৩৯ক, ৪০, ৪১, ৪২ এবং ৪৪ ধারার অপরাধ সংঘটনে সহায়তা করে যে উক্ত ধারাসমূহে উল্লেখিত অপরাধের জন্য বিধানকৃত একই দণ্ডে দণ্ডনীয় হইবে।]

---

১. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত

২. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।

(বি) অনুরূপ অনুমতিপত্রের অধিকারীর লিখিত সম্মতি ব্যতিরেকে কোন অনুমতিপত্রের অধিকারীর মালিকানাধীন অন্যবিধ পূর্তকর্মের সঙ্গে যোগাযোগের জন্য কোন পূর্তকর্ম স্থাপন করে বা করিবার ব্যবস্থা করে বা সংযোগ করে; অথবা—

(সি) অনুমতিপত্রের অধিকারীর লিখিত সম্মতি ব্যতিরেকে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক তাহাকে সরবরাহকৃত বিদ্যুৎ উচ্চতর হার পদ্ধতি প্রচলিত থাকিলে নিম্নতর হার পদ্ধতির সাহায্যে ব্যবহার করে বা কোন যন্ত্রপাতি অবলবম্বন করে বা মঞ্জুরীকৃত বহন ক্ষমতার অধিক (Load) বহন করে, বা অনুমতিপত্রের অধিকারীর বিদ্যুৎ সরবরাহের লাইন বা পূর্তকর্মের নিরাপত্তা বা দক্ষ কার্যকারিতার পক্ষে অনিষ্টকর পদ্ধতিতে অনুমতিপত্রের অধিকারির বিদ্যুৎ ব্যবহার করে, বা অন্য কোন ব্যক্তিকে দক্ষভাবে বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত করিতে পারে এমন পদ্ধতিতে উহা ব্যবহার করে;

তবে তাকে দশ হাজার টাকা পর্যন্ত জরিমানা এবং অনবরত অপরাধ ঘটাইতে থাকিলে প্রতিদিনের জন্য তিনশত টাকা পর্যন্ত জরিমানার দণ্ড দেওয়া যাইবে। এবং যদি প্রমাণিত হয় যে, ক্লজ (এ) এ বর্ণিত সংযোগ সাধনের জন্য বা ক্লজ (বি) এ বর্ণিত যোগাযোগের জন্য অথবা ক্লাজ (সি) এ বর্ণিত অনুচিৎ ব্যবহার এর সুবিধা সৃষ্টির অবস্থা বিরাজমান, এবং তাহার সম্পত্তি হইলে বা না হইলে ও মিটার, সর্বোচ্চ চাহিদা নির্দেশক বা অন্যবিধ পরিমাপ যন্ত্র গ্রাহকের তত্ত্বাবধানে বা নিয়ন্ত্রণে থাকিলে বিপরীতার্থকভাবে প্রমাণ করিতে না পারিলে ধরিয়া লওয়া হইবে যে, কেইস অনুযায়ী অনুরূপ সংযোগ যোগাযোগ বা অনুচিত ব্যবহার গ্রাহক কর্তৃক জ্ঞাতসারে স্বেচ্ছাকৃতভাবে সম্পাদিত হইয়াছে।

### উচ্চতর আদালতের সিদ্ধান্তসমূহ

(১) Mere fact that a charge could have been made under s. 44 (c) does not prevent a charge under s. 39, where an offence falls under both sections 30 and 44 (e) the fact that a charge could have been made under S. (3) form being properly made especially where the offence under s. 39 is clearly stablished, S. 39 is in fact major offence [AIR 1938 Pc 130, 65 IA 158. ILR (1938) 2 cal. 295, 32 SLR 470, 174 151; 39 Cr, LJ 452].



**৪৫। পাবলিক ল্যাম্প নির্বাপনের দণ্ড** (Penalty for extinguishing public lamps.)— যে কেহ বিদ্বেষবশতঃ যে কোন পাবলিক ল্যাম্প নির্বাপন করিলে ছয় মাস পর্যন্ত কারাদণ্ড, ১[পাঁচ হাজার টাকা] পর্যন্ত জরিমানা বা উভয়বিধ দণ্ড আরোপ করা যাইবে।

**৪৬। অমনোযোগীভাবে বিদ্যুৎ নষ্ট করা বা পূর্তকর্মের অনিষ্ট করার জন্য দণ্ড** (Penalty for negligently wasting energy or injuring works)— যে কেহ অমনোযোগীভাবে বিদ্যুৎ নষ্ট করিলে বা বিপথে চালিত করিলে বা বিদ্যুৎ সরবরাহের সঙ্গে জড়িত যে কোন বিদ্যুৎ সরবরাহ লাইন, পোষ্ট, পোল বা বাতি বা অন্যবিধ যন্ত্রপাতি অমনোযোগীভাবে ভাঙ্গিলে, ছুঁড়িয়া ফেলিলে বা ক্ষতিগ্রস্থ করিলে বা [বিদ্যুৎ সরবরাহ লাইন বা যন্ত্রের উপর বিদ্যুৎ সরবরাহ বাধাগ্রস্থ করিবার উদ্দেশ্যে অমনোযোগীভাবে কোন বস্তু নিক্ষেপ করিলে বা রাখিলে] ২·[হাজার টাকা] পর্যন্ত জরিমানার শাস্তি আরোপ করা যাইবে।

**৪৭। অন্যবিধভাবে বিধান রাখা হয় নাই এমন দোষ করিবার জন্য দণ্ড** (Penalty for offences not otherwise provided for)— সেকশন ৩৯ হইতে ৪৮ (একসঙ্গে সহ) পর্যন্ত বিধান নাই এমত ক্ষেত্রে যেকেহ এই আইনের কোন বিধান প্রতিপালনে বা তদ আওতায় জারীকৃত কোন আদেশ প্রতিপালনে বা অনুমতিপত্রের অধিকারীর ক্ষেত্রে তাহার অনুমতিপত্রের কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হইলে তাহাকে ৩[দুই হাজার টাকা] পর্যন্ত জরিমানা এবং অনবরত ব্যর্থতা ঘটিতে থাকিলে প্রতিদিনের জন্য ৪[দুইশত টাকা] পর্যন্ত জরিমানার দণ্ড আরোপযোগ্য হইবে।

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি কেইস অনুযায়ী সেকশন ১৩, ১৪, ১৫, ১৭ এবং ৩২ এর বিধান প্রতিপালনে ব্যর্থ হইলে তিনি দণ্ড পাইবেন না যদি আদালত এই মত পোষণ করে যে বিষয়টি জরুরী ছিল, এবং অবস্থা অনুযায়ী বর্ণিত বিধানসমূহ অপরাধী যতটা যুক্তি গ্রাহ্যভাবে সম্ভব প্রতিপালন করিয়াছেন।

---

১. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।
২. ১৯ ৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।
৩. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।
৪. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।

**৪৮। অন্য দায়িত্বকে প্রভাবিত করিয়া দণ্ড** (Penalties not to affect other liabilities.)— ক্ষতিপূরণ প্রদানের যে কোন দায়িত্ব বা অনুমতিপত্রের অধিকারীর ক্ষেত্রে তাহার অনুমতিপত্র রদকরণের জন্য অথবা তজ্জন্য সেকশন ৩৯ হইতে ৪৭ (একসঙ্গে সহ ) দ্বারা আরোপিত দণ্ডসমূহ যা অপরাধীর কাজের সঙ্গে জড়িত, অতিরিক্ত হইবে এবং উহা কমাইবার জন্য হইবে না।

**৪৯। পূর্তকর্ম সরকারী মালিকানাধীন হইলে সেই ক্ষেত্রে দণ্ড** (Penalties where works belongs to Government)— সেকশন ৩৯, ৪০, ৪৫, ও ৪৬ এর বিধানসমূহ যতটা প্রযোজ্য ততটা প্রযোজ্য হইবে বলিয়া ধরিয়া লওয়া হইবে যখন প্রস্তুতকৃত আইনের আওতায় শাস্তিযোগ্য অপরাধ সরকার কর্তৃক বিদ্যুৎ সরবরাহ করা বা সরকারের মালিকানা পূর্তকর্মে সংঘটিত হয়।

[1] [৪৯-ক। **কোম্পানী কর্তৃক অপরাধ ঃ** (১) এই আইনের অধীনে কোন অপরাধ সংঘটনকারী ব্যক্তি যদি কোন কোম্পানী হয়, অপরাধ করার সময় উহার দায়িত্ব প্রাপ্ত বা কোম্পানী কার্য নির্বাহের জন্য কোম্পানীর নিকট দায়ী এইরূপ প্রত্যেক ব্যক্তি এবং কোম্পানী ঐ অপরাধের জন্য দায়ী মর্মে গণ্য হইবেন এবং আদালতে অভিযুক্ত হইতে ও তদানুসারে শাস্তি পাইতে বাধ্য থাকিবেন।

তবে শর্ত এই যে, অপরাধটি তাহার জানা শর্তে সংঘটিত হয় নাই বা অপরাধ সংঘটন প্রতিরোধ করার জন্য তিনি সর্বপ্রকার পরিশ্রম করিয়াছেন ইহা প্রমাণ করিতে পারিলে এই উপধারায় বর্ণিত কোন কিছুই এইরূপ কোন ব্যক্তিকে শাস্তির যোগ্য করিবে না।

(২) (১) উপধারায় কোন কিছু জানা সত্বেও যে ক্ষেত্রে এই আইনের অধীনে কোন কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটিত হইয়াছে এবং ইহা প্রমাণিত হইয়াছে যে, অপরাধটি কোম্পানীর সম্মতিতে বা নিরব সমর্থনে বা উহার পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তার অবহেলার কারণে সংঘটিত হইয়াছে, এইরূপ পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কর্মকর্তাও ঐ অপরাধে দোষী বলিয়া গণ্য হইবেন এবং তদানুসারে আদালতে অভিযুক্ত হইতে এবং শাস্তি পাইতে বাধ্য থাকিবেন।

---

[1] ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা প্রতিস্থাপিত।



ব্যাখ্যা ঃ এই ধারার উদ্দেশ্য–

(ক) কোম্পানী অর্থ সংঘবদ্ধ প্রতিষ্ঠান এবং কোন ফার্ম বা অন্য ব্যক্তিদের সংঘ অন্তর্ভূক্ত করে।

(খ) ফার্ম সম্পর্কে পরিচালক (ডাইরেক্টর) বলিতে ফার্মের অংশীদার বুঝায়।]

**৫০। অভিযুক্তির নিয়ম প্রণালী** (Institution of prosecutions)— সরকার বা একজন বিদ্যুৎ পরিদর্শক বা সরকারী প্রকৌশলীর পদমর্যাদার নিম্নে নহেন অনুমতিপত্রের অধিকারী এমন একজন কর্মকর্তা বা উহা দ্বারা ক্ষুব্ধ ব্যক্তির অনুরোধের ক্ষেত্র ছাড়া এই আইন বা তদআওতায় কোন বিধি, অনুমতিপত্র বা আদেশের বিপরীতে কৃত অপরাধের জন্য কোন ব্যক্তির বিরুদ্ধে কোন অভিযোগ আরম্ভ করা যাইবে না।

**৫১। টেলিগ্রাফ কর্তৃপক্ষের কতিপয় ক্ষেত্রে ক্ষমতা প্রয়োগ** (Exercise in certain cases of powers of telegraph authority)— সেকশন ১২ হইতে ১৬ (একসঙ্গে সহ) এবং সেকশন ১৮ ও ১৯ সত্ত্বেও সরকার লিখিত আদেশ বলে যেরূপ শর্ত বা বাধা নিষেধ (যদি থাকে আরোপ যথোপযুক্ত মনে করে এবং ১৮৮৫ সালের টেলিগ্রাম আইনের বিধান সাপেক্ষে বিদ্যুৎ পরিচালনার্থে যন্ত্র এবং যন্ত্রপাতি স্থাপনের জন্য যে কোন একজন কর্মকর্তা (Public officer) অনুমতিপত্রের অধিকারীর উপর এই আইনের আওতায় সরকার কর্তৃক স্থাপিত বা পৃষ্ঠপোষকতা বা ঐরূপ স্থাপিত বা পৃষ্ঠপোষকতা হইবে এইরূপ টেলিগ্রাফ লাইন ও পোষ্টসমূহ স্থাপনের জন্য টেলিগ্রাফ কর্তৃপক্ষের ক্ষমতা অর্পন করিতে পারিবেন।

**৫২। সালিশি বা মধ্যস্থতা** (Arbitration.)— এই আইনের দ্বারা বা আওতায় কোন বিষয় সালিশি বা মধ্যস্থতার মাধ্যমে নিষ্পত্তি নির্দেশ করিলে অনুমতিপত্রের অধিকারীর অনুমতিপত্র দ্বারা সুস্পষ্টভাবে অন্য পদ্ধতি উল্লেখ না করিলে যে কোন পক্ষের আবেদনের উপর তদবিষয়ে সরকার কর্তৃক মনোনীত অনুরূপ ব্যক্তি বা ব্যক্তিবর্গ দ্বারা নিষ্পত্তি হইবে; কিন্তু অন্য সকল ক্ষেত্রে সালিশি আইন, ১৯৪০ (১৯৪০ সালের ১০নং আইন) এর বিধান মতে সালিশি হইবে।

**৫২এ। দেওয়ানী আদালতের এখতিয়ারের উপরে বাধা** (Bar to jurisdiction of Civil Courts)— উক্ত সময়ে প্রয়োগরত অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, সেকশন ৪ এর আওতায় কোন অনুমতিপত্র রদ করিয়া বা সেকশন ৫ এর আওতায় কোন কিছুর দখল গ্রহণ করিয়া বা সেকশন ২৮ এর আওতায় মঞ্জুরী বাতিল করিয়া জারীকৃত প্রতিটি আদেশ এই আইনের অধীনে সালিশির বিধান সমূহের শর্তে চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং কোন আদালতে প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

**৫৩। নোটিশসমূহ, আদেশ সমূহ বা দলিলপত্রাদি জারীকরণ** (Service of notices orders or documents.)— (১) এই আইনের দ্বারা বা আওতায় প্রয়োজনীয় বা কর্তৃত্বপ্রাপ্ত হইয়া প্রতিটি নোটিশ, আদেশ বা দলিলপত্র যাহাকে সম্বোধন পূর্বক প্রেরণ আবশ্যক তাহাকে ডাকযোগে বা সমর্পন মাধ্যমে পাঠাইতে হইবে।

(এ) যে ক্ষেত্রে সরকার প্রাপক সেক্ষেত্রে এতদার্থে যে কর্মকর্তাকে মনোনীত করে তাহার অফিসে;

(বি) স্থানীয় কর্তৃপক্ষ প্রাপক হইলে স্থানীয় কর্তৃপক্ষের অফিসে;

(সি) কোন কোম্পানী প্রাপক হইলে ঐ কোম্পানীর নিবন্ধীকৃত অফিসে বা কোম্পানীর নিবন্ধীকৃত অফিস বাংলাদেশে অবস্থিত না হইলে উক্ত কোম্পানীর বাংলাদেশস্থ প্রধান অফিসে;

(ডি) অন্য কোন ব্যক্তি প্রাপক হইলে ঐ ব্যক্তির সাধারণ বা জ্ঞাত সর্বশেষ আবাসস্থল বা কর্মস্থলে।

২) কোন চত্বরের মালিক বা দখলকারকে এই আইনের আওতায় প্রেরণ প্রয়োজন বা কর্তৃত্ব প্রাপ্ত হইলে প্রতিটি নোটিশ, আদেশ বা দলিলপত্র যথাযথভাবে ঠিকানা লিখিত বলিয়া ধরিয়া লওয়া হইবে যদি চত্বরের (চত্বরের নাম উল্লেখ পূর্বক) মালিক (Owner) বা, দখলকার, (Occupier) লিখিত হয় এবং উহা অথবা উহার অনুলিপি ঐ চত্বরস্থিত কোন ব্যক্তিকে বা যদি ঐ চত্বরে এমন কোন লোক না থাকে যাহার নিকট হস্তান্তর যুক্তি গ্রাহ্যভাবে হস্তান্তরিত বলিয়া না বুঝায় তবে ঐ চত্বরস্থ কোন দৃষ্টি আকর্ষণকারী স্থানে লটকানোর মাধ্যমে হস্তান্তর করিয়া জারী করা যাইবে।



**৫৪। আইনের কতিপয় বিধানের আওতায় পুনরুদ্ধারযোগ্য অর্থ পুনরুদ্ধার** (Recovery of sums recoverable under certain provisions of Act)— যে ব্যক্তির নিকট হইতে পুনরুদ্ধার করিতে হইবে তাহার অস্থাবর সম্পত্তি দুর্দশা বা মালক্রোকী অথবা বিক্রয় মাধ্যমে তিনি সাময়িক অধিবাসী হইলে তাহার এলাকা যে ম্যাজিস্ট্রেটের এখতিয়ারভূক্ত তাহার নিকট আবেদন পেশের মাধ্যমে সেকশন ৪ এর সাব সেকশন (২) এর আওতায় আরোপিত যে কোন দণ্ড, সেকশন ৫ এর ক্লজ (এফ) সেকশন ৬ এর সাবসেকশন (২), সেকশন ১৪ এর সাবসেকশন (২) এর ক্লজ (এইস), সেকশন ১৬ এর সাব সেকশন (২), সেকশন ১৮ এর সাব সেকশন (২) বা সাব সেকশন (৪), বা সেকশন ২৬ এর সাবসেকশন (৪) এর আওতায় পুনরুদ্ধারযোগ্য মর্মে ঘোষিত প্রত্যেক পরিমাণ অর্থ এবং এই আইনের আওতায় আদায়যোগ্য ফি পুনরুদ্ধার করা যাইবে।

**৫৪এ। বিদ্যুৎ সরবরাহের জন্য দাবীকৃত অর্থ বকেয়া ভূমি রাজস্ব মত পুনরুদ্ধার** (Charges for supply of energy recoverable as arrears of Land revenues)— (১) এই আইনে অথবা সাময়িকভাবে কার্য্যকর অন্যবিধ আইনে বা কোন দলিলে যাহাই থাকুক না কেন এই আইনের আওতায় কোন গ্রাহকের নিকট বিদ্যুৎ সরবরাহের জন্য মূল্য বা অন্যবিধ অর্থ বকেয়া হইলে উহা বাকেয়া ভূমি রাজস্ব মত আদায়যোগ্য হইবে।

(২) একজন অনুমতিপত্রের অধিকারী বা তদকর্তৃক যথাযথভাবে কর্তৃত্ব প্রাপ্ত ব্যক্তি বকেয়া অর্থের অংশ সম্পর্কিত প্রত্যায়নপত্র সহ সংশ্লিষ্ট জেলা কালেক্টরের নিকট অর্থ আদায়ের জন্য আবেদন করিতে পারিবেন, এবং অতঃপর অনুরূপ গ্রাহক বা তাহার জামিনদার বা তাহাদের সকলের নিকট উহা বকেয়া ভূমিরাজস্ব মত আদায়ের জন্য কালেক্টর ব্যবস্থা লইতে পারিবেন।

**৫৪-বি। পুলিশের সহযোগিতার জন্য অধিযাচন পত্র** (Requisition of police assistance)—এই আইনের প্রয়োজনীয়তা মিটাইতে কোন অনুমতিপত্রের অধিকারী অথবা এতদার্থে তদকর্তৃত্ব প্রাপ্ত ব্যক্তি পুলিশের সহযোগিতার প্রয়োজন হইলে মেট্রোপলিটান এলাকা হইলে [১][মেট্রোপলিটান পুলিশ কমিশনারের নিকট, জেলার জেলা

---

[১]. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা সংশোধিত।

প্রশাসক বা সংশ্লিষ্ট উন্নীতকৃত থানার থানা নির্বাহী কর্মকর্তার] নিকট আবেদন করিতে পারিবেন, এবং কেইস অনুযায়ী মেট্রোপলিটান পুলিশ কমিশনার বা জেলা প্রশাসক বা থানা নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের নির্দেশ দিবেন।

**৫৪-সি এখতিয়ারের উপর বাধা** (Bar of jurisdiction)— কোন আদালতেই অনুমতিপত্রের অধিকারীকে কোন চত্বরে বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন করা বন্ধের আদেশ প্রদান বা তাহাকে অনুরূপ চত্বরে বিদ্যুৎ সরবরাহ করিতে বলিতে পারিবে না যদি অনুমতিপত্রের অধিকারী সেকশন ২৪ এর সেকশন (১) এর উল্লেখিত নোটিশ প্রদান করে বা এই আইনের বিধানের আওতায় ঐ চত্বরে বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন করে;

শর্ত থাকে যে, এইখানের কোন কিছুই এমন ক্ষেত্রে প্রযোজ্য হইবে না যেখানে আবেদনকারী বাদী বা আপীলকারীকে উক্ত দিবসের তিন দিনের মধ্যে বা কেইস অনুযায়ী মোকদ্দমা, দরখাস্ত অথবা আপীল পেশের সময় অনুমতিপত্রের অধিকারী কর্তৃক তাহার বিপরীতে নিরূপিত অর্থ এবং অন্যবিধ চার্জসমূহ যাহা যখন প্রদেয় হয় তাহা আদালতে জমা দিয়া দরখাস্ত করে; এবং উহা করিতে ব্যর্থতার ক্ষেত্রে ঐ চত্বরে বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন করা হইতে অনুমতিপত্রের অধিকারীকে বিরত করা পূর্বক আদেশ বা ঐ চত্বরে বিদ্যুৎ সরবরাহ পুনর্বহাল করিবার আদেশ যদি ইতিমধ্যেই করা হয় তবে তার কার্যকারিতা বন্ধ থাকিবে।

(২) সাব সেকশন (১) এর আওতায় কোন অর্থ জমা করা হইলে আদালত অনুমতিপত্রের অধিকারীর নামে একটি তফসিল ব্যাংকে উহা জমা দিবার জন্য নির্দেশ দিবেন। অনুমতিপত্রের অধিকারীকে একটি অঙ্গীকারনামা এই ক্ষেত্রে এই মর্মে জমা দিতে হইবে যে, কেইস অনুযায়ী মোকদ্দমা, আবেদন বা আপীলে যদি তাহার বিপক্ষে রায় হয় তবে তিনি আদালত কর্তৃক নির্দ্ধারিত যুক্তি সঙ্গত লাভ সহ কেইস অনুযায়ী বাদী, আবেদনকারী বা আপীলকারীকে এই অর্থ ফেরৎ প্রদান করিবেন।

**৫৫। সরকারের কতিপয় দায়িত্ব বিদ্যুৎ পরিদর্শককে অর্পন** (Delegation of certain functions of Government to Electric Inspectors)— সরকার সাধারণ বা বিশেষ আদেশ



বলে সেকশন ১৩ বা সেকশন ১৮ বা সেকশন ৩৪ এর সাব সেকশন (২) বা তফসিলের ক্লজ (V) এর সাব ক্লজ (২) বা ক্লজ XIII এর আওতায় তাহার দায়িত্ব সমূহ সম্পাদনের জন্য একজন বিদ্যুৎ পরিদর্শককে কর্তৃত্ব প্রদান করিতে পারিবেন।

**৫৬। সরল বিশ্বাসে কৃত কাজকে আশ্রয় প্রদান** (Protection for acts done in good faith)— কোন একজন কর্মকর্তা (Public officer) বা কোন স্থানীয় কর্তৃপক্ষের যে কোন কর্মচারী কর্তৃক এই আইনের অধীনে অর্থ না বুঝিয়া সরল বিশ্বাসে কৃত কোন কিছুর বিরুদ্ধে কোন মোকদ্দমা, অভিযোগ বা অন্যবিধ মোকদ্দমার ধারা চাপানো যাইবে না।

৫৭। রহিত [1]**[Omitted]**

৫৮। রহিত [2]**[Omitted]**

---

১. ১৯৯৩ সনের ২৮ নং আইন দ্বারা রহিত।

২. ১৯৭৩ সনের ৮ নং আইন দ্বারা রহিত।

## দ্বিতীয় অধ্যায়

# তফসিল (সিডুল)
# THE SCHEDULE

অংশ II এর আওতায় মঞ্জুরকৃত প্রতিটি অনুমতি পত্র দ্বারা যতটুকু বিধান সংযোজিত, পরিবর্তিত বা বর্জিত নহে তাহা নিগমবদ্ধ হইয়াছে এবং অংশ হইয়াছে মর্মে গৃহীত হইবে।

[সেকশন ৩, সাব সেকশন (২), ক্লজ (f) দ্রষ্টব্য]

## নিরাপত্তা ও হিসাব
## (Security and Accounts)

**1. অনুমতিপত্রের অধিকারী স্থানীয় কর্তৃপক্ষ না হইলে তাহার পূর্তকর্ম বাস্তবায়নের জন্য নিরাপত্তা** (Security for execution of works of licensee not being local authority)—অনুমতিপত্রের অধিকারী স্থানীয় কর্তৃপক্ষ না হইলে নিম্নবিধ বিধানসমূহ তাহাকে নিরাপত্তা প্রদানার্থে প্রযোজ্য হইবে, যথা ঃ

(এ) অনুমতিপত্রের অধিকারীর উপর বর্ণিত কোন পূর্তকর্ম বাস্তবায়ন সংক্রান্ত যে কোন ক্ষমতা ব্যবহারের পূর্বে তাহার অনুমতিপত্র দ্বারা তদার্থে ধার্যকৃত নির্ধারিত সময় সীমার মধ্যে, বা বিদ্যুৎ আইন ১৯১০ এর সেকশন ৪ এর সাবসেকশন (৩) এর ক্লজ (b) এর আওতায় সরকার কর্তৃক তদার্থে আদেশ দ্বারা যে কোন পরিবর্তিত দীর্ঘতর সময় সীমার মধ্যে অনুমতিপত্রের অধিকারীকে সরকারের সন্তোষে দেখাইতে হইবে যে তিনি সম্পূর্ণ সরবরাহ এলাকায় অনুমতিপত্র দ্বারা তাহার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সম্পূর্ণভাবে ও দক্ষভাবে প্রতিপালনে সক্ষম অবস্থায় আছেন।

(বি) অনুমতিপত্রের অধিকারী অনুমতিপত্র দ্বারা তদার্থে ধার্যকৃত নির্ধারিত সময় সীমার মধ্যে বা বিদ্যুৎ আইন, ১৯১০ এর সেকশন ৪ এর সাব সেকশন (৩) এর ক্লজ (b) এর আওতায় সরকার কর্তৃক তদার্থে আদেশ দ্বারা যে কোন পরিবর্তিত দীর্ঘতম সময় সীমার মধ্যে এবং কোন পূর্তকর্ম বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট যে কোন ক্ষমতা ব্যবহারের পূর্বে অনুমতিপত্র দ্বারা নির্ধারিত বা তদাভাবে সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থ সরকারের সন্তোষে জমা বা জামানত দিতে হইবে।



(সি) এই ক্লজের বিধান মতে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক জমাকৃম বা জামানতকৃত অন্য পূর্তকর্ম সম্পাদনের পর বা সরকার কর্তৃক অনুমোদিত নিয়মিত সময়ের পূর্বে ও কিস্তিতে তাহাকে ফেরত দেওয়া হইবে।

**II. স্থানীয় কর্তৃপক্ষ না হইলে অনুমতিপত্রের অধিকারীর হিসাব নিরীক্ষা** (Audit of Accounts of licensee not being local authority—অনুমতিপত্রের অধিকারী স্থানীয় কর্তৃপক্ষ না হইলে হিসাব নিরীক্ষার ক্ষেত্রে নিম্নবিধ বিধান সমূহ কার্য্যকর হইবে।

(এ) বিদ্যুৎ আইন ১৯১০ এর সেকশন ১১ এর আওতায় অর্পন করিবার পূর্বে স্বত্বের বার্ষিক হিসাব প্রতিবেদন সরকার কর্তৃক এতদার্থে নিয়োজিত বা অনুমোদিত ব্যক্তি কর্তৃক পরীক্ষিত ও নিরীক্ষিত হইবে এবং সরকার কর্তৃক নির্দেশিত পরিমাণ নিরীক্ষকের পারিশ্রমিক হইবে এবং তাহার পারিশ্রমিক ও তাহার দায়িত্ব প্রতিপালনে বা প্রতিপালন কাজে তদকর্তৃক সরকার কর্তৃক অনুমোদিত সকল ব্যয়ভার চাহিদা মোতাবেক অনুমতিপত্রের অধিকারীর বহন করিতে হইবে।

(বি) নিরীক্ষা স্বার্থে স্বত্ব সম্পর্কিত যে সকল বই বা দলিলপত্র দেখা আবশ্যক তা দেখিবার জন্য নিরীক্ষক, তাহার কেরাণীগণ ও সহকারীগণকে অনুমতিপত্রের অধিকারী, যোগান দিবেন এবং উক্ত প্রয়োজনে যখন আবশ্যক তখন তাহাকে এবং তাহাদেরকে তদার্থে সকল প্রমাণপত্র (Voucher) ও তথ্যাদি যোগান দিবেন, এবং তাহাকে ও তাহাদের দায়িত্ব যথাযথভাবে প্রতিপালনের জন্য তাহাকে ও তাহাদেরকে সকল সুবিধাদি প্রদান করিবেন।

(সি) সরকার যে প্রকারে নির্দেশ প্রদান করিবেন তদ প্রকারে নিরীক্ষা অনুষ্ঠিত ও পরিচালিত হইবে।

(ডি) নিরীক্ষক কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন বা সরকার নির্দেশিতভাবে উহার অংশ বিশেষ অনুমতিপত্রের অধিকারীর বার্ষিক হিসাব বিবরণীতে সংযোজিত হইবে এবং অতঃপর হইতে উহার অংশ হইবে।

(ই) এই ক্লজের পূর্বোক্ত বিধানসমূহ স্বত্বেও সরকার যথার্থ মনে করিলে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক নিয়োগ প্রাপ্ত একজন নিরীক্ষকের পরীক্ষা ও নিরীক্ষা গ্রহণ করিতে পারিবেন।

iii. **পৃথক হিসাব** (Separate accounts)—সরকার অন্যবিধভাবে নির্দেশ না দিলে অনুমতিপত্রের অধিকারী স্বত্বের প্রয়োজনে ব্যবহৃত মূলধনের হিসাব সকল সময় তদকর্তৃক সংরক্ষিত অন্য কোন স্বত্ব বা ব্যবসার হিসাবাদি হইতে পৃথক রাখিবেন;

## বাধ্যতামূলক পূর্তকর্ম ও সরবরাহ
## (Compulsory works and supply)

**iv. অনুমতিপত্র আরম্ভের পর পূর্তকর্ম বাস্তবায়ন** (Execution of work after commencement of license)—অনুমতিপত্র আরম্ভের পর তিন বৎসরের মধ্যে অনুমতিপত্রের অধিকারী এতদার্থে অনুমতিপত্রে নির্দিষ্ট সময় প্রকার পূর্তকর্ম সরকারের সন্তোষে সম্পাদন করিবেন অথবা যদি তদভাবে নির্দিষ্ট না থাকে তবে অনুমতিপত্র আরম্ভের ছয় মাসের মধ্যে সরকার লিখিত আদেশের মাধ্যমে যাহা নির্দেশ করিবেন উহা করিবেন।

**v. অতিরিক্ত বিতরণ মেইন স্থাপনের বিধান** (Provisions as to laying down of further distributing mains)—১) অনুমতিপত্র আরম্ভের দুই বৎসর ছয় মাস অতিক্রান্তের পর চত্বর সমূহের ছয় বা ততোধিক মালিক বা দখলকারগণ যেক্ষেত্রে সরবরাহ এলাকাস্থ যে কোন রাস্তার ভিতরে বা উপরের জন্য অথবা সমগ্র রাস্তা বা তার অংশ বিশেষ অনুমতিপত্রের অধিকারীর বিতরণ মেইন হইতে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক পাবলিক লাইটিং যোগান প্রদানের প্রাধিকার জানাইলে ছয় মাসের মধ্যে প্রাধিকারপত্র অনুযায়ী অনুমতিপত্রের অধিকারী কাজ করিবেন।

(এ) অনুমতিপত্রের অধিকারী কর্তৃক পরিষ্কার চৌদ্দ দিনের লিখিত নোটিশ উপরোক্ত মালিক দখলকারগণকে প্রদান করা হইলে অনুমতি পত্রের জন্য যুক্তিযুক্ত লাভে বর্তমান হার অনুযায়ী বাৎসরিক মোট টাকা প্রদান পূর্বক অনূ্যন দুই বৎসরকাল বিদ্যুৎ সরবরাহ গ্রহণ বিষয়ে অনুমতিপত্রের অধিকারীর সঙ্গে যথাযথভাবে সম্পাদিত লিখিত চুক্তি এবং উহা গ্রহণের অনুকূলে যথেষ্ট জামিন প্রদান বা গ্যারান্টি প্রদানের দাবীর বিষয় উল্লেখ পূর্বক তদ্বিষয়ে তাহারা সম্মত হইলে; অথবা—



(বি) সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ অনুরূপ দাবী করিয়া কেইস অনুযায়ী সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ অনুরূপ রাস্তায় অনূ্যন সাত বৎসরকাল পর্যন্ত পাবলিক ল্যাম্পের জন্য বিদ্যুৎ সরবরাহ গ্রহণ বিষয়ে চুক্তিতে আসার কথা আবশ্যকীয় সময় সীমার মধ্যে জানাইলে।

(২) অনুমতিপত্রের অধিকারী এবং অনুরূপ মালিক বা দখলকারের মধ্যে এই ক্লজের আওতায় প্রদেয় জামিন বা যে পরিমাণ জ্বালানী গ্রহণ করিতে হইবে বা উপরোক্ত গ্যারান্টি এর পর্যাপ্ততা লইয়া কোন মতবিরোধ বা বিতর্কের উদ্ভব ঘটিলে বিষয়টি সরকারের নিকট সোপর্দ করিতে হইবে এবং তদকর্তৃক গৃহীত সিদ্ধান্ত বা তদনির্দেশে সালিশীর মাধ্যমে নিষ্পত্তি হইবে।

(৩) এই ক্লজের আওতায় প্রতিটি অধিযাচনপত্র অবশ্যই অধিযাচনকারী বা অধিযাচনকারীগণের স্বাক্ষর করিতে হইবে এবং অনুমতিপত্রের অধিকারীর নিকট প্রেরণ করিতে হইবে।

(৪) ১৯১০ সালের বিদ্যুৎ আইনের আওতায় প্রস্তুতকৃত বিধিমালা দ্বারা নির্ধারিত ফর্মে এই ক্লজের আওতায় প্রত্যেক অধিযাচন করিতে হইবে। এবং ফর্মের কপি অনুমতিপত্রের অধিকারীর কার্যালয়ে রাখিতে হইবে ও বিনামূল্যে যে কোন আবেদনকারীকে সরবরাহ করিতে হইবে।

**VI. মালিক বা দখলকারের পার্শ্ববর্তী অঞ্চলে সরবরাহের অধিযাচন পত্র** (Requisition for supply to owners or occupiers in vicinity)—১) ক্লজ iv বা v-এর শর্তাধীনে বিতরণ মেইন স্থাপনের পর এবং ঐ মেইন সমূহ বা উহাদের কোন একটির মধ্যে দিয়া বিদ্যুৎ সরবরাহ শুরুর পর সরবরাহ এলাকার মধ্যে অবস্থিত যে কোন চত্বরের মালিক বা দখলকার অনুরূপ চত্বরে বিদ্যুৎ সরবরাহের জন্য অধিযাচন পত্র পেশ করিলে অধিযাচনপত্র পেশের এক মাসের মধ্যে বা বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক অনুমোদিত সময় সীমার মধ্যে অনুমতিপত্রের অধিকারী বিদ্যুৎ সরবরাহ করিবে এবং সাইক্লোন, বন্যা, ঝড় বা অন্যবিধ তদনিয়ন্ত্রণ বহির্ভূত অবস্থায় বাধাগ্রস্থ হওয়া ছাড়া অধিযাচনপত্র অনুযায়ী বিদ্যুৎ সরবরাহ বহাল রাখিবেন।

প্রথম শর্ত থাকে যে, অনুমতিপত্রের অধিকারী অনুরূপ কোন অধিযাচনপত্র দ্বারা বাধ্য হইবেন না যদি না বা যতক্ষণ না ঐ ব্যক্তি—

(এ) এতদার্থে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক তাহাকে প্রদত্ত লিখিত নোটিশ প্রদানের চৌদ্দ দিনের মধ্যে সরকার কর্তৃক অনুমোদিত ফর্মে আবশ্যক জামানতসহ যথাযথভাবে সম্পাদিত লিখিত চুক্তি বিষয়ে অনুমতিপত্রের

অধিকারীর নিকট প্রস্তাব করিলে তদ্বারা যুক্তিযুক্তলাভ সহ অনুমতিপত্রের অধিকারী কর্তৃক বর্তমান হার দাবীতে উৎপাদিত হওয়ার পরিমাণ বিদ্যুৎ অনুন দুই বৎসর পর্যন্ত সরবরাহ করা বাধ্যতামূলক হইবে, এবং

(বি) যে সম্পত্তির জন্য অধিযাচন করা হইয়াছে উহাতে বিদ্যুৎ সরবরাহের জন্য নির্মিত বা স্থাপিত সরবরাহ লাইনের ব্যয়ভার এবং অনুমতিপত্রের অধিকারীর বিতরণ মেইন হইতে ঐ সম্পত্তির উপর না হইলেও একশত ফুটের উর্ধের দূরত্বে সরবরাহ লাইন স্থাপন আবশ্যক হইলে তাহার ব্যয়ভার অনুমতিপত্রের অধিকারীর দাবীমত পরিশোধ করেন।

**দ্বিতীয় শর্ত থাকে যে, অনুমতিপত্রের অধিকারী অনুরূপ সরবরাহ বিচ্ছিন্ন করিবার অধিকারী হইবেন—**

(এ) চত্বরে বিদ্যুৎ সরবরাহ করা হয় উহা মালিক বা দখলকার যদি ইতিমধ্যেই জামিন না প্রদান করেন, বা তদকর্তৃক প্রদত্ত কোন জামিন যদি বাতিল বা অপার্যাপ্ত হয় বা মালিক দখলকার পরিবর্তন হইলে এবং এইরূপ মালিক বা দখলকার কেইস অনুযায়ী জামিন প্রদানে বা মূল জামিনকে প্রচলিত হারে পর্যাপ্ত পরিমাণে উন্নীত করণে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক তদার্থে নোটিশ প্রদানের সাত দিনের মধ্যে যদি ব্যর্থ হন; অথবা—

(বি) যে চত্বরে বিদ্যুৎ সরবরাহ করা হয় উহার মালিক বা দখলকার যদি কোন যন্ত্র অবলম্বন করে বা অনুমতিপত্রের অধিকারী কর্তৃক তাহাকে সরবরাহকৃত জ্বালানী এমনভাবে ব্যবহার করে বা এমন পদ্ধতিতে ব্যবস্থা করে যে উহা অনুমতি পত্রের অধিকারীকে অন্য ব্যক্তিকে পারদর্শিতার সঙ্গে জ্বালানী সরবরাহে অযথা বা অনুচিতভাবে বাধার সৃষ্টি করে; অথবা—

(সি) অনুরূপ চত্বরের বৈদ্যুতিক তার, ফিটিংস, পূর্তকর্ম ও যন্ত্রপাতি যদি ভাল অবস্থা ও দশায় না হয় এবং পরবর্তীতে উহা অনুমতিপত্রের অধিকারী বা অন্য ব্যক্তি কর্তৃক জ্বালানী ব্যবহারে ক্ষতিকর প্রভাব ফেলিবার সম্ভাবনা থাকে, অথবা—

(ডি) অনুরূপ চত্বরস্থ কোন বৈদ্যুতিক তার, ফিটিংস, পূর্তকর্ম বা যন্ত্রপাতিতে যদি মালিক বা দখলকার যে কোন পরিবর্তন বা সংযোজন করেন এবং সরবরাহের উৎসের সঙ্গে উহার সংযোগ প্রদানের পূর্বে অনুমতিপত্রের অধিকারীকে উহা পরীক্ষা, অভিক্ষা, হিসাব ও অর্থ দাবী করার জন্য



অবহিত না করেন কিন্তু উক্ত কর্ম বা ত্রুটি বা উভয় (কেইস অনুযায়ী) যজ্জন্য তিনি বিচ্ছিন্ন করিতে পারিয়াছিলেন উহা নিবৃত্তির পর যথাসম্ভব দ্রুততার সঙ্গে অনুমতিপত্রের অধিকারী সরবরাহ পূনঃ সংযোগ করিবে। যে চত্বরে সরবরাহ করা হইবে উহার মালিক বা দখলকার যদি-

(i) অনুমতিপত্রের অধিকারীর বিদ্যুৎ সরবরাহ লাইন বা পূর্তকর্মের নিরাপত্তা বা দক্ষতার সঙ্গে কাজ করিবার পক্ষে অনিষ্টকর বা হানিকরভাবে উহা ব্যবহার করে;

(ii) উচ্চতর হারে মূল্য দাবী যুক্ত পদ্ধতি প্রচলিত থাকিলেও উহা নিম্নতর হারে মূল দাবী যুক্ত পদ্ধতিতে ব্যবহার করে;

(iii) সেকশন ২৬ এ উল্লেখিত যে কোন মিটার, সর্বোচ্চ চাহিদা নির্দেশক বা অন্যবিধ পরিমাপক যন্ত্রকে রক্ষার জন্য উহার সঙ্গে সংযুক্ত বা স্থাপিত অনুমতিপত্রের অধিকারীর সিল, বহিরাবরণ (কেসিং) বা আবরণ (কভারিং) ভাঙ্গে, অনুচিৎরূপে কাজ করে বা জাল করে;

(iv) অনুরূপ যে কোন মিটার, সর্বোচ্চ চাহিদা নির্দেশক বা অন্যবিধ পরিমাপক যন্ত্রের সূচক (index) পরিবর্তন করে;

(v) অনুরূপ যে কোন মিটার, সর্বোচ্চ চাহিদা নির্দেশক বা অন্যবিধ পরিমাপক যন্ত্রকে সরবরাহকৃত জ্বালানী বা সরবরাহে সংযোজিত বোঝা (Load) যথাযথভাবে নিবন্ধীকরণে বাধা দেয়, অথবা—

(vi) অনুরূপ যে কোন মিটার, সর্বোচ্চ চাহিদা নির্দেশক বা অন্যবিধ পরিমাপক যন্ত্র দ্বারা জ্বালানী সরবরাহ, ভোগ বা ব্যবহার যথাযথভাবে নিবন্ধীকরণে বাধা দেয়, কিন্তু কেইস অনুযায়ী ঐ কাজ বা ত্রুটি বা উভয়, যা তাহাকে উহা বিচ্ছিন্ন করিবার অধিকারী করিয়াছিল, উহা নিবৃত্তির পর অনুমতিপত্রের অধিকারী সর্বপ্রকার ন্যায়সংগত দ্রুততার সঙ্গে সরবরাহ পুনঃসংযোগ করিবেন। এবং

তৃতীয় শর্ত থাকে যে, মালিক বা দখলকার কর্তৃক তদচত্বরে সর্বোচ্চ ভোগের আবশ্যকতার উর্ধ পরিমাণ অপেক্ষা অধিক হইবে না এইরূপ প্রতি ইউনিট সময়কাল হারে সর্বোচ্চ পরিমান জ্বালানী সরবরাহ পাইবার অধিকারী হইবেন, এবং মালিক বা দখলকার একটি নির্দ্দিষ্ট সর্বোচ্চ হারে সরবরাহ

চাহিলে অনুমতিপত্রের অধিকারীকে এক মাসের লিখিত নোটিশ প্রদানের পর ছাড়া তিনি ঐ সর্বোচ্চ হার পরিবর্তন করিতে পারিবেন না, এবং অনুমতিপত্রের অধিকারীর বিতরণ মেইন হইতে একশত ফুট অপেক্ষা অধিক দূরত্বস্থ সম্পত্তিতে যে সরবরাহ লাইন দ্বারা জ্বালানি সরবরাহ করা হইবে উহার অনুরূপ পরিবর্তনের জন্য বা ঐ সম্পত্তিসহ অনুমতিপত্রের যে কোন ফিটিংস বা যন্ত্রপাতির জন্য ব্যয়িত অর্থ মালিক বা দখলকারের নিকট হইতে অনুমতিপত্রের অধিকারী আদায় করিতে পারিবেন, এবং

চতুর্থ শর্ত থাকে যে, যদি বিদ্যুৎ সরবরাহের জন্য কোন অধিযাচনপত্র প্রদান করা হয় এবং বিদ্যুৎ পরিদর্শকের পূর্ণ সন্তোষে অনুমতিপত্রের অধিকারী প্রমাণ করিতে পারেন—

(এ) যে, নিকটস্থ বিতরণ মেইন ইতিমধ্যেই উহার পূর্ণ বিদ্যুৎ বহন ক্ষমতার পরিমাণ বোঝাই হইয়াছে, অথবা—

(বি) যে, উহা দ্বারা আরো বেশী পরিমাণ বিদ্যুৎ পরিচালন করিলে চাপ কমিয়া তদ্দ্বারা নিকটস্থ অন্যান্য গ্রাহকগণকে বিদ্যুৎ সরবরাহের দক্ষতা হইবে, তবে বিতরন মেইন স্থাপন বা নির্মানের জন্য বিদ্যুৎ পরিদর্শক যথোপযুক্ত বলিয়া মনে করিলে ছয় মাসের উর্ধে নহে এমন যৌক্তিক সময়কাল পর্যন্ত অনুমতিপত্রের অধিকারীর অধিযাচনপত্রে সম্মতি প্রদানে অমত করিতে পারেন।

২) অধিযাচনকারী ব্যক্তি ইহার অংশবিশেষ প্রদান করা সত্বেও সাব ক্লজ (১) এর আওতায় দাবীকৃত সরবরাহের জন্য কোন সরবরাহ লাইন স্থাপিত হইলে অনুমতিপত্রের অধিকারী উহা বজায় রাখিবেন।

(৩) জ্বালানী গ্রহণে পরিমাণ বা পূর্বোক্ত গ্যারান্টি প্রদান বা সাব ক্লজ (১) এর তৃতীয় শর্তাধীনে ব্যয়িত অর্থের পরিমাণ সম্পর্কে কোন মতবিরোধ বা বিতর্কের উদ্ভব ঘটিলে যে কোন পক্ষের আবেদনক্রমে বিষয়টি একজন বিদ্যুৎ পরিদর্শকের নিকট সোপর্দ করা হইবে যিনি অনুরূপ আবেদনের পর সর্বোচ্চ ষাট দিবসের মধ্যে এবং পক্ষসমূহকে শুনানীর সুযোগ প্রদান করিয়া বিষয়টিতে সিদ্ধান্ত দিবেন এবং বিদ্যুৎ পরিদর্শক নির্ধারিত সময় সীমার মধ্যে বিষয়টিতে সিদ্ধান্ত দিতে না পারিলে বা কোন একটি পক্ষ বিদ্যুৎ পরিদর্শকের সিদ্ধান্ত মানিতে অস্বীকৃত হইলে বিষয়টি আদালতে সোপর্দ হইবে এবং উহার সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।



৪। এই ক্লজের আওতায় প্রতিটি অধিযাচনপত্র অধিযাচনকারী বা অধিযাচনকারীগণ কর্তৃক স্বাক্ষরিত হইবে এবং অনুমতিপত্রের অধিকারীকে প্রদান করিতে হইবে।

৫। এই ক্লজের আওতায় প্রতিটি অধিযাচনপত্র ১৯১০ সালের বিদ্যুৎ আইনের আওতাভুক্ত বিধি দ্বারা নির্ধারিত ফরমে করিতে হইবে, এবং অনুমতিপত্রের অধিকারীর কার্যালয়ে উহার কপি রাখিতে হইবে ও যে কোন আবেদনকারীকে বিনামূল্যে সরবরাহ করিতে হইবে।

**vii. সরবরাহ লাইন স্থাপনের অতিরিক্ত বিধানসমূহ** (Further provisions as to laying for service lines)—ইতিমধ্যেই বিতরণ মেইন স্থাপিত বা নির্মিত হয় নাই, এমন কোন রাস্তায় সরবরাহ লাইন স্থাপন বা নির্মান করিবার পূর্বে অনুমতিপত্রের অধিকারী স্থানীয় কর্তৃপক্ষের (যদি থাকে) উপর এবং স্থাপনব্য বা নির্মানব্য সরবরাহ লাইনের উৎসমুখে ও শেষ প্রান্তে অবস্থিত রাস্তার ধারে অবস্থিত চত্বর সমূহের মালিক বা দখলকারদের উপর একুশ দিনের নোটিশ এই মর্মে জারী করিবেন যে, অনুমতিপত্রের অধিকারী সরবরাহ লাইন স্থাপন বা নির্মাণ করিতে চান এবং জানানোর পর উপরোক্ত সময় সীমার মধ্যে যদি স্থানীয় কর্তৃপক্ষ অথবা অনুরূপ পাঁচ বা ততোধিক যে কোন সংখ্যক পাবলিক ল্যাম্প বা তাহাদের চত্বরে সরবরাহ পাইতে চাহিলে অনুমতিপত্রের অধিকারী প্রয়োজনীয় বিতরণ লাইন এবং একই সঙ্গে সরবরাহ লাইন স্থাপন বা নির্মাণ করিবেন।

**viii. পাবলিক ল্যাম্পের জন্য সরবরাহ** ঃ (Supply for public lamps.)—(১) ক্লজ iv বা ক্লজ v এর শর্তাধীনে বিতরণ মেইন স্থাপনান্তে এবং ঐ মেইন সমূহ বা যে কোনটিতে জ্বালানী সরবরাহ শুরু হইবার পর সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ অনুমতিপত্রের অধিকারীর নিকট সরবরাহ এলাকা মধ্যস্থ যে কোন পাবলিক ল্যাম্পে অন্যূন সাত বৎসর পর্যন্ত জ্বালানী সরবরাহের অধিযাচনপত্র প্রদান করিলে অনুমতিপত্রের অধিকারী সরবরাহ করিবে এবং সাইক্লোন, বন্যা, ঝড় বা অন্যবিধ তদআওতা বহির্ভূত ঘটনা দ্বারা বাধাগ্রস্থ না হইলে কেইস অনুযায়ী সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের চাহিদানুযায়ী অনুরূপ বাতি সমূহে জ্বালানী সরবরাহ করিতে থাকিবেন।

২) প্রথম শর্তের সাব ক্লজ (বি) দ্বিতীয় শর্তের সাব ক্লজ (সি) ও (ডি) তৃতীয় ও চতুর্থ শর্তের সাব ক্লজ (i) পর্যন্ত শর্তসমূহ এবং ক্লজ vi এর সাব ক্লজ (২) ও (৩) এর শর্ত সমূহ এই ক্লজের আওতায় বিদ্যুৎ সরবরাহের জন্য অধিযাচনকৃত প্রতিটি ক্ষেত্রে যতদূর সম্ভব প্রযোজ্য হইবে যেন ঐ সকল শর্ত সমূহের অর্থ মধ্যে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষ ছিল একজন মালিক বা দখলকার।

**বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারীবৃন্দ (Bulk-Licensees) কর্তৃক সরবরাহ (Supply by bulk-licensees.)**

**ix. বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারীবৃন্দ কর্তৃক সরবরাহ ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ বিধানাবলী (Special provisions applying of supply by bulk licensees)—**

(i) অনুমতিপত্রের অধিকারী (এই ক্লজে বৃহদায়তনে অনুমতিপত্রের অধিকারী বা bulk licensees হিসাবে উল্লেখিত) তাহার অনুমতিপত্র দ্বারা অন্য অনুমতিপত্রের অধিকারী হিসাবে উল্লেখিত) বিতরণের জন্য জ্বালানি সরবরাহের জন্য কর্তৃত্বপ্রাপ্ত হইলে (যে ক্ষেত্রে ও যতদূর পর্যন্ত) নিম্নবিধ শর্তসমূহ প্রযোজ্য হইবে, যথা—

(এ) যে কোন বিতরণ অনুমতিপত্রের অধিকারী বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারী সরবরাহ এলাকার মধ্যে তাহার উপর জ্বালানী সরবরাহের জন্য স্থান নির্দেশ পূর্বক ও প্রতি ইউনিট সময়ে সর্বোচ্চ যে হারে সরবরাহ আবশ্যক ও যে তারিখ হইতে সরবরাহ আবশ্যক তাহা উল্লেখ পূর্বক অধিযাচন প্রদান করিবেন। এইরূপ অধিযাচন প্রাপ্তির অন্তে সরবরাহের তারিখ নির্ধারিত হইবে যেন ঐ অঞ্চলের ও বিদ্যুৎ সরবরাহ লাইনে দৈর্ঘ্য ও যে পরিমাণ প্ল্যান্ট আবশ্যক তাহা বিবেচনায় লইবার যুক্তিসঙ্গত সময় তিনি পান।

(বি) বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারী যদি চাহেন তবে অনুরূপ বিদ্যুৎ উৎপাদনে বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারী কর্তৃক ব্যয়িত অর্থের উপর (ঐ সময়ে অবস্থিত জেনারেটিং প্ল্যান্ট এবং ঐ সময়ে স্থাপিত বা প্রতিষ্ঠিত অবস্থায় স্থির বিদ্যুৎ সরবরাহ লাইনের ব্যয়ভার ব্যতিত) একটি যুক্তিসংগত লাভ আসিবে এইরূপ হারের নিম্নে নহে এমন সাময়িকভাবে দাবীকৃত মূল্য পরিশোধের ভিত্তিতে অন্যুন সাত বৎসর জ্বালানীর সরবরাহ গ্রহণ ও মূল্য প্রদানের জন্য অনুরূপ বিতরণ অনুমতিপত্রের অধিকারী বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারীর সহিত লিখিতভাবে চুক্তিবদ্ধ হইবেন।

(সি) বিতরণ অনুমতিপত্রের অধিকারী কর্তৃক সরবরাহের জন্য আবশ্যকীয় পরিমান অপেক্ষা অধিক প্রতি ইউনিট সময়ে সর্বোচ্চ হারে সরবরাহ গ্রহণের জন্য তিনি স্বত্ববান হইবেন না, এবং পূর্বের বিধানসমূহের আলোকে নতুন অধিযাচনের ভিত্তিতে ব্যতিত উহা বৃদ্ধি করা হইবে না।

(ডি) এই ক্লজের আওতায় কোন মত পার্থক্য বা বিতর্কের উদ্ভব ঘটিলে তাহা সালিশীর মাধ্যমে নিষ্পত্তি হইবে এবং এইরূপ সালিশীর ক্ষেত্রে মধ্যস্থতাকারী নিম্নবিধ বিষয়াদির উপর মনোযোগ দিতে হইবে, যথা—

(i) বিতরণ অনুমতিপত্রের অধিকারী যে সময়কাল পর্যন্ত জ্বালানী গ্রহণে নিজেকে বাধ্যবাধকতায় লইতে প্রস্তুত

(ii) যে পরিমাণ জ্বালানী প্রয়োজন এবং যে সময়ের জন্য বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারীকে উহা সরবরাহ করিতে হইবে;

(iii) অনুরূপ সরবরাহ বন্ধ করা হইলে বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারী কর্তৃক ব্যয়কৃত বা ব্যয় করা হইবে এমন মূলধন ব্যয়ের যে অংশ অনুৎপাদী হইতে পারে।

(২) সাব-ক্লজ (১) এ যাহাই থাকুক না কেন তাহার সরবরাহ এলাকার ভিতরে কোন বিতরণের অনুমতিপত্রের অধিকারীর জ্বালানী সরবরাহের আবেদনের প্রেক্ষিতে বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারী জ্বালানী সরবরাহ করিবে যদিও বিতরণের অনুমতিপত্রের অধিকারী কর্তৃক আংশিকভাবে সরবরাহের জন্য দাবী করা হয়। শর্ত থাকে যে, বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারী যদি চান তবে বিতরণের অনুমতিপত্রের অধিকারী জ্বালানী সরবরাহ গ্রহণের নিমিত্তে বিশেষ শর্তে (বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারী বাৎসরিক একটি ন্যুনতম অংশ পরিশোধ সহ) চুক্তিতে আসিতে পারেন প্রয়োজনবোধে যা সাব ক্লজ (১) (ডি) এ বর্ণিত পদ্ধতিতে সালিশির মাধ্যমে নির্ধারিত হইবে।

৩) বিতরণের অনুমতিপত্রের অধিকারীকে প্রত্যেক সরবরাহের জন্য অনুমতিপত্রের অধিকারী কর্তৃক ধার্য্যকৃত সর্বোচ্চ মূল্য সাব ক্লজ (২) এর আওতায় কোন আংশিক সরবরাহের ক্ষেত্র প্রযোজ্য হইবে না;

৪) প্রত্যেক বিতরণ অনুমতিপত্রের অধিকারী যাহারা বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারী কর্তৃক বিদ্যুৎ সরবরাহ পাইয়া থাকেন তাহারা অনুরূপ সরবরাহ গ্রহণ বাদ দিতে চাহিলে অনুরূপ অভিপ্রায় জানাইয়া বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারীকে অন্যুন বার মাসের নোটিশ প্রদান করিবেন।

শর্ত থাকে যে, বিতরণের জন্য অনুমতিপত্রের অধিকারী বৃহদায়তন অনুমতিপত্রের অধিকারীর সঙ্গে একটি নির্দ্দিষ্ট সময়ের জন্য জ্বালানি সরবরাহ গ্রহণ ও মূল্য প্রদানের জন্য লিখিতভাবে চুক্তিবদ্ধ হইলে উক্ত সময় সীমা অতিক্রান্ত হইবার পূর্বে মূল্য ধার্য (Charges) নোটিশ দিবেন।

**x. মূল্য ধার্যের পদ্ধতি** (Methods of charging)— (১) বিদ্যুৎ আইন, ১৯১০ এর সেকশন ২৩ এর সাব সেকশন (৩) এর ক্লজ (ই) অনুযায়ী সরকার কর্তৃক অনুমোদিত কোন পদ্ধতিতে অনুমতিপত্রের অধিকারী মূল্য ধার্য্য করিলেও কোন গ্রাহক উক্ত পদ্ধতির উপর আপত্তি করিলে, অনুমতিপত্রের অধিকারীর ইচ্ছানুযায়ী গ্রাহককে সরবরাহকৃত জ্বালানীর প্রকৃত পরিমাণ বা সরবরাহে অন্তর্ভূক্ত বিদ্যুতের পরিমাণ এর যে কোন একটির ভিত্তিতে মূল্য ধার্য্যের জন্য অন্যুন এক মাসের লিখিত নোটিশ প্রদান করিবেন এবং অতঃপর গ্রাহকের সম্মতি ব্যতিরেকে অন্য পদ্ধতিতে তিনি মূল্য ধার্য্য করিতে পারিবেন না।

২) কোন বিতরণ মেইনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ আরম্ভের পূর্বে গণবিজ্ঞপ্তির মাধ্যমে অনুরূপ সরবরাহতব্য বিদ্যুতের মূল্য ধার্য্যের পদ্ধতি সম্পর্কে অনুমতিপত্রের অধিকারী নোটিশ প্রদান করিবেন; এবং এইরূপ নোটিশ প্রদানের পর তিনি পদ্ধতি পরিবর্তনের জন্য উপযুক্ত হইবেন না যদি না অন্যুন এক মাসের লিখিত নোটিশ দ্বারা সরকার স্থানীয় কর্তৃপক্ষ (যদি থাকে) ও অনুরূপ বিতরণ মেইন হইতে সরবরাহকৃত জ্বালানীর প্রত্যেক গ্রাহককে তাহা অবহিত না করেন।

৩) বিদ্যুৎ আইন, ১৯১০ এর সেকশন ২৬ এর সাব সেকশন এর শর্তানুযায়ী যদি কোন গ্রাহককে মিটার প্রদান করা হয় এবং অনুমতিপত্রের অধিকারী বিতরণ মেইন হইতে সরবরাহকৃত জ্বালানির মূল্য ধার্য্যের পদ্ধতি পরিবর্তন করেন তবে নতুন মিটার বা নতুন মূল্য ধার্য্যের জন্য প্রয়োজনীয় অন্যবিধ যন্ত্র স্থাপনের ব্যয়ভার তিনি বহন করিবেন।



**xi সর্বোচ্চ মূল্য ধার্য্য করা** (Maximum charges)—ক্লজ ৫ এর সাব ক্লজ (৩) এর শর্তে ছাড়া অনুমতিপত্রের অধিকারী তদকর্তৃক সরবরাহকৃত জ্বালানীর জন্য ধার্যকৃত মূল্য অনুমতিপত্র দ্বারা নির্ধারিত সর্বোচ্চ সীমা, বা সরকার কর্তৃক অনুমোদিত ধার্য্য পদ্ধতির ক্ষেত্রে ঐ পদ্ধতি অনুমোদনের সময় সরকার কর্তৃক নির্ধারিত সর্বোচ্চ সীমা লংঘন করিবে না।

শর্ত থাকে যে, অনুমতিপত্র আরম্ভের সাত বৎসর অতিক্রান্তের পর যদি কোন সময় সরকার মনে করে যে, উপরোক্তভাবে নির্ধারিত বা অনুমোদিত সর্বোচ্চ সীমা পরিবর্তন করা আবশ্যক, তবে বিষয়টি একটি উপরোক্ত বোর্ডের নিকট প্রেরণ করিবে এবং যদি বোর্ড কোন পরিবর্তনের সুপারিশ করে তবে সুপারিশের আলোকে আদেশ জারী করিতে পারেন যাহা উহাতে উল্লেখিত তারিখ হইতে কার্যকর হইবে;

আরো শর্ত থাকে যে, পূর্বের শর্তের আলোকে কোন আদেশ জারী করা হইলে অতিরিক্ত পাঁচ বৎসর অতিক্রান্তের পূর্বে সর্বোচ্চ সীমা নির্ধারণের পরিবর্তন যুক্ত আর কোন আদেশজারী করা যাইবে না।

**xi-A. ন্যুনতম মূল্য ধার্য্য করণ** (Minimum charges)—গ্রাহকের নিকট হইতে জ্বালানীর জন্য ন্যুনতম মূল্য ধার্য্য করা যাইবে এবং তাহার অনুমতিপত্র দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উহা নির্ণয় হইবে, এবং যে সময়ের জন্য এইরূপ ন্যুনতম মূল্য ধার্য্য করা হয় ঐ সময়ে গ্রাহক কোন জ্বালানি ব্যবহার না করিলেও এইরূপ ন্যুনতম মূল্য প্রদেয় হয়।

**(xii) পাবলিক ল্যাম্প সমূহের জন্য মূল্য ধার্য্য করণ** (Charge for supply for public lamps)—পাবলিক ল্যাম্প সমূহের জন্য সরবরাহকৃত জ্বালানীর জন্য অনুমতিপত্রের অধিকারী মূল্য ধার্য্য করিতে পারিবেন এবং তাহা তাহাকে প্রদেয় হইবে এবং এইরূপ মূল্য ধার্যের পদ্ধতি অনুমতিপত্রের অধিকারী ও ক্ষেত্র বিশেষে সরকার বা স্থানীয় কর্তৃপক্ষের চুক্তির মাধ্যমে নির্ধারিত হইবে এবং কোন মত পার্থক্য বা বিতর্কের উদ্ভব ঘটিলে সালিশির মাধ্যমে তাহা নিষ্পত্তি হইবে।

## অভিক্ষা ও পরিদর্শন
## (Testing and Inspection)

**xiii. অনুমতিপত্রের অধিকারীর অভিক্ষা কেন্দ্র স্থান ও অভিক্ষার জন্য যন্ত্রপাতি রাখা** (Licensee to establish testing stations and keep instruments for testing)—অনুমতিপত্রের অধিকারী নিজস্ব ব্যয়ে এইরূপ সংখ্যক অভিক্ষা কেন্দ্র স্থাপন করিবেন ও যথাযথ অবস্থায় রক্ষা করিবেন যা বিতরণ মেইন হইতে যুক্তি সংগত দূরত্বে নির্ধারিত স্থানে স্থাপনের জন্য নির্দেশিত স্থানে অবস্থিত হইবে এবং ঐ সকল স্থানে ও যে সকল চত্বরে তিনি বিদ্যুৎ সরবরাহ করেন সেখাতে বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক অনুমোদিত অভিক্ষার জন্য যন্ত্র তিনি সরবরাহ করিবেন ও যথাযথ অবস্থায় রাখিবেন এবং অভিক্ষার জন্য প্রত্যেক অভিক্ষা কেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ করিবেন।

**xiv. অভিক্ষার জন্য সুযোগ সুবিধা** (Facilities for testing)—তাহার কাজ পরিদর্শন ও অভিক্ষার জন্য এবং তাহার যন্ত্রপাতির গঠন, অভিক্ষা ও পরিদর্শনের জন্য অনুমতিপত্রের অধিকারী সকল সুযোগ সুবিধা প্রদান করিবেন এবং তাহার পূর্তকর্মের অভিক্ষার প্রতিটি ক্ষেত্রে বা কোন যন্ত্রপাতির গঠন, অভিক্ষা বা পরিদর্শনের ক্ষেত্রে একজন প্রতিনিধি তাহার প্রতিনিধিত্ব করিবে, যিনি উপস্থিত থাকিতে পারিবেন কিন্তু গঠন, অভিক্ষা বা পরিদর্শনে বাধা দিতে পারিবেন না।

**xv. পূর্তকর্মের অভিক্ষা** (Testing of works.)—বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক অনুমতিপত্রের অধিকারীর কোন পূর্তকর্ম অভিক্ষার ক্ষেত্রে অনুমতিপত্রের অধিকারীকে তদবিষয়ে যুক্তিসঙ্গত নোটিশ প্রদান করিতে হইবে; এবং বিদ্যুৎ পরিদর্শকের মতে অনুমতিপত্রের অধিকারী কর্তৃক বিদ্যুৎ সরবরাহ ন্যুনতম বাধার সৃষ্টি করে এমন উপযুক্ত সময়ে এবং বিদ্যুৎ পরিদর্শকের মতে উপযুক্ত এইরূপভাবে অভিক্ষা পরিচালিত হইবে। কিন্তু সরকার কর্তৃক তদার্থে জারীকৃত আদেশের শর্ত ব্যতিরেকে যে সকল স্থানে অনুমতিপত্রের অধিকারীর প্রবেশ সুবিধা আছে সেই সকল স্থান ছাড়া অনুমতিপত্রের অধিকারীর পূর্তকর্মের কোন স্থানে বিদ্যুৎ পরিদর্শকের প্রবেশাধিকার বা বাধা প্রদানের অধিকার থাকিবে না।



শর্ত থাকে যে, উপরোক্ত মতে বিদ্যুৎ পরিদর্শকের যে কোন অভিক্ষা দ্বারা সৃষ্ট বা প্রয়োজনে সৃষ্ট বিদ্যুৎ সরবরাহের যে কোন প্রতিবন্ধকতা বা বিশৃংখলতার জন্য অনুমতিপত্রের অধিকারীকে দায়ী করা যাইবে না।

আরো শর্ত থাকে যে, সরকার কর্তৃক প্রতিক্ষেত্রে এতদার্থে জারীকৃত আদেশের মাধ্যমে ব্যতিত অনুমতিপত্রের অধিকারীর কোন পূর্তকর্মের যে কোন অংশে তিন মাসের মধ্যে একবারের বেশি অভিক্ষা পরিচালন করা যাইবে না।

**xvi. সরবরাহ এলাকার নকশা (Plan) পরিদর্শনের জন্য উন্মুক্ত করা ও রাখা** (Plan of area of supply to be made and kept open for inspection)—(১) জ্বালানি সরবরাহ আরম্ভের পরপরই অনুমতিপত্রের অধিকারী সরবরাহ এলাকার একটি নকশা প্রস্তুত করিবেন এবং রাস্তাদি ও ভূগর্ভস্থ পূর্তকর্মের ক্ষেত্রে তাহার এ সময়ের সকল বিদ্যুৎ সরবরাহ লাইন সমূহের ভূপৃষ্ঠ হইতে আনুমানিক গভীরতা, রাস্তার বিতরণ বক্স সমূহ ও অন্যান্য পূতকর্ম নকশায় চিহ্নিত করিবেন এবং বৎসরে একবার ঐ নকশা সংশোধন করিবেন যেন সাময়িকভাবে বিদ্যুৎ সরবরাহ লাইন সমূহ, রাস্তার বিতরণ বক্সসমূহ অন্যান্য পূর্তকর্মের অবস্থান বোঝা যায়। বিদ্যুৎ পরিবদর্শক যদি চান তবে অনুমতিপত্রের অধিকারী সরবরাহ লাইনসমূহ ব্যতিরেকে সকল ভূগর্ভে অবস্থিত পূর্তকর্মের আনুমানিক অবস্থান প্রদর্শনপূর্বক ছেদন (সেকশন) সমূহ প্রস্তুত করিবেন।

২) সরকার যেইরূপ চান সেইরূপ মাপে (স্কেলে) প্রত্যেক অনুরূপ নকশা প্রস্তুত করিতে হইবে; শর্ত থাকে যে, কোন স্কেল প্রয়োজন হইবে না যদি না ঐ স্কেলে স্থানীয় ম্যাপ জনগণকে প্রদর্শনের জন্য প্রয়োজন হয়।

৩) সরকার যেইরূপভাবে চান সেইরূপ প্রতিটি ছেদনের (সেকশনের) আনুভূতিক ও লম্বভাবে স্কেলে অংকন করিতে হইবে।

৪) অনুরূপভাবে প্রস্তুতকৃত বা সংশোধিত প্রত্যেক নকশা (প্ল্যান) ও ছেদন (সেকশন) বা উহাদের কপিসমূহ প্রস্তুতের বা সংশোধনের তারিখ উল্লেখ পূর্বক অনুমতিপত্রের অধিকারী সরবরাহ এলাকাস্থ তাহার প্রধান অফিসে বা কর্মস্থলে রাখিবেন এবং সকল আবেদনকারীগণের পরিদর্শনের জন্য উহা সকল যুক্তিযুক্ত সময়ে উন্মুক্ত রাখিবেন, এবং বিদ্যুৎ আইন, ১৯১০ এর আওতায় প্রস্তুতকৃত বিধিমালা দ্বারা নির্দ্দিষ্টকৃত শর্তাদিতে উহার কপি সরবরাহ করিবেন।

৫) বিদ্যুৎ পরিদর্শক এবং অনুমতিপত্রের অধিকারী স্থানীয় কর্তৃপক্ষ না হইলে স্থানীয় কর্তৃপক্ষের (যদি থাকে) চাহিদানুযায়ী অনুরূপ বিদ্যুৎ পরিদর্শক বা সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষকে অনুমতিপত্রের অধিকারী বিনামূল্যে তাহার প্রধান অফিস বা ব্যবসাস্থলে রক্ষিত যথাযথভাবে সংশোধিত মূলকপির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নকশা বা ছেদন (সেকশন) এর কপি সরবরাহ করিবেন।

**xvii. বিদ্যুৎ পরিদর্শকের নোটিশ প্রদান** (Notice to Electric Inspector—১৯১০ সালের বিদ্যুৎ আইনের সেকশন ১৩-এ উল্লেখিত কোন পূর্তকর্ম শুরুর পরবর্তী দিবসে অন্যান্য যে সকল নোটিশ প্রদান করা আবশ্যক ঐ সকলসহ বিদ্যুৎ পরিদর্শককে বা সরবরাহ এলাকায় এতদার্থে সরকার কর্তৃক নিযুক্ত কর্মকর্তাকে পূর্তকর্ম প্রায় আরম্ভ করা এবং উহার প্রকৃতি ও অবস্থান সম্পর্কে একটি নোটিশ প্রদান করিবেন।

**পাদটীকা-১** ঃ The Electricity (Amendment) Ordinance. 1983 (Ordinance No XLII 1983) অনুযায়ী সংশোধিত। বিদ্যুৎ বিধিমালার আরো সংশোধনী বইয়ের শেষে প্রদর্শিত হইয়াছে। ঐ সংশোধনীসমূহ এই আইনের উপর প্রযোজ্য হইবে।

# বিদ্যুৎ প্রবিধান, ১৯৬১

## বিদ্যুৎ বিধিমালা ১৯৩৭-এর ৪৮(১) বিধির আওতায় রেগুলেশন্স

নং ৩ ডব্লিউ পি (পি), ১২ই জানুয়ারী, ১৯৬১—১৯৩৭ সনের বিদ্যুৎ বিধিমালার ৪৮ বিধির উপবিধি (১) দ্বারা অর্পিত ক্ষমতা প্রয়োগক্রমে এতদ্বিষয়ে এতদ্‌পূর্বে জারীকৃত সকল রেগুলেশন্স রহিতপূর্বক সরকার এমর্মে নির্দেশ করেন যে, যথাক্রমে বৈদ্যুতিক ঠিকাদারগণ, সুপারভাইজার ও বৈদ্যুতিক কারিগরগণ নিম্নবিধ প্রবিধান দ্বারা পরিচালিত হবেন, যথা–

### প্রবিধানসমূহ

### বিদ্যুৎ লাইসেন্স বোর্ড

**প্রবিধান–১ঃ বিদ্যুৎ লাইসেন্স বোর্ডের নিয়োগ** (Appointment of Electricity licensing Board)ঃ অত্র প্রবিধানসমূহের উদ্দেশ্য পূরণকল্পে একটি বিদ্যুৎ লাইসেন্স বোর্ড (অতঃপর 'বোর্ড' হিসেবে উল্লিখিত) সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হবেন।

**প্রবিধান–২ঃ বোর্ডের গঠন** (Constitution of the Board)ঃ বোর্ড নিম্নোক্ত বিষয় নিয়ে গঠিত হবে–

(ক) **চেয়ারম্যানঃ** বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক (পদাধিকার বলে)।

(খ) **সেক্রেটারীঃ** বিদ্যুৎ লাইসেন্স বোর্ড।

(গ) **সদস্যঃ** বাংলাদেশের নিম্নবিধ প্রতিষ্ঠানের বিদ্যুৎ শাখার একজন মনোনীত ব্যক্তি, যথা–

(১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,
(২) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন,
(৩) ইলেট্রিক্যাল মেকানিক্যাল ইন্‌জিনিয়ারিং কর্পোরেশন,
(৪) প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা,
(৫) কারিগরি শিক্ষা অধিদপ্তর,
(৬) ফেডারেশন অব চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ,
(৭) ইলেকট্রিক্যাল কন্ট্রাক্টরস এসোসিয়েশন, ও
(৮) গণপূর্ত বিভাগ

**প্রবিধান–৩ঃ নিয়োগের শর্ত** (Term of appointment)ঃ পদাধিকার বলে সদস্যবৃন্দ ছাড়া অন্যান্য ব্যক্তি ৩ বৎসরের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন।

**প্রবিধান–৪ঃ শূণ্যতা** (Vacancies)ঃ যদি কোন সদস্য দেশ ত্যাগ করেন বা তথা হতে ৬ মাসের অধিককাল অনুপস্থিত থাকলে অনুরূপ সদস্যের কার্যকালের অবশিষ্ট মেয়াদের জন্য তদস্থলে অন্য ব্যক্তিকে নিয়োগ করা যেতে পারে।

**প্রবিধান–৫ঃ বোর্ডের কার্যাদি** (Functions of the Board)ঃ বোর্ডের কার্যাদি নিম্নরূপ হবে–

(১) অনুমোদিত ঠিকাদারগণ ও ফার্মসমূহের লাইসেন্স মঞ্জুর করা;
(২) সুপারভাইজার ও বৈদ্যুতিক কারিগরদের পরীক্ষাসমূহ পরিচালনা করা:

# বিদ্যুৎ প্রবিধান, ১৯৬১

## বিদ্যুৎ বিধিমালা ১৯৩৭-এর ৪৮(১) বিধির আওতায় রেগুলেশন্স

নং ৩ ডব্লিউ পি (পি), ১২ই জানুয়ারী, ১৯৬১–১৯৩৭ সনের বিদ্যুৎ বিধিমালার ৪৮ বিধির উপবিধি (১) দ্বারা অর্পিত ক্ষমতা প্রয়োগক্রমে এতদ্বিষয়ে এতদ্‌পূর্বে জারীকৃত সকল রেগুলেশন্স রহিতপূর্বক সরকার এমর্মে নির্দেশ করেন যে, যথাক্রমে বৈদ্যুতিক ঠিকাদারগণ, সুপারভাইজার ও বৈদ্যুতিক কারিগরগণ নিম্নবিধ প্রবিধান দ্বারা পরিচালিত হবেন, যথা–

### প্রবিধানসমূহ

### বিদ্যুৎ লাইসেন্স বোর্ড

**প্রবিধান–১ঃ বিদ্যুৎ লাইসেন্স বোর্ডের নিয়োগ** (Appointment of Electricity licensing Board)ঃ অত্র প্রবিধানসমূহের উদ্দেশ্য পূরণকল্পে একটি বিদ্যুৎ লাইসেন্স বোর্ড (অতঃপর 'বোর্ড' হিসেবে উল্লিখিত) সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হবেন।

**প্রবিধান–২ঃ বোর্ডের গঠন** (Constitution of the Board)ঃ বোর্ড নিম্নোক্ত বিষয় নিয়ে গঠিত হবে–

(ক) চেয়ারম্যানঃ বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক (পদাধিকার বলে)।

(খ) সেক্রেটারীঃ বিদ্যুৎ লাইসেন্স বোর্ড।

(গ) সদস্যঃ বাংলাদেশের নিম্নবিধ প্রতিষ্ঠানের বিদ্যুৎ শাখার একজন মনোনীত ব্যক্তি, যথা–

(১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,
(২) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন,
(৩) ইলেট্রিক্যাল মেকানিক্যাল ইন্‌জিনিয়ারিং কর্পোরেশন,
(৪) প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা,
(৫) কারিগরি শিক্ষা অধিদপ্তর,
(৬) ফেডারেশন অব চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ,
(৭) ইলেকট্রিক্যাল কন্ট্রাক্টরস এসোসিয়েশন, ও
(৮) গণপূর্ত বিভাগ

**প্রবিধান–৩ঃ নিয়োগের শর্ত** (Term of appointment)ঃ পদাধিকার বলে সদস্যবৃন্দ ছাড়া অন্যান্য ব্যক্তি ৩ বৎসরের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন।

**প্রবিধান–৪ঃ শূণ্যতা** (Vacancies)ঃ যদি কোন সদস্য দেশ ত্যাগ করেন বা তথা হতে ৬ মাসের অধিককাল অনুপস্থিত থাকলে অনুরূপ সদস্যের কার্যকালের অবশিষ্ট মেয়াদের জন্য তদস্থলে অন্য ব্যক্তিকে নিয়োগ করা যেতে পারে।

**প্রবিধান–৫ঃ বোর্ডের কার্যাদি** (Functions of the Board)ঃ বোর্ডের কার্যাদি নিম্নরূপ হবে–

(১) অনুমোদিত ঠিকাদারগণ ও ফার্মসমূহের লাইসেন্স মঞ্জুর করা;
(২) সুপারভাইজার ও বৈদ্যুতিক কারিগরদের পরীক্ষাসমূহ পরিচালনা করা:



৫। **বোর্ডের কার্যাদি ঃ** বোর্ডের কার্যাদি নিম্নরূপ হইবে—

১) অনুমোদিত ঠিকাদারগণ ফার্ম সমূহকে অনুমতিপত্র মঞ্জুর করা;

২) তত্ত্বাবধায়ক ও বৈদ্যুতিক শ্রমিকদের পরীক্ষা সমূহ পরিচালনা করা;

৩) তত্ত্বাবধায়ক যোগ্যতা সম্পর্কে সার্টিফিকেট ও বৈদ্যুতিক শ্রমিকগণকে পারমিট মঞ্জুর করা;

৪) বোর্ড কর্তৃক মঞ্জুরকৃত পারমিট, সার্টিফিকেট বা অনুমতিপত্রের অধিকারী শ্রমিক পরিদর্শক তত্ত্বাবধায়ক বা ঠিকাদারগণের অদক্ষতা, অবহেলা বা অন্যায় আচরণ সম্পর্কে দোষারোপ বা বোর্ড কর্তৃক মঞ্জুরকৃত অনুমতি সম্পন্ন ঠিকাদার কর্তৃক অনুমতিপত্রের শর্ত ভঙ্গ বিষয়ে তদন্ত করা এবং অনুরূপ পারমিট, সনদপত্র বা অনুমতিপত্র বিষয়ে বিবেচনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৫) অনুমতিপত্রধারী ঠিকাদার, ফার্ম এর দক্ষতা সম্পর্কে সার্টিফিকেটের বা শ্রমিকদের পারমিটের অধিকারী সকল ব্যক্তিগণের রেজিষ্টার সংরক্ষণ করা; এবং

৬) এই রেগুলেশন্সের বিধানসমূহ সাধারণভাবে কার্যকর করা।

৬। **বোর্ডের সভা**—বোর্ড ছয় মাসের একবার এবং কাগজপত্র প্রচারের মাধ্যমে নিষ্পত্তি করা যায় না এমন কার্য পরিচালনাগত ক্ষেত্রে প্রেসিডেন্টের দৃষ্টিতে আবশ্যকীয় মনে হইলে অন্য যে কোন সময়ে মিলিত হইবে। প্রত্যেক সদস্যকে সভার জন্য অন্যুন সাত দিনের নোটিশ দিতে হইবে।

৭। **অপেক্ষ সংখ্যা (কোরাম)** — বোর্ডের যে কোন সভায় প্রেসিডেন্ট ও/বা সচিব ও চারজন অন্য সদস্য অপেক্ষা সংখ্যা (কোরাম) পূরণ করিবে।

৮। **সভার সভাপতি ঃ** প্রেসিডেন্ট অথবা তাঁহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যদের মধ্য হইতে নির্বাচিত একজন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

### পরীক্ষা সমূহ

৯। পরীক্ষা সমূহ—ঢাকা গেজেট ও স্থানীয় পত্রিকাসমূহ সময়ে সময়ে বিজ্ঞপ্তি প্রদানপূর্বক এইরূপ স্থানে ও তারিখে বোর্ড পরীক্ষা গ্রহণ করিবে।

১০। এই রেগুলেশন্সের আওতায় দক্ষতার সনদপত্র (সার্টিফিকেট) মঞ্জুরের ও পারমিটের জন্য প্রার্থীর ব্যবহারিক জ্ঞান ও তাহার দক্ষতা ও বোর্ডের সন্তোষে তাহার ব্যবহারিক জ্ঞানের পর্যাপ্ততা যাচাইয়ের জন্য অনুরূপ প্রকার পরীক্ষা হইবে।

৫। **বোর্ডের কার্যাদি ঃ** বোর্ডের কার্যাদি নিম্নরূপ হইবে—

১) অনুমোদিত ঠিকাদারগণ ফার্ম সমূহকে অনুমতিপত্র মঞ্জুর করা;

২) তত্ত্বাবধায়ক ও বৈদ্যুতিক শ্রমিকদের পরীক্ষা সমূহ পরিচালনা করা;

৩) তত্ত্বাবধায়ক যোগ্যতা সম্পর্কে সার্টিফিকেট ও বৈদ্যুতিক শ্রমিকগণকে পারমিট মঞ্জুর করা;

৪) বোর্ড কর্তৃক মঞ্জুরকৃত পারমিট, সার্টিফিকেট বা অনুমতিপত্রের অধিকারী শ্রমিক পরিদর্শক তত্ত্বাবধায়ক বা ঠিকাদারগণের অদক্ষতা, অবহেলা বা অন্যায় আচরণ সম্পর্কে দোষারোপ বা বোর্ড কর্তৃক মঞ্জুরকৃত অনুমতি সম্পন্ন ঠিকাদার কর্তৃক অনুমতিপত্রের শর্ত ভঙ্গ বিষয়ে তদন্ত করা এবং অনুরূপ পারমিট, সনদপত্র বা অনুমতিপত্র বিষয়ে বিবেচনানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৫) অনুমতিপত্রধারী ঠিকাদার, ফার্ম এর দক্ষতা সম্পর্কে সার্টিফিকেটের বা শ্রমিকদের পারমিটের অধিকারী সকল ব্যক্তিগণের রেজিষ্টার সংরক্ষণ করা; এবং

৬) এই রেগুলেশন্সের বিধানসমূহ সাধারণভাবে কার্যকর করা।

৬। **বোর্ডের সভা**—বোর্ড ছয় মাসের একবার এবং কাগজপত্র প্রচারের মাধ্যমে নিষ্পত্তি করা যায় না এমন কার্য পরিচালনাগত ক্ষেত্রে প্রেসিডেন্টের দৃষ্টিতে আবশ্যকীয় মনে হইলে অন্য যে কোন সময়ে মিলিত হইবে। প্রত্যেক সদস্যকে সভার জন্য অন্যূন সাত দিনের নোটিশ দিতে হইবে।

৭। **অপেক্ষ সংখ্যা (কোরাম)** — বোর্ডের যে কোন সভায় প্রেসিডেন্ট ও/বা সচিব ও চারজন অন্য সদস্য অপেক্ষা সংখ্যা (কোরাম) পূরণ করিবে।

৮। **সভার সভাপতি ঃ** প্রেসিডেন্ট অথবা তাঁহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যদের মধ্য হইতে নির্বাচিত একজন সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

## পরীক্ষা সমূহ

৯। পরীক্ষা সমূহ—ঢাকা গেজেট ও স্থানীয় পত্রিকাসমূহ সময়ে সময়ে বিজ্ঞপ্তি প্রদানপূর্বক এইরূপ স্থানে ও তারিখে বোর্ড পরীক্ষা গ্রহণ করিবে।

১০। এই রেগুলেশন্সের আওতায় দক্ষতার সনদপত্র (সার্টিফিকেট) মঞ্জুরের ও পারমিটের জন্য প্রার্থীর ব্যবহারিক জ্ঞান ও তাহার দক্ষতা ও বোর্ডের সন্তোষে তাহার ব্যবহারিক জ্ঞানের পর্যাপ্ততা যাচাইয়ের জন্য অনুরূপ প্রকার পরীক্ষা হইবে।



১১। প্রত্যেক পরীক্ষা এমন স্থানে অনুষ্ঠিত হইবে যেন প্রার্থীর জ্ঞান ব্যবহারিকভাবে যাচাই করা যায় এবং প্রত্যেক প্রার্থী মৌখিকভাবেও যাচাই হইবেন।

১২। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রত্যেক প্রার্থী ফরম A-এ আবেদন করিবেন এবং পরীক্ষার জন্য নির্ধারিত তারিখের অন্যূন একত্রিশ দিবস পূর্বে নিম্নবিধসহ যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র সচিবের নিকট পাঠাইতে হইবে—

(এ) প্রশংসা পত্র—

(i) সৎ চরিত্রের, (ii) বৈদ্যুতিক শ্রমিক হিসাবে ব্যবহারিক জ্ঞান,

(বি) বৈদ্যুতিক শ্রমিকের পারমিট, যদি থাকে,

(সি) ফি প্রদানের স্বপক্ষে একটি চালান বা রশিদ, ও

(ডি) তিন কপি সদ্য উত্তোলিত ফটো (আকৃতি ২´´×২´´) যার প্রত্যেকটির পিছনে তাহার স্বাক্ষর বা অঙ্গুলি ছাপ থাকিতে হইবে।

১৩। যে প্রার্থীর পরীক্ষার ভর্তির আবেদন গৃহীত হইয়াছে তদকর্তৃক প্রদত্ত ফি কোন ক্রমেই ফেরত দেয়া হইবে না।

শর্ত থাকে যে, কোন প্রার্থী পরীক্ষায় অংশ গ্রহণে বাধাগ্রস্থ হইলে অতিরিক্ত ফি প্রদান ব্যতিরেকেই বোর্ড তাহাকে পরবর্তী পরীক্ষায় অংশ গ্রহণ করিতে দিতে পারে।

পরবর্তী পরীক্ষায় প্রার্থী অংশ গ্রহণ করিতে না পারিলে আবেদনপত্র বাতিল হইবে ও ফি বাজেয়াপ্ত হইবে।

১৪। **বৈদ্যুতিক শ্রমিকগণের পারমিটের জন্য পরীক্ষা**—বৈদ্যুতিক শ্রমিকগণের বৈদ্যুতিক তত্ত্বাবধায়নকারী ব্যক্তিগণ হইতে পৃথকীকরণের লক্ষ্যে বৈদ্যুতিক শ্রমিকগণকে পারমিট প্রদানের পরীক্ষার ব্যবস্থা করা হয়।

**অনুমতিপত্র, সনদপত্র (সার্টিফিকেট) ও পারমিট মঞ্জুর ঃ**

তিন ক্যাটাগরীর আওতায় অনুমতিপত্র, সনদপত্র ও পারমিটসমূহ মঞ্জুর করা হইবে ঃ

১) এ শ্রেণী-"হাইপ্রেসার ইন্সটালশন ওয়ার্কস"

২) বি শ্রেণী-"মিডিয়াম প্রেসার ইন্সটালেশন ওয়ার্কস"

(বিদ্যুৎ বিধিমালা ১৯৩৭)।

৩) সি শ্রেণী-"লো প্রেসার ইন্সটালেশন ওয়ার্কস"
(বিদ্যুৎ বিধিমালা ১৯৩৭)।

১৫। **যোগ্যতা ঃ** বৈদ্যুতিক শ্রমিকদের পারমিটের জন্য পরীক্ষায় প্রার্থীগণ হইবেন—

(এ) যিনি এই রেগুলেশনের আওতায় অনুমতিপ্রাপ্ত একজন বৈদ্যুতিক ঠিকাদারের অধীনে ন্যুনপক্ষে দুই বৎসর পর্যন্ত প্রশিক্ষণ প্রাপ্ত, বা—

(বি) যিনি বৈদ্যুতিক শ্রমিক হিসাবে অন্যবিধ প্রশিক্ষণ গ্রহণ করিয়াছেন যাহা বোর্ড কর্তৃক সন্তোষজনকরূপে বিবেচিত হয়।

শর্ত থাকে যে, হাই প্রেসার ইন্সটালশন ওয়ার্কস [রেগুলেশন ১৬ (জি) vii ও viii দ্রষ্টব্য] এর সংশ্লিষ্ট শ্রেণী বা শ্রেণীসমূহের শ্রমিক পারমিটের প্রার্থীগণকে অবশ্যই পরবর্তী শ্রেণী বা শ্রেণীসমূহ যথাক্রমে (জি) iv ও v এর ক্ষেত্রে কার্যকর মিডিয়াম প্রেসার অব ওয়ার্কস এর সংশ্লিষ্ট পারমিটের অধিকারী হইতে হইবে।

**১৬। বৈদ্যুতিক শ্রমিকের পারমিটের জন্য পরীক্ষার সিলেবাস—** বৈদ্যুতিক শ্রমিকদের পারমিটের জন্য পরীক্ষার্থীগণ রেগুলেশন ১২ মানিয়া লইবেন এবং পূর্তকর্ম স্থাপনের ব্যবহারিক পরীক্ষা হইবে এবং নিম্নোদ্ধৃত যে কোন বা সকল বিষয় লইয়া মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা হইবে এবং কৃতকার্য প্রার্থীদের পারমিট নিম্নের ক্লজ (জি) এ উল্লেখিত এক বা একাধিক শ্রেণীর ওয়্যারিং (তারের কাজ) উল্লেখ অন্তর্ভুক্ত থাকিবে—

(এ) নিরেট ও আবদ্ধ কণ্ডাক্টরসমূহের তারের আকৃতি নিশ্চিতকরণ;

(বি) পরীক্ষা বাতিল ব্যবহার;

(সি) সার্কিটসমূহের শ্রেণী বিন্যাসে ঘন্টা (বেল) ও ব্যাটারীর ব্যবহার;

(ডি) বিতরণ বোর্ডসমূহ, সিলিং রোজেস, প্লাগস ও সর্কেটস, ল্যাম্প হোলডারস, এ, সি ও ডি, সি, রেগুলেটর ও সুইস (দুই ওয়েসহ) সম্বলিত ফ্যানের সংযোগ ও ডায়াগ্রামস,

(এফ) ফিটিংস ও অন্যান্য গৃহে ব্যবহার্য ডিভাইস সমূহের ওয়্যারিং,

(জি) নিম্নবিধ শ্রেণীর তার ক্যাবল সমূহের স্থাপন কাজ—



### শ্রেণী–সি

(এক) ইমারতের ওয়ারিং (আলোকিত করা, পাখা ও ছোট মটরের জন্য)—

(এ) ক্লিট, কাঠের বহিরাবরণ ও ক্যাপিং পদ্ধতি, কাগজ বিদ্যুৎ অপরিবাহীকৃত ক্যাবল ব্যতিত তার ও ক্যাবলের নিয়োগ।

(বি) ১৯১০ সালের বিদ্যুৎ আইন ও ১৯৩৭ সালের বিদ্যুৎ বিধিমালার আওতায় কাগজ দ্বারা অপরিবাহীকৃত ক্যাবল ব্যতিত তার ও ক্যাবল ব্যবহার মাধ্যমে ধাতব সিট, শক্ত রবার ও ডুইটকন পদ্ধতি।

[মাধ্যম চাপ অতিক্রম করে না এমন ভোলটেজের জন্য (১৯৩৭ সালের বিদ্যুৎ বিধিমালা)]

### শ্রেণী–বি

ii) কাগজ দ্বারা অপরিবাহীকৃত ক্যাবল ব্যতিত তার ও ক্যাবল সাহায্যে কনডুইট বা সীসার পাতে মটরের ওয়্যারিং (জেনারেটরসহ)।

iiii) কাগজ দ্বারা অপরিবাহীকৃত ক্যাবল ব্যতীত ক্যাবল সহযোগে (স্থাপন ও জোড় দেওয়া) মটর ওয়্যারিং।

(iv) কাগজ দ্বারা অপরিবাহীকৃত ক্যাবল ব্যতীত ক্যাবল সংযোগ সহযোগে উপরে লাইন কাজ।

(v) কাগজ দ্বারা অপরিবাহীকৃত ক্যাবলের সংযোগ (Joining)।

### শ্রেণী—এ

vi) শুধুমাত্র মাথার উপরে লাইন।

vii) মাথার উপরে লাইনের সাথে কাগজ দ্বারা অপরিবাহীকৃত ক্যাবলের সংযোগ।

viii) কাগজ দ্বারা অপরিবাহীকৃত ক্যাবল স্থাপন ও জোড় দেওয়া।

(এইচ) উন্মুক্ত ও অপরিবাহী সামগ্রী দ্বারা আবরিত এরিয়াল লাইন স্থাপনের পদ্ধতি।

(আই) বিদ্যুৎ সরবরাহ লাইন হইতে পরিচালিত বৈদ্যুতিক ঘন্টা ও নির্দেশক স্থাপন।

(জে) জোড়া দেওয়া ও ঝালাই করা—

(এ) নিরেট ও আবদ্ধ (Stranded) পরিবাহীত সোজা ও টি গ্রন্থি প্রস্তুত ও তাহাদের ঝালাই করা।

(বি) খালি এরিয়াল লাইনে ব্রিটানিয়া ও অন্যবিধ জোড়া তৈরি ও তাহাদেরকে ঝালাই করা।

(কে) তার ও ক্যাবল সমূহের উপর লাগ (lugs) ও সকেট ঝালাই করা এবং ফিনিশিং ও অপরিবাহী পদার্থ দ্বারা পৃথক করা।

(এল) ত্রুটি পরীক্ষা করা ও অপরিবাহী করণের প্রতিবন্ধকতার পরিমাপ।

(এম) যদি কোন ব্যক্তি বৈদ্যুতিক শক-এ আক্রান্ত হয় তবে কার্যব্যবস্থা গ্রহণ ও চিকিৎসা পদ্ধতি।

**নোট ঃ** বোর্ড প্রয়োজন মনে করিলে সময়ে সময়ে সিলেবাসে কিছু যুক্ত করিতে বা পরিবর্তন করিতে পারিবে।

**১৭। বৈদ্যুতিক শ্রমিকগণকে পারমিট মঞ্জুর**—বৈদ্যুতিক শ্রমিকদের পারমিটের জন্য পরীক্ষায় কৃতকার্য প্রত্যেককে ফরম সি-এ পারমিট মঞ্জুর করিতে হইবে। পারমিট প্রতিবৎসর নবায়ন হইবে।

তবে শর্ত থাকে যে, পারমিটের কার্যকাল অতিক্রান্তের পূর্বে নবায়নের জন্য আবেদন না পাওয়া গেলে নবায়ন ফির অতিরিক্ত হিসাবে সচিবের ইচ্ছানুযায়ী অনূর্ধ দুই টাকা জরিমানা গৃহীত হইবে।

পারমিটের মেয়াদ অতিক্রান্তের এক বৎসরের মধ্যে পারমিট নবায়ন করা না হইলে নতুন পারমিট মঞ্জুরের পূর্বে নতুন ফিসহ ফরম-এ দরখাস্ত দিতে হইবে।

**১৮। তত্ত্বাবধায়ক পরীক্ষা**—যে সকল ব্যক্তি সরাসরি স্থাপন কাজ (installtion work) দেখাশুনা করিবেন ঐ সকল বৈদ্যুতিক ব্যক্তিদের তত্ত্বাবধায়ক দক্ষতার সনদপত্র প্রদানের জন্য পরীক্ষার ব্যবস্থা থাকিবে।

**১৯। যোগ্যতা**—তত্ত্বাবধায়কের দক্ষতার সনদপত্র পাইবার পরীক্ষার প্রার্থীগণকে অবশ্যই রেগুলেশন ১২ প্রতিপালন করিতে হইবে —

(এ) বৈদ্যুতিক শ্রমিকের পরীক্ষায় পাশ করিতে হইবে, এবং

(বি) পাঁচ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে যাহা বোর্ড কর্তৃক সন্তোষজনক বলিয়া বিবেচিত হইতে হইবে।



তবে শর্ত থাকে যে, এই রেগুলেশনের ক্লজ (এ) এ যাহাই থাকুক না কেন বোর্ড যে কোন ব্যক্তিকে তত্ত্বাবধায়কের দক্ষতা সনদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপযুক্ত মনে করিলে অনুমতি দিতে পারিবে;

আরো শর্ত থাকে যে, এই রেগুলেশনের প্রয়োজনে কোন প্রার্থী যদি কোন স্কুল বা কলেজ হইতে বোর্ডের নিকট গ্রহণযোগ্য পূর্ণাঙ্গ সার্টিফিকেট পেশ করেন এই মর্মে যে, তিনি সন্তোষজনকভাবে বৈদ্যুতিক সংস্থাপন কাজ বা বৈদ্যুতিক কৌশলের তাত্ত্বিক ও ব্যবহারিক কোর্স সম্পাদন করিয়াছেন এবং ব্যবহারিক কাজের কোর্সের পর প্রকৃত বৈদ্যুতিক স্থাপন কাজের দুই বৎসরের অভিজ্ঞতা অর্জন করিয়াছেন, তবে তাহাকে লিখিত পরীক্ষা হইতে অব্যাহতি দেওয়া যাইতে পারে।

**২০। তত্ত্বাবধায়কদের যোগ্যতার সনদপত্রের জন্য পরীক্ষা**—এই পরীক্ষা ফোরম্যান, চার্জম্যান বা অন্য যাহারা সরাসরি বৈদ্যুতিক স্থাপন কাজ দেখাশুনা করেন তাহাদের উদ্দেশ্যে —

(এ) যোগ্যতার সনদের পরীক্ষার প্রার্থীগণ একটি লিখিত পেপার এবং মৌখিক ও ব্যবহারিক অভীক্ষার মাধ্যমে পরীক্ষিত হইবেন। প্রার্থীগণ সাধারণভাবে ইংরেজী ভাষার মাধ্যমে পরীক্ষিত হইবেন কিন্তু বোর্ডের পক্ষে আয়োজন করা সম্ভব হইলে একজন প্রার্থীকে বাংলা বা ইংরেজী ভাষার মাধ্যমে পরীক্ষার অনুমতি দিতে পারেন।

(বি) এই রেগুলেশনের প্রয়োজনে সকল বৈদ্যুতিক স্থাপন কাজ রেগুলেশন ২০ এর সাব ক্লজ (সি) এর আওতায় প্রদর্শিত মতে বিভক্ত হইবে। সফলকাম প্রার্থীগণকে স্থাপন কাজের যোগ্যতার সনদ মঞ্জুর করা হইবে যাহা দ্বারা বোর্ড সিদ্ধান্ত লইবে যে তাহারা তত্ত্বাবধায়কের জন্য যোগ্যতা সম্পন্ন।

(সি) পরীক্ষার বিভিন্ন অংশের সিলেবাস নিম্নভাবে সাজানো হইবে। প্রার্থিগণ যে কোন শ্রেণীর সনদের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারেন।

সনদের যোগ্যতার জন্য যে সকল অংশ পাস করিতে হইবে—

| যজ্জন্য সনদ | অংশ |
|---|---|
| অনুর্ধ ৬৫০ ভোল্টের সিস্টেমের ওয়ারিং | ১,২ |
| অনুর্ধ ৬৫০ ভোল্টের ডিসি যন্ত্রপাতি | ১,২, ৩ |
| অনুর্ধ ৬৫০ ভোল্টের এসি যন্ত্রপাতি | ১,২, ৩, ৪, |
| ৬৫০ ভোল্টের উর্ধে স্থাপন | ১.২,৩,৪,৫ |

নোট ঃ সকল প্রার্থীর জন্য অংশ-১ বাধ্যতামূলক। উপরোক্ত অংশ সমূহকে পাশ করা ক্রমবর্ধিষ্ণু (Cumulative) ও প্রগতিশীল (Progressive)। অর্থাৎ প্রার্থীকে অবশ্যই সকল অংশে পাশ করিতে হইবে এবং নিম্ন প্রদর্শিত অনুক্রমে ঃ—

| যজ্জ্বন্য সনদ | বাধ্যতামূলক অংশসমূহ |
| --- | --- |
| ২৫০ ভোল্টের উর্ধে এরিয়াল লাইন | ১, ৬ |
| ভূগর্ভস্থ ক্যাবল | ১, ৭ |
| খনির কাজ | ১, ৩, ৪, ৮ |
| লিফটস্ | ১,২, ৩, ৪,৯ |
| বিদ্যুৎ চিহ্ন সমূহ | ১,২,৩,৪,১০ |

নোট ঃ ভূগর্ভস্থ ক্যাবলের কাজের জন্য অনুমোদিত সনদ সেকশন a, b ও c ভাগে বিভক্ত হইবে যাহা প্রগতিশীল ও ক্রমবর্ধিষ্ণু সফলকাম প্রার্থীদের মঞ্জুরকৃত সনদে প্রার্থী যে সকল সেকশন বা সেকশন সমূহে যোগ্যতা অর্জন করিয়াছেন তাহা নির্দেশ করা হইবে।

### তত্ত্বাবধায়কদের জন্য সিলেবাস

**সাধারণ নোট—**

১) নিম্নে উল্লেখিত সিলেবাস যে কোন সময় বিনা নোটিশে সংশোধন, পরিবর্তন বা সংযোজনের ক্ষমতা বোর্ড সংরক্ষণ করে।

২) বৈদ্যুতিক স্থাপন কর্মের সঙ্গে সম্পর্কযুক্ত বিদ্যুৎ বিধিমালা প্রার্থীগণের মুখস্থ থাকিবে বলিয়া আশা করা হয় না, কিন্তু তাহারা উহাদেরকে প্রয়োগ করিবার ক্ষমতা সম্পন্ন হইবেন এবং কোন বিশেষ ক্ষেত্রে যুক্তি সঙ্গত ব্যাখ্যা দিতে পারিবেন বলিয়া আশা করা হয়। পরীক্ষা সমূহে তাহাদিগকে বিধিমালার কপি ব্যবহারের অনুমতি দেওয়া হইবে।

## অংশ —১ ঃ প্রার্থমিক নীতিমালা

**বস্তুর বৈদ্যুতিক গুণাবলী ঃ** তড়িৎ পরিবাহী ও অপরিবাহী পদার্থ সাধারণভাবে প্রাপ্য অবস্থায় যথা— আর্দ্রতা, তাপ প্রভৃতিতে ফলাফল, যে সকল অবস্থা অবনতি ত্বরান্বিত করে।



**বস্তুর চৌম্বক গুণাবলী ঃ** বিদ্যুৎ প্রবাহ দ্বারা চৌম্বকায়ন, বৈদ্যুতিক চুম্বক (electromagnets) ও নিরাপদ ত্বরিৎ বহন ক্ষমতা, তাপ ও ভোল্টেজ অবনমন (drop) এর গুরুত্বে সংযুক্ত বোঝার (connected load) জন্য তড়িৎ পরিবাহকের আকারের হিসাব।

**বৈদ্যুতিক পরিমাপ ঃ** প্রতিরোধ শক্তি (resistance), ভোল্টেজ ও তড়িৎ প্রবাহ নিশ্চিত করণে ওহমের আইন (ohm's law) এর প্রয়োগ। এ্যামেটারস, ভোল্টামিটারস, ওমমিটারস্, এ্যাম্পেয়ার আওতায় মিটারস, কিলোওয়াট আওতার মিটারস্ এর ব্যবহার ও উহাদের সংযোগ প্রদান।

**বৈদ্যুতিক শক ঃ** বৈদ্যুতিক শকে আক্রান্ত ব্যক্তির চিকিৎসা প্রক্রিয়ায় বা কালে গৃহীতব্য ব্যবস্থা।

**অংকন ঃ** পাওয়ারেরও আলোকিত করণের সার্কিট নকশার অংকন প্রস্তুত ও গঠন।

**ক্যাবলসমূহের গ্রেড ও শ্রেণীসমূহ ঃ** বিভিন্ন ধরনের স্থাপন কাজের জন্য উহাদের উপযুক্ততা। ক্যাবল স্থাপন ও উহার ধারাবাহিকতা, লিংকেজ, অপরিবাহীর প্রতিরোধ ক্ষমতার সুব্যবস্থিত পরীক্ষা এবং সংযোগ সমূহের পরীক্ষা।

**বিদ্যুৎ বিধিমালা ঃ** সাধারণ জ্ঞান, বিশেষতঃ এই বিধিমালার ৫ম ও ৬ষ্ঠ অধ্যায় সম্পর্কে।

### বি) অংশ-২ ঃ অনূর্ধ ৬৫০ ভোল্ট পর্যন্ত সিষ্টেমের জন্য মধ্যম চাপ সরবরাহ মেইনের সঙ্গে নিম্ন চাপ

**স্থাপনার সংযোগ ঃ** পাওয়ার ও অন্যান্য প্রয়োজনে সংযোগসহ ওয়ারিং স্থাপন কিন্তু ঐ সকল স্থাপন কাজ ব্যতিত যা বিশেষতঃ অংশ ৩ ও ৪ দ্বারা আবরিত (Covered)।

**বিদ্যুৎ শক্তি বিধিমালা ঃ** বিদ্যুৎ শক্তি বিধিমালা সম্পর্কে কার্যোপযুক্ত জ্ঞান যা এই অংশের স্থাপন কাজে প্রয়োজ্য।

### বি) অংশ—৩ ঃ ২৫০ ভোল্টের উর্ধে কিন্তু অনূর্ধ ৬৫০ ভোল্ট এর ডিসি যন্ত্রপাতি ঃ

**জেনারেটরস ঃ** ডি, সি, সিরিজ, শান্ট ও যৌগিক ওয়াউণ্ড, প্রাথমিক থিওরী মেশিন সমূহের স্থাপন, অপারেশন, সমান্তরাল রানিং, ভারসাম্যরক্ষক (balancers)।

**মটরস্‌** ঃ ডি, সি, সিরিজ, শান্ট ও যৌগিক ওয়াউণ্ড, প্রাথমিক থিওরী; উহাদের ব্যবহার, স্থাপন, অপারেশন ও গতি নিয়ন্ত্রণ।

**নিয়ন্ত্রণ গিয়ার** ঃ বিভিন্ন প্রকার সূইচ, ফিউজ, স্টার্টার, নিয়ন্ত্রক, রেগুলেটর; উহাদের ব্যবহার ও স্থাপন।

সাধারণতঃ স্থাপনের মধ্যে বহনযোগ্য যন্ত্র অন্তর্ভুক্ত, কিন্তু ঐ সকল স্থাপন কাজ যা বিশেষতঃ অংশ ৪, ৫ ও ৬ এর অন্তর্ভুক্ত উহা ব্যতিত।

**বিদ্যুৎ শক্তি বিধিমালা** ঃ এই অংশে স্থাপন কাজে প্রয়োগযোগ্য বিদ্যুৎ শক্তি বিধিমালার বিধান সমূহ সম্পর্কে কার্যোপযুক্ত জ্ঞান।

## (বি) অংশ-৪ ঃ ২৫০ ভোল্টের উর্ধে এবং অনুর্ধ ৬৫০ ভোল্টের এ, সি, যন্ত্রপাতি

**জেনারেটরস** ঃ এ, সি সিংগল ও বহুমুখী, প্রাথমিক থিওরী; যন্ত্রপাতি স্থাপন, অপারেশন, সমান্তরাল রানিং, ঘূর্ণমান কনভার্টার, পাওয়ার ফ্যাক্টর মিটার, ফ্রিকুয়েন্সী মিটার ও সিনক্রোস্কোপ।

**মটরস্‌** ঃ এ, সি, সিংগল ও বহুমুখী বৈদ্যুতিক আবেশ ও সমকালীন (সিনক্রোনাস) মেশিনের প্রাথমিক থিওরী; উহাদের ব্যবহার, স্থাপন, অপরেশন ও গতি নিয়ন্ত্রণ।

**নিয়ন্ত্রণ গিয়ার** ঃ বিভিন্ন ধরনের সুইচ, ফিউজ, স্টার্টার, নিয়ন্ত্রক, রেগুলেটর; উহাদের ব্যবহার ও স্থাপন।

সাধারণতঃ স্থাপনের মধ্যে বহনযোগ্য যন্ত্র অন্তর্ভুক্ত কিন্তু ঐ সকল স্থাপন কাজ যা বিশেষতঃ অংশ ৫ ও ৬ দ্বারা অন্তর্ভুক্ত উহা ব্যতিত।

## (এ) অংশ ৫ ঃ ৬৫০ ভোল্ট এর উর্দ্ধে স্থাপন ঃ

**নোট** ঃ অংশ ৫ এর পরীক্ষায় অংশ গ্রহণের পূর্বে প্রত্যেককে অবশ্যই অংশ ১, ২, ৩, ও ৪ পাশ করিতে হইবে;

তবে শর্ত থাকে যে, তাহারা একই পরীক্ষায় সকল অংশের জন্য অংশ গ্রহণ করিতে পারেন কিন্তু অংশ ১, ২, ৩ ও ৪ এর কোনটিতে অকৃতকার্য্য হইলে অংশ ৫ এর আওতায় সনদ দেওয়া হইবে না।

**ট্রান্সফরমারস্‌** ঃ সাধারণ নীতিমালা, মৌলিক হিসাব নিরূপনের বিভিন্ন প্রকার ও ব্যবহার, স্থাপন, ওয়ারিং, সংযোগ, অপারেশন, পাসিং আউট ও সমান্তরাল অপারেশন।

0V 250V 650V



এই অংশভুক্ত স্থাপন কাজের ক্ষেত্রে প্রয়োগযোগ্য বিদ্যুৎ শক্তির কার্যোপযোগী জ্ঞান।

## (বি) অংশ-৬ ঃ ২৫০ ভোল্টের উর্ধের এরিয়াল লাইন

পরিবর্তনশীল আবহাওয়ার অবস্থায় নির্মানের সাধারণ ব্যবহারিক জ্ঞান, তড়িৎ পরিবাহকের স্পেসিং, গাই, স্ট্রাইস্‌, গার্ড ওয়্যারস্‌, সেফটি ডিভাইসেস, আলোকিত করণের পরিবাহক এ এ্যারেস্টারস এর ব্যবহার স্থাপনের পরীক্ষাকরণ ও আর্থিং।

অনুরূপ এরিয়াল লাইনের ক্ষেত্রে প্রয়োগযোগ্য বিদ্যুৎ শক্তি বিধিমালা সম্পর্কে কার্যোপযোগী জ্ঞান।

## (এ) অংশ-৭ ঃ ভূ-গর্ভস্থ ক্যাবলস্‌

এ) ১০০০ ভোল্ট পর্যন্ত ভোল্টেজের জন্য

বি) ১১,০০০ ভোল্টে পর্যন্ত ভোল্টেজের জন্য

সি) ৩৩,০০০ ভোল্টেজ (কাগজ অথবা আর্দ্রি কাপড়) পর্যন্ত বা উর্দ্ধে তৈল ক্ষেত্র বা অন্যবিধ ধরনের জন্য। টাউট ও পাইপের মধ্যে সরাসরি ভূগর্ভে স্থাপন, ভূগর্ভে ও উপরে হ্যাণ্ডলিং, বাঁকা, জোড়া দেওয়া, ঝালাই করা, জয়েন্ট বাক্স, জাংকশন বাক্স ও বিতরণ বাক্স ও পিলার, জয়েন্ট বাক্স কম্পাউণ্ডস, কম্পাউণ্ডস দ্বারা কম্পাউণ্ডস ফিলিং, বাক্স গলানো সম্পর্কে সাধারণ জ্ঞান।

অনুরূপ ভূগভস্থ ক্যাবলস এর ক্ষেত্রে প্রয়োগযোগ্য বিদ্যুৎ শক্তি বিধিমালা সম্পর্কে কার্য্যেপযোগী জ্ঞান।

## অংশ-৮ ঃ বাংলাদেশ সরকারের খনিজ সম্পদ অধিদপ্তরের আবশ্যকীয় রেগুলেশনস্‌

**খনিতে স্থাপন (মৃত্তিকার নিচে)** ঃ এই অংশের জন্য প্রার্থীগণকে অবশ্যই মৃত্তিকার নিচে বৈদ্যুতিক স্থাপন কাজের ব্যবহারিক জ্ঞানের অন্যুন এক বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

এই অংশ স্থাপন কাজের ঐ সমস্ত বিশেষত্ব ও (features) অন্তর্ভূক্ত হইবে যাহা খনিতে স্থাপন কাজের (মৃত্তিকার নিচে) ক্ষেত্রে আবশ্যকীয় ও বিশেষ ধরণের।

খনিতে স্থাপন কাজের (মৃত্তিকার নীচে) জন্য প্রার্থীকে সনদ মঞ্জুরের অর্থাৎ (অংশ ৮) এর পূর্বে একজন প্রার্থী অংশ ৮ অনুযায়ী বোর্ডকে সন্তুষ্ট করার অতিরিক্ত হিসাবে তাহাকে অংশ ১, ৩ ও ৪-এ যোগ্য হইতে।

**খনিতে ব্যবহৃত ক্যাবল সম্পর্কে সাধারণ জ্ঞান ঃ** জোড়া দেওয়া, জাংকশন বাক্স, জয়েন্ট কম্পাউণ্ড ও টেস্টিং।

বৈদ্যুতিক মালবহন ও উইণ্ডারস, খনিজ উত্তোলন ও বৈদ্যুতিক মেশিনারীজ ও এ্যাপারেটাস যা খনিতে ব্যবহৃত হয়।

## খনির ক্ষেত্রে বিশেষভাবে প্রয়োগযোগ্য বিদ্যুৎ শক্তি বিধিমালার অংশসমূহ

**নোট— (১) ঃ** যে সকল প্রার্থী মৃত্তিকার নীচে উচ্চ চাপযুক্ত কাজ তত্বাবধানের সনদ পাইতে আগ্রহী তাহাদেরকে অবশ্যই অংশ ৫ এ যোগ্য হইতে হইবে।

**নোট—(২) ঃ** যে ব্যক্তি খনিতে স্থাপন কাজের (মৃত্তিকার নীচে) সনদের অধিকারী তিনি ভূপৃষ্ঠে যে প্রকৃতির কাজের সিলেবাসের অংশ অনুযায়ী যোগ্যতা অর্জন করিয়াছেন তাহাও করিতে পারিবেন অনুরূপভাবে যে ব্যক্তিকে সিলেবাসের অংশ ৬ ও ১১ এর আওতাভুক্ত প্রকৃতির কাজ তত্বাবধান করিতে হয় তাহাকে ঐ অংশ সমূহে যোগ্য (উত্তীর্ণ) হইতে হইবে।

**নোট—৩ ঃ** গ্যাসময় খনিতে মাটির নীচে বৈদ্যুতিক স্থাপন কাজ তত্বাবধানের জন্য যে সকল ব্যক্তি মৃত্তিকার নীচে খনিতে বৈদ্যুতিক স্থাপন কাজ তত্বাবধানে সনদপ্রাপ্ত তাহাদের গ্যাসময় খনিতে অনুরূপ স্থাপন কাজ তত্বাবধানে পৃষ্ঠলেখ (endorsed) হইবে, যদি তাহারা প্রমান করিতে পারেন যে তাহার ভূপৃষ্ঠের নীচে গ্যাসময় খনিতে বৈদ্যুতিক স্থাপন কাজ তত্তাবধানের অন্যুন ছয় মাসের ব্যবহারিক অভিজ্ঞতা আছে।

**বি ঃ দ্রঃ** লিফটে বৈদ্যুতিক ইকুইমমেন্ট স্থাপন ও ব্যবহারের অধিক বিদ্যুৎ আইন ও বিধিমালা বিস্তৃত নহে।

**সাধারণ নীতিমালা ঃ** ৬৫০ ভোল্ট পর্যন্ত, ততোধিক নহে এমন এ, সি, ও ডি, সি, মটরের স্থাপন কাজ ও সংযোগ সাধা, লিফটে ব্যবহৃত নিয়ন্ত্রক ও নিরাপদ ডিভাইসেস।

**অংশ—১০ ঃ বিদ্যুৎ সংকেত (signs)**

ফিলামেন্ট ল্যাম্পস্, বিদ্যুৎ ডিসচার্জ ল্যাম্পস, উজ্জ্বল টিউবস, ফ্ল্যাশার প্রভৃতির স্থাপন সংযোগ, পরিচালনা ও গ্রহণীয় সতর্কতা।



বিদ্যুৎ বিধিমালার আওতায় অনুরূপ সংকেত সমূহের (signs) জারীকৃত নির্দেশমালা সমূহ সম্পর্কে পূর্ণ জ্ঞান।

**(C) অংশ—১১ ঃ অনূর্ধ ২৫০ ভোল্টের সিষ্টেম সমূহের জন্য ওয়ারিং**

গোঁজ (cleat), কাঠের আবরনী, সীসা আবরিত, ক্যাব-টায়ার পাত্র, প্রধান সুইচ ও কাট আউট সহ কনডুইট আর্মার্ড ক্যাবল, বিতরণ বোর্ড ও সঠিক সুইস স্থাপন।

**নিম্নচাপের বৈদ্যুতিক অ্যাপলায়েন্স ঃ** হিটার, কুকার, পাম্পের জন্য ছোট মটর, রেফ্রিজারেটর, বৈদ্যুতিক ঘন্টা ও বিদ্যুৎ সরবরাহ লাইনের নির্দেশকের কাজ করা যা বহনযোগ্য হউক বা না হউক।

**নিম্নচাপের এরিয়াল লাইন ঃ** নির্মান কাজের সাধারণ জ্ঞান, পোষ্টের শক্তি, স্প্যানের দৈর্ঘ্য, পরিবাহকের স্পেসিং, পরিবাহকের উচ্চতা ক্রস-আর্মস, গার্ড তার, সতর্কতা ডিভাইসেস, আলোময় পরিবাহকের আর্থিং ও এ্যারেস্টস, টেস্টিং।

**২১। তত্ত্বাবধায়কগণকে যোগ্যতার সনদ মঞ্জুর**—রেগুলেশন ২০ দ্বারা প্রয়োজনীয় যোগ্যতা অর্জনকারী প্রত্যেক প্রার্থীকে ফরম-B এ যোগ্যতার সনদ মঞ্জুর করা হইবে।

কোন ব্যক্তি রেগুলেশন ১২ এর প্রয়োজনীয়তা পূরণ করিলে এবং বোর্ডকে এই মর্মে সন্তুষ্ট করিতে পারিলে যে, তাহার প্রয়োগিক জ্ঞানও ব্যবহারিক অভিজ্ঞতা এই পরিমাণ আছে যে তদ্বারা পরীক্ষায় অংশ গ্রহণ ব্যতিরেকেই তাহাকে যোগ্যতার সনদ মঞ্জুর করা সমর্থন করা যায়, তবে তাহাকে বোর্ড ফরম—বি-এ যোগ্যতার সনদ মঞ্জুর করিতে পারিবেন।

**২২। নবায়ন**—যোগ্যতার সনদ বাৎসরিক নবায়ন করিতে হইবে;

শর্ত থাকে যে, সনদের মেয়াদকাল অতিক্রান্তের পূর্বে নবায়নের জন্য আবেদন না পাওয়া গেলে সচিবের বিবেচনার আওতায় নবায়ন ফি এর অতিরিক্ত অনধিক পাঁচ টাকা পেনাল্টি আদায়যোগ্য।

সনদের মেয়াদকাল অতিক্রান্তের এক বৎসরের মধ্যে উহা নবায়ন করা না হইলে উহা বাতিল হইবে এবং নতুন সনদপত্র মঞ্জুরের পূর্বে নতুনভাবে প্রারম্ভিক ফি সহ ফরম-এ-তে এ আবেদন করিতে-হইবে।

**২৩। সনদপত্র বা পারমিটের প্রতিলিপি মঞ্জুর**—এই রেগুলেশনের আওতায় মঞ্জুরকৃত মূল সনদপত্র বা পারমিট হারাইয়া গিয়াছে বা নষ্ট হইয়াছে মর্মে নিশ্চিত হইলে আবেদনের ভিত্তিতে সচিব প্রতিলিপি মঞ্জুর করিতে পারেন। এই ধরনের প্রতিলিপির জন্য দুই টাকা পঞ্চাশ পয়সা আদায়যোগ্য এবং কোন কারণেই ফেরৎ দেওয়া হইবে না।

## বৈদ্যুতিক ঠিকাদারদের অনুমতিপত্র

**২৪। বৈদ্যুতিক ঠিকাদারগণকে অনুমতিপত্র মঞ্জুর**—তিনি যে শ্রেণী বা শ্রেণীসমূহের কাজের সঙ্গে জড়িত আছেন উহাদের টেস্ট করিবার মত ইন্স্ট্রুমেন্ট যদি ঐ ব্যক্তির থাকে এবং তাহার নিজের তত্ত্বাবধায়কের যোগ্যতার সনদপত্র আছে ও ব্যক্তিগতভাবে কাজে লাগান বা তাহার দ্বারা কৃত সকল কাজ তিনি তত্ত্বাবধায়ক (সুপারভাইজার) ফোরম্যানের যোগ্যতার সনদপত্রধারী ব্যক্তি থাকেন যাহার সরাসরি তত্ত্বাবধানে তদকর্তৃক গৃহীত সকল কাজ করা হয় শুধুমাত্র তবেই ঐ ব্যক্তিকে (বা ফার্মকে) বৈদ্যুতিক ঠিকাদারীর অনুমতিপত্র মঞ্জুর করা হইবে।

তবে শর্ত থাকে যে, যতদিন পর্যন্ত একজন তত্ত্বাবধায়ক একজন অনুমতিপত্রের অধিকারী ঠিকাদারের কর্মে নিয়োজিত থাকিবেন ততদিন তাহাকে অনুমতিপত্রের মঞ্জুর করা হইবে না।

**২৫। ঠিকাদারীর অনুমতিপত্রের আবেদন**—সচিবের নিকট ফরম-ডি-এ ঠিকাদারীর অনুমতিপত্রের জন্য আবেদন করিতে হইবে অনুরূপ আবেদনের সঙ্গে গৃহীত ফি কোনক্রমেই আবেদনকারীকে ফেরৎ দেওয়া হইবে না।

**২৬। ঠিকাদারীর অনুমতিপত্রের ফরম**—বৈদ্যুতিক ঠিকাদারীর অনুমতিপত্রের ফরম ই-এ হইবে এবং উহাতে উল্লেখিত শর্তাধীনে অনুমতিপত্র মঞ্জুর করা হইবে।

**২৭। ঠিকাদারগণের রেজিষ্টার**—এই রেগুলেশন এর আওতায় মঞ্জুরীকৃত সকল বৈদ্যুতিক ঠিকাদারীর অনুমতিপত্রের অধিকারীর জন্য একটি রেজিষ্ট্রার সচিব সংরক্ষণ করিবেন এবং ঢাকা গেজেটে প্রতিবৎসর প্রকাশ করিবেন। উহার কপি প্রধান বৈদ্যুতিক পরিদর্শক ও বাংলাদেশ সরকারের উপদেষ্টার দপ্তর, শাহবাগ ঢাকা সংরক্ষিত থাকিবে এবং প্রতি কপির জন্য ১০০.০০ টাকা প্রদান সাপেক্ষে জনগণ পাইতে পারিবেন।



**২৮। ঠিকাদারের অনুমতিপত্র নবায়ন**—এই রেগুলেশনের আওতায় মঞ্জুরকৃত প্রত্যেক বৈদ্যুতিক মেয়াদকাল উত্তীর্ণের পূর্বে অনুমতিপত্র সহ আবেদন সচিবের নিকট পেশ করিতে হইবে। মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন অনুমতিপত্রের অধিকারীর ঠিকাদার অনুমতিপত্র নবায়ন করিতে না পারিলে অনুমতিপত্র বাতিল হইবার উপযুক্ত হইবে এবং নতুন অনুমতিপত্র জারীর জন্য পূর্ণ প্রারম্ভিক ফি দাবী করা হইবে।

শর্ত থাকে যে, যদি অনুমতিপত্রের মেয়াদ উত্তীর্ণের এক মাসের মধ্যে আবেদন পাওয়া যায় তবে নবায়ন ফি ও পাঁচ টাকা পেনালটি প্রদান সাপেক্ষে নবায়ন করা যাইবে।

**৩০। অবহেলার রিপোর্ট**—(১) ১৯১০ সালের বিদ্যুৎ আইনের অংশ—II-এর আওতায় বিদ্যুৎ সরবরাহের জন্য অনুমতিপত্রের কোন ব্যক্তির বা এমন ব্যক্তির যাহার জন্য বৈদ্যুতিক স্থাপন করা হইতেছে বা হইবে তাহার দৃষ্টিতে রেগুলেশনের আওতায় অনুমতিপত্র প্রাপ্ত ঠিকাদার দ্বারা কৃত কোন কাজ বিদ্যুৎ বিধিমালা, ১৯৩৭ অনুযায়ী হয় নাই এবং এইরূপ অনুমতিপত্রের অধিকারীর বা অন্য ব্যক্তি বিষয়টি বোর্ডের নজরে আনিতে চাহিলে তিনি লিখিতভাবে সচিবের নিকট রিপোর্ট করিবেন।

(২) ১৯১০ সালের বিদ্যুৎ আইনের অংশ—II এর আওতায় জ্বালানি সরবরাহের জন্য অনুমতিপ্রাপ্ত ব্যক্তি ব্যতিরেকে অন্য কোন ব্যক্তি এই রেগুলেশনের আওতায় সচিবের নিকট রিপোর্ট করিলে তদসঙ্গে টাকা ১০.০০ বা কোন ক্ষেত্রে বিশেষ আদেশ দ্বারা বোর্ড বেশী অর্থ ধার্য্য করিলে উহা জমা করিতে হইবে। যদি বোর্ডের মতে রিপোর্টে উল্লেখকৃত দোষ প্রমাণিত না হয় তবে বোর্ড ঐ জমাকৃত অর্থ বাজেয়াপ্তের নির্দেশ দিতে পারেন।

**৩১। রেগুলেশনের অসদ্ব্যবহার বা আইন ভঙ্গ রিপোর্ট করা**—বৈদ্যুতিক শ্রমিকের পারমিট বা তত্ত্বাবধায়কের যোগ্যতার সনদপত্র বা বৈদ্যুতিক ঠিকাদারের অনুমতিপত্রের অধিকারী কোন ব্যক্তিকে বোর্ড দায়িত্বে অবহেলা, অযোগ্যের জন্য বা এই রেগুলেশনসমূহ বা তাহার অনুমতিপত্রের শর্ত ভঙ্গের দোষ দেখিতে পাইলে বোর্ড অনুরূপ পারমিট, সনদপত্র বা অনুমতিপত্র সাসপেণ্ড বা বাতিল করিতে পারিবেন। ততদ্বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

## বৈদ্যুতিক অনুমতিপত্রের অধিকারের বৈদ্যুতিক ঠিকাদারের কাজ করা হয় ঃ

**৩২) বৈদ্যুতিক অনুমতিপত্রের অধিকারের অধিকারীর ঠিকাদারীর অনুমতিপত্র পাওয়া**—কোন গ্রাহকের চত্বরে সরবরাহ শুরু হইবার পয়েন্টের বাহিরে ১৯১০ সালের বিদ্যুৎ আইনের অংশ—II এর আওতায় অনুমতিপ্রাপ্ত ব্যক্তি কোন বৈদ্যুতিক স্থাপন কাজ করিতে পারিবে না যদি না তিনি বৈদ্যুতিক ঠিকাদারীর অনুমতিপত্রপ্রাপ্ত হন এবং এই রেগুলেশনের আওতায় কোন তত্ত্বাবধায়ক (Supervisors) কর্মচারী ও বৈদ্যুতিক শ্রমিক না নিয়োগ করেন।

**৩৩। বৈদ্যুতিক অনুমতিপত্রের অধিকারীকে মঞ্জুরকৃত অনুমতিপত্র বাতিল করা**—১৯১০ সালের বিদ্যুৎ আইনের অংশ—II এর আওতায় অনুমতিপ্রাপ্ত কোন ব্যক্তিকে এই রেগুলেশনের আওতায় মঞ্জুরকৃত বৈদ্যুতিক ঠিকাদারীর অনুমতিপত্র ফেরৎ গ্রহণ বা বাতিলের যোগ্য হইবে যদি বোর্ডের দৃষ্টিতে স্থানীয় ঠিকাদারকে অগ্রাধিকার সুবিধাযুক্ত ক্ষেত্রে অবৈধ প্রতিযোগীতায় স্থানীয় ঠিকাদার অপেক্ষা সম্ভাব্য গ্রাহককে অগ্রাধিকার প্রদান করিতে দেখা যায়।

**৩৪। ফি ঃ** এই রেগুলেশনের আওতায় নিম্নবিধ ফি আদায় হইবে ঃ

| | যেজন্য | প্রারম্ভিক পরীক্ষা ফি | বার্ষিক নবায়ন ফি |
|---|---|---|---|
| (১) | বৈদ্যুতিক শ্রমিক | টাকা টাকা<br>৫·০০ (প্রতি শ্রেণী— | টাকা<br>১·০০ |
| (২) | বৈদ্যুতিক শ্রমিক তত্ত্বাবধায়ক (সুপারভাইজার) চার্জম্যান, ফোরম্যান ইত্যাদি। | ৫০·০০ (প্রতি শ্রেণী— | ১০·০০ |
| (৩) | বৈদ্যুতিক ঠিকাদার— | | |
| | a) এ শ্রেণী | ২০০·০০ | ১০০·০০ |
| | b) বি শ্রেণী | ১০০·০০ | ৫০·০০ |
| | c) সি শ্রেণী | ৫০·০০ | ২৫·০০ |

**নোট ঃ (i)** কেইস অনুযায়ী রেগুলেশন ২০ অথবা রেগুলেশন ১৬ (জি) অনুযায়ী ধার্য্যকৃত যে কোন শ্রেণীর পরীক্ষার জন্য আবেদনকারী প্রার্থী ঐ শ্রেণীর জন্য পরীক্ষিত হইবেন কিন্তু যে শ্রেণীতে তাহারা প্রকৃত পক্ষে যোগ্য



হবে ঐ শ্রেণীর সনদপত্র বা পারমিট মঞ্জুর করা হইবে। যে শ্রেণীর জন্য সনদপত্র বা পারমিট মঞ্জুর করা হইয়াছে উহা ছাড়া পরবর্তীতে অন্য শ্রেণীতে যোগ্য হইবার জন্য কোন প্রার্থী ইচ্ছা পোষণ করিলে তাহাকে সংশ্লিষ্ট অংশের পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুমতি দেওয়া হইবে এবং অতিরিক্ত ফি বা ফি সমূহ দাবী করা হইবে।

অনুরূপভাবে যিনি তত্ত্বাবধায়কের পরীক্ষা মওকুফ চাহিয়া আবেদন করেন এবং যাহাকে একটি বা একাধিক শ্রেণীর জন্য সনদ মঞ্জুর করা হইয়াছে তিনি অন্য যে কোন অতিরিক্ত শ্রেণী বা শ্রেণী সমূহের পরীক্ষার জন্য প্রয়োজনীয় ফি সহ আবেদন করিতে পারেন।

ii) লভ্য হইবার সঙ্গে সঙ্গে প্রার্থীগণকে একটি উত্তীর্ণদের লিস্ট সরবরাহ করা হইবে। উত্তীর্ণদের লিস্ট প্রকাশের কয়েক দিনের মধ্যেই প্রার্থীগণ কর্তৃক সরবরাহকৃত ঠিকানায় ডাকযোগে উহা প্রেরণ করিতে হইবে। পূর্বে আবেদন করা হইলে কোন উত্তর প্রেরণ করা হইবে না।

iii) উত্তীর্ণদের লিস্ট জারী করা ছাড়া পরীক্ষার ফলাফল সম্পর্কে অন্য কোন যোগাযোগ করা হইবে না।

iv) পরীক্ষা, পারমিট, সনদপত্র, ঠিকাদারের অনুমতিপত্র ও উহাদের বার্ষিক নবায়ন সংক্রান্ত সকল ফি, এবং এই রেগুলেশনের আওতায় আদায়যোগ্য অন্য যে কোন ফি বাংলাদেশে যে কোন সরকারী ট্রেজারীতে xiii— অন্যান্য ট্যাক্সেস্ ও ডিউটিস [বিদ্যুৎ বিধিমালার বিধি ৪৮ (১) এর আওতায় ফি]" খাতে জমা দিতে হইবে বা ডাকযোগে সবিরের নিকট পাঠাইতে হইবে।

v) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকায় মূল্যের বিনিময়ে এই রেগুলেশনের ইংরাজী কপি পাওয়া যাইবে।

vi) প্রধান বৈদ্যুতিক পরিদর্শক ও উপদেষ্টা, শাহ্বাগ, ঢাকা এর কার্য্যালয় হইতে পরীক্ষা ও ঠিকাদারের অনুমতিপত্রের দরখাস্ত ফরম সংগ্রহ করা যাইতে পারে।

## চতুর্থ অধ্যায়

# বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক বিদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য ফিস নির্ধারণ ও আদায় সংক্রান্ত আদেশ

[তারিখ ২৮শে কার্তিক, ১৩৯৮/১৩ই নভেম্বর ১৯৯১]

নং বিভাগ স/প্র-২/বৈউ-২০/৯১/১৪০-Electricity Rules, 1937 এর rule 7 এর sub-rule (2) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং উপরি-উল্লিখিত বিষয়ে পূর্ববর্তী সকল আদেশ বাতিলক্রমে সরকার, নিম্নরূপ আদেশ জারী করিলেন যথা ঃ—

১। এই আদেশ 'বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষাকরণ আদেশ, ১৯৯১" নামে অভিহিত হইবে।

২। এই আদেশে ব্যবহৃত শব্দ ও শব্দ সমষ্টি, আদেশটির উদ্দেশ্য অর্জনকল্পে ব্যবহৃত অন্যান্য শব্দ ও শব্দ সমষ্টি ব্যতিরেকে, Electricity Act, 1910 (1X of 1910) এবং Electricity Rules, 1937 এ ব্যবহৃত শব্দ ও শব্দসমষ্টির সমর্থক বলিয়া গণ্য হইবে এবং বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই আদেশে—

(ক) "মালিক" বলিতে যে ব্যক্তিগত অথবা সরকারি মালিকানাধীন ভবন বা স্থানে বিদ্যুৎ উৎপাদন, গ্রহণ বা ব্যবহৃত হইতেছে বা হইবে, সেই ভবন বা স্থানের দখলদারকে বুঝাইবে,

(খ) "প্রাথমিক" বলিতে যে কোন বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি বিদ্যুৎ সংযোগের পূর্বে বা পরে ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক প্রথমবার পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা করা বুঝাইবে,

(গ) "লাইসেন্সী" বলিতে Electricity Act, 1910 এর section 3 এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিগণ ছাড়াও উক্ত Act এর section 28 (1) মোতাবেক সরকারের পূর্ব অনুমোদনক্রমে বিদ্যুৎ সরবরাহ ব্যবসায় নিয়োজিত ব্যক্তিবর্গকেও বুঝাইবে।

৩। Electricity Act, 1910 এবং Electricity Rules 1937 এর অধীনে বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি



পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে এতদসংগে সংযোজিত "তফসিল"-এ বর্ণিত 'মান' অনুযায়ী ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

(ক) "তফসিল"—এ বর্ণিত মান—'চ' হইতে মান—'ত' পর্যন্ত নির্ধারিত পরিদর্শন ও পরীক্ষা-নিরিক্ষা এবং উহার জন্য নির্ধারিত ফিস পরিশোধ করা হইলে অনুরূপ পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার তারিখ হইতে ১২ (বার) মাসের মধ্যে সম্পাদিত দ্বিতীয় বা পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য কোন ফিস ধার্য ও আদায় করা যাইবে না; তবে দ্বিতীয় বা পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা এবং উহার জন্য নির্ধারিত ফিস পরিশোধ করা হইলে অনুরূপ পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার তারিখ হইতে ১২ (বার) মাসের মধ্যে সম্পাদিত দ্বিতীয় বা পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য কোন ফিস ধার্য ও আদায় করা যাইবেনা; তবে দ্বিতীয় বা পরবর্তী পরিক্ষা নিরীক্ষার জন্য আবেদন করা হইলে অথবা বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি পরিবর্ধন বা পরিবর্তন করা হইলে অথবা Electricity Act, 1910 বা Electricity Rules. 1937 এ বর্ণিত কোন বিধান, বিদ্যুৎ পরিদর্শকের মতে, লংঘিত আদেশ নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্সী বা মালিক কর্তৃক প্রতিপালনের অবহেলা বা ব্যর্থতা পরিলক্ষিত হইলে, সেক্ষেত্রে উল্লেখিত সময়ের মধ্যে দ্বিতীয় বা পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য পুনরায় ফিস ধার্য ও আদায় করা যাইবে।

(খ) "তফসিল"-এ বর্ণিত মান -'চ' হইতে মান-'ত' পর্যন্ত নির্ধারিত পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত ক্ষেত্র দুইটি ব্যতীত কোন ফিস ধার্য ও আদায় করা যাইবেনা ঃ—

(১) এইরূপ পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা আবেদনের ভিত্তিতে সম্পাদন করা হইলে, অথবা—

(২) পরিদর্শিত ও পরীক্ষা-নিরীক্ষা-নিরীক্ষাকৃত বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি Electricity Act, 1910 ও Electricity Rules, 1937 এর বিধান মোতাবেক স্থাপিত হয় নাই বলিয়া বিদ্যুৎ পরিদর্শকের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হইলে ফিস ধার্য ও আদায় করা যাইবে।

৪। **ফিস পরিশোধ পদ্ধতি**—এই আদেশের অধীনে পরিশোধযোগ্য ফিস নিম্নোক্ত উপায়ে পরিশোধিত হইবে ঃ—

(ক) আবেদনের ভিত্তিতে পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে অগ্রিম পরিশোধ করিতে হইবে।

(খ) সম্পাদিত অন্যান্য পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হইতে বিল প্রাপ্তির ১৫ (পনর) দিনের মধ্যে পরিশোধ করিতে হইবে।

(গ) ফিস "৯৭-বিদ্যুৎ শুল্ক (পরিদর্শন ফিস)" খাতে বাংলাদেশ ব্যাংক অথবা ট্রেজারীতে চালানের মাধ্যমে জমা দিয়া প্রাপ্ত চালানের মূল অনুলিপি বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরে প্রেরণ করিতে হইবে। বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক বিষয়টি সম্পর্কে সরকারকে অবহিত রাখিবে।

৫। বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হইতে এই আদেশে উল্লেখিত ফিস কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ আলী
সচিব।



## মান-ক

১। মান-'খ' হইতে মান 'ভ' পর্যন্ত সুনির্দিষ্টভাবে প্রযোজ্য ক্ষেত্রগুলি ব্যতীত; বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে বা হইবে এমন ধরনের মধ্যম বা উচ্চ চাপ বিশিষ্ট বৈদ্যুতিক স্থাপন বা সরঞ্জামাদি পরিদর্শন ও পরীক্ষা নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ

| স্থাপনায় সংযোজিত লোডের পরিমাণ | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস। | পরবর্তী পরিদর্শণ ও পরীক্ষা-নিরীক্ষা ফিস। |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | টাকা | |
| (১) ৫ (পাঁচ) কিলোওয়াট পর্যন্ত | ৭০ | ১ থেকে ৮ পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক-চতুর্থাংশ। |
| (২) ৫ (পাঁচ) কিলোওয়াটের উর্দ্ধে, কিন্তু ১০ (দশ) কিলোওয়াটের অধিক নহে। | ১০৫ | |
| (৩) ১০ (দশ) কিলোওয়াটের উর্দ্ধে, কিন্তু ২০ (বিশ) কিলোওয়াটের অধিক নহে। | ১৪০ | |
| (৪) ২০ (বিশ) কিলোওয়াটের উর্দ্ধে, কিন্তু ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের অধিক নহে। | ২৮০ | |
| (৫) ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের উর্দ্ধে, কিন্তু ৯০০ (একশত) কিলোওয়াটের অধিক নহে। | ৪২০ | |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| (৬) ১০০ (একশত) কিলোওয়াটের উর্ধ্বে কিন্ত ৫০০ (পাঁচশত) কিলোয়াটের অধিক নহে। | টাকা ৪২০ ও তৎসহ ১০০ (একশত) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ২১০ টাকা, তবে উক্ত সংশটি ৫ (পাঁচ), ১০ (দশ) বা ২০ (বিশ) কিলোওয়াটের অধিন না হইলে, এরইরূপ অংশের জন্য যথাক্রমে ৭০, ১০৫ বা ১৪০ টাকা ফিস ধার্য ও আদায় করা হইবে। | |
| (৭) ৫০০ (পাঁপশত) লিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ১০০০ (এক হাজার) কিলোওয়াটের অধিক নহে। | টাকা ২১০০ ও তৎসহ ৫০০ (পাঁচশত) কিলোওয়অটের উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেসের জন্য ১৪০ তবে উক্ত ১০ (দশ) কিলোওয়াটের অধিক না হইলে, এইরূপ অংশের জন্য যথাক্রমে ৭০ বা ১০৫ টাকা, ফিস ধার্য ও আদায় করা হইবে। | |
| (৮) ৯০০০ (নয় হাজার) কিলোওয়াটের উর্ধ্বে । | | |

২ মালিক (যাহাকে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে বা হইবে) কর্তক এই ফিস পরিশোধিত হইবে।



## মান–'খ'

১। যে কোন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র অথবা অন্য জায়গা, যেখানে ১০০ (একশত ভোল্টস বা তদুর্ধ পরিমাণ চাপবিশিষ্ট বিদ্যুৎ উৎপাদিত হইতেছে বা হইবে, পরিদর্শন ও পরীক্ষা নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ

| স্থাপিত জেনারেটরের ধারণ ক্ষমতা<br>১ | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস।<br>২ | পরবর্তী পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস।<br>৩ |
|---|---|---|
| | টাকা | |
| (১) ২৫ (পঁচিশ) কিলোওয়াট/কেভিএ পর্যন্ত | ২৮০ | ১ থেকে ৮ পর্যন্ত ক্রমিক বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক-চতুর্থাংশ। |
| (২) ২৫ (পঁচিশ) কিলোওয়াটের/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ৫৯৫ | |
| (৩) ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ১০০ (একশত) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ৮৭৫ | |
| (৪) ১০০ (একশত) কিলোওয়াটের/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ২৫০ (দুইশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ১৪৭০ | |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| (৫) ২৫০ (দুইশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ উর্ধ্বে, কিন্তু ৫০০ (পাঁচশত) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ২০০০ | |
| (৬) ৫০০ (পাঁচশত) কিলোওয়াট/কেভিএ -এর উর্ধ্বে, কিন্তু ৭৫০ (সাতশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ২৬২৫ | |
| (৭) ৭৫০ (সাতশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু১০০০ (এক হাজার) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ৩২২০ | |
| (৮) ১০০০ (এক হাজার) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে। | ৩৫০০ | |

২। যে কোন ট্রান্সফরমার অথবা বিদ্যুৎ গ্রহণ কেন্দ্র অথবা অন্য জায়গা, যেখানে ১০০ (একশত) ভোল্টস বা তদুর্ধ পরিমাণ চাপবিশিষ্ট বিদ্যুৎ বিতরণ করা হইতেছে বা হইবে, পরিদর্শন ও পরীক্ষা নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে—

৮—

| স্থাপিত ট্রান্সফরমারের ধারণ ক্ষমতা | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস। | পরবর্তী পরিদর্শণ ও পরীক্ষা-নিরীক্ষা ফিস। |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | টাকা | ১ থেকে ১১ পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক-চতুর্থাংশ। |
| (১) (একশত) কিলোওয়াট/কেভিএ-পর্যন্ত | ১৭৫ | |
| (২) ১০০ (একশত) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ২৫০ (দুইশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ৩৫০ | |
| (৩) ২৫০ (দুইশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ৫০০ (পাঁচশত) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ৫২৫ | |
| (৪) ৫০০ (পাঁচশত) কিলোওয়াট/কেভিএ -এর উর্ধ্বে, কিন্তু ৭৫০ (সাতশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ৭২০ | |
| (৫) ৭৫০ (সাতশত পঞ্চাশ) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে, কিন্তু ১০০০ (এক হাজার) কিলোওয়াট/কেভিএ-এর অধিক নহে। | ৮৭৫ | |
| (৬) ১০০০ (এক হাজার) কিলোওয়াট/ | ১০৫০ | |

| | | |
|---|---|---|
| | কেভিএ-এর উর্ধ্বে কিন্তু ১৫০০ (এক হাজার পাঁচশত) কিলোওয়াট/ কেভিএ-এর অধিক নহে। | |
| (৭) | ১৫০০ (এক হাজার পাঁচশত) কিলোওয়াট/কেভিএ-এর উর্ধ্বে কিন্তু ২ (দুই) মেগাওয়াটের অধিক নহে। | ১১০০ |
| (৮) | ২ (দুই) মেগাওয়াটের উর্ধ্বে, কিন্তু ৫ (পাঁচ) মেগাওয়াটের অধিক নহে। | ১১০০ টাকা ও তৎসহ প্রতি ১০০০ (এক হাজার) কিলোওয়াট/ কেভিএ-এর জন্য ১০০ টাকা। |

| ১ | | ২ | ৩ |
|---|---|---|---|
| (৯) | ৫ (পাঁচ) মেগাওয়াটের উর্ধ্বে, কিন্তু ১০ (দশ) মেগাওয়াটের অধিক নহে। | ১৪০০ টাকা ও তৎসহ প্রতি ১০০০ (এক হাজার) কিলোওয়াট/ কেভিএ-এর জন্য ৫০ টাকা। | |
| (১০) | ১০ (দশ) মেগাওয়াটের উর্ধ্বে, কিন্তু ২০ (বিশ) মেগাওয়াটের অধিক নহে। | ১৬৫০ টাকা ও তৎসহ প্রতি ১০০০ (এক হাজার) কিলোওয়াট/ কেভিএ-এর জন্য ২৫ টাকা। | |
| (১১) | ২০ (বিশ) মেগাওয়াটের উর্ধ্বে, | ১১০০ টাকা ও তৎসহ প্রতি ১০০০ (এক হাজার) কিলোওয়াট/ কেভিএ-এর জন্য ২৫ টাকা। | |

৩। বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র অথবা অন্য জায়গা, যেখানে বিদ্যুৎ উৎপাদিত হইতেছে বা হইবে, এর ক্ষেত্রে লাইসেন্সী অথবা বিদ্যুৎ উৎপাদনকারী বা বিদ্যুৎ উৎপাদন করিবে এমন ব্যক্তিগণ কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে। ট্রান্সফরমার বা বিদ্যুৎ গ্রহণ কেন্দ্রের ক্ষেত্রে উহার মালিক কর্তৃক ফিস পরিশোধিত হইবে।

## মান-'গ'

১। গণ-বিনোদন কেন্দ্রিক যে কোন জায়গায় স্থাপিত বৈদ্যুতিক স্থাপন বা সরঞ্জামদি স্থাপন বা সরঞ্জমাদি পরিদর্শন ও পরীক্ষা নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আয় করা হইবে ঃ

| স্থাপনায় সংযোজিত লোডের পরিমাণ | প্রাথমিক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিস। | পরবর্তী পরিদর্শনও পরীক্ষা-নিরীক্ষা ফিস। |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | টাকা | |
| (১) অনুচ্ছেদ ২-এ বর্ণিত ভ্রাম্যমান চলচ্চিত্র বা অস্থায়ীগণ-বিনোদন কেন্দ্র ব্যতীত পেক্ষাগৃহ, নাট্যকেন্দ্র অথবা অন্যান্য গণ-বিনোদন কেন্দ্রে স্থাপিক বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি (জেনারেটর বাদে, জেনারেটর থাকিলে তজ্জন্য আলাদাভাবে মান-'খ' এ নির্ধারিত ফিস আদায় করা হইবে) পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য। | ১০০০ | ১থেকে ২পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক পঞ্চমাংশ। |
| (২) ভ্রাম্যমান চলচ্চিত্র অথবা অন্যান্য অস্থায়ী গণবিনোদন কেন্দ্রে স্থাপিত বৈদ্যুতিক স্থাপনা বা সরঞ্জামাদি (জেনারেটর বাদে, নেজারেটর থাকিলে তজ্জন্য আলাদাভাবে মান-'খ' এ নির্ধারিত ফিস আদায় করা হইবে) পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য। | ৫০০ | |

২। মালিক কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

## মান-ঘ

১। Factories Act, 1965 (IV of 1965) এর অধীনে স্থাপিত কারখানাসমূহে সংযোজিত বৈদ্যুতিক স্থাপন বা সরঞ্জামাদি (জেনারেটর বা ট্রান্সফরমার বাদে, জেনারেটর বা ট্রান্সফরমার থাকিলে তজ্জন্য আলাদাভাবে মান-'খ' এর নির্ধারিত ফিস আদায় করা হইবে পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ

| স্থাপনায় সংযোজিত লোডের পরিমাণ | প্রাথমিক পারদর্শন ও পরীক্ষা-নিরাক্ষা ফিস। | পরবর্তী পারদর্শণ ও পরীক্ষা-নিরিক্ষা ফিস। |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | (ক) পাওয়ার লাইন ব্যতিরেকে বাতি, পাখা ও অন্যান্যগুলির জন্য | |
| | টাকা | |
| (১) ১ (এক) কিলোওয়াট পর্যন্ত | ৫০ | ১ থেকে ২ পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফিসের এক চতুর্থাংশ। |
| (২) ১ (এক) কিলোওয়াটের উর্ধ্বে অতিরিক্ত প্রতি কিলোওয়াটের জন্য। | ৫০ (সর্বোচ্চ ৫০০ টাকা পর্যন্ত | |
| | (খ) পাওয়ার লাইনের জন্য | |
| | টাকা | |
| (১) ৫ (পাঁচ) কিলোওয়াট পর্যন্ত | ৭০ | ১ থেকে ১০ পর্যন্ত ক্রমিকে বর্ণিত সকল ক্ষেত্রে প্রাথমিক ফসের এক চতুথাংশ। |
| (২) ৫ (পাঁচ) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ১০ (দশ) কলোওয়াটের অধিক নহে। | ১০৫ | |
| (৩) ১০ (দশ) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ২০ (বিশ) কিলোওয়াটের অধিক নহে। | ১৪০ | |
| (৪) ২০ (বিশ) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের অধিক নহে। | ২৮০ | |
| (৫) ৫০ (পঞ্চাশ) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ১০০ (একশত) কিলোওয়াটের অধিক নহে। | টাকা ৪২০ | |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| (৬) ৫ (একশত) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ৫০০ (পাঁচশত) কিলোওয়াটের অধিক নহে। | টাকা ৪২০ ও তৎসহ ১০০ (একশত) কিলোওয়াটের উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ২১০ টাকা, তবে উক্ত অংশটি ৫ (পাঁচ), ১০ (দশ) বা ২০ (বিশ) কিলোওয়াটের অধিক না হইলে, এইরূপ অংশের জন্য যথাক্রমে ৭০, ১০৫ বা ১৪০ টাকা ফিস ধার্য ও আদায় করা হইবে। | |
| (৭) ৫০০ (পাঁচ শত) কিলোওয়াটের উর্ধ্বে কিন্তু ১০০০ (এক হাজার) কিলোওয়াটের অধিক নহে। | টাকা ২১০০ ও তৎসহ ৫০০ (পাঁচশত) কিলোওয়াটে উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ১৪০ টাকা হারে। | |
| (৮) ১০০০ (এক জাহার) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ২০০০ (দুই হাজার) কিলোওয়াটের অধিক নহে। | টাকা ৩৫০০ ও তৎসহ ১০০০ (এক হাজার) কিলোওয়াটের উর্ধ্বে প্রতি ৫০ (পঞ্চাশ) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য জন্য ৫০ টাকা হারে। | |
| (৯) ২০০০ (দুই জাহার) কিলোওয়াটের উর্ধ্বে, কিন্তু ৪০০০ (চার হাজার) কিলোওয়াটের অধিক নহে। | টাকা ৪৫০০ ও তৎসহ ২০০০ (দুই হাজার) কিলোওয়াট বা ইহার অংশ বিশেষের জন্য ২৫ টাকা হারে। | |
| (১০) ৪০০০ (চার হাজার) কিলোওয়াটের উর্ধ্বে, | টাকা ৫৫০০ | |

২। মালিক (যাহাকে বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে বা হইবে) কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।



**মান—'ঙ'**

১। বৈদ্যুতিক 'ট্রাকশন' পদ্ধতি, ট্রলি ওয়্যার, ওভারহেড সরঞ্জামাদি বা বণ্ডিং ও লিকেজ কারেন্ট পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার ক্ষেত্রে দৈনিক ৮ (আট) ঘন্টার জন্য ৭০০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। বৈদ্যুতিক 'ট্রাকশন' পদ্ধতির মালিক কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান—'চ'**

১। নিম্নলিখিত পরিদর্শন ও পরিক্ষা-নিরীক্ষার জন্য তাহাদের পার্শ্বে বর্ণিত ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

| | | টাকা |
|---|---|---|
| (ক) উচ্চ চাপবিশিষ্ট বিদ্যুৎ সংযোগ | " | ৩৫০ |
| (খ) মাধ্যম চাপবিশিষ্ট বিদ্যুৎ সংযোগ | " | ৭০ |
| (গ) নিম্ন চাপবিশিষ্ট বিদ্যুৎ সংযোগ | " | ১৪ |

২। লাইসেন্সী অথবা সরবরাহকারী অন্যান্য ব্যক্তি কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান—'ছ'**

১। বিভিন্ন লাইসেন্সী অথবা মালিকগণের এরিয়্যাল লাইন (ক) পরস্পর, অথবা (খ) টেলিফোন ও টেলিগ্রাফ লাইন বা ট্রলি ওয়্যার-এর পাশাপাশি বা আড়াআড়ি অতিক্রান্ত করিলে, ঐগুলি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য প্রতি ক্ষেত্রে ৭০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। পরে নির্মিত বা টানা লাইনের মালিক কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান—'জ'**

১। নিম্নলিখিত পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

(ক) উচ্চ চাপ বিশিষ্ট এরিয়্যাল লাইন অথবা ক্যাবল ৫ (পাঁচ কিলোমিটার পর্যন্ত দূরত্বের জন্য ন্যুনতম টাকা ৩৫০ এবং ৫ (পাঁচ) কিলোমিটারের অধিক প্রতি কিলোমিটার অথবা ইহার অংশ বিশেষের জন্য টাকা ৩৫ হারে।

(খ) মধ্যম ও নিম্নচাপবিশিষ্ট এরিয়্যাল লাইন অথবা ক্যাবল ১ (এক) কিলোমিটার দুরত্বের জন্য ন্যুনতম টাকা ৭০ এবং ১ (এক) কিলোমিটারের অধিক প্রতি কিলোমিটার অথবা ইহার অংশ বিশেষের জন্য টাকা ২১ হারে।

২। লাইসেন্সী বা মালিক কর্তৃক, যেক্ষেত্রে যেমন প্রযোজ্য এই ফিস পরিশোধিত হইবে।

**মান—'ঝ'**

১। প্রতিটি বিদ্যুৎ চালিত লিফ্‌ট পরিদর্শন ও পরীক্ষার জন্য ১৭৫ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। মালিক কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান—'ঞ'**

১। Electricity Rules, 1937 এর অধীনে পরিদর্শন ও সার্টিফিকেট জারীর জন্য ৭০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। যে-কোন নতুন ভবন অথবা কাঠামো নির্মাণের অথবা কোন ভবন বা কাঠামো অস্থায়ীভাবে পরিবর্তনের প্রস্তাবকারী কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

**মান—'ট'**

১। Electricity Act, 1910 এর section 26 এর sub-section (6) ও (7) এর অধীনে এনার্জি মিটার এবং অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদির সঠিকত্ব পরীক্ষা করিয়া সিদ্ধান্ত প্রদানের জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

টাকা

নিম্ন চাপবিশিষ্ট .... .... ৭০
মধ্যম চাপবিশিষ্ট .... .... ১১৫
উচ্চ চাপবিশিষ্ট .... .... ১৪০

(২) ৫০ (পঞ্চাশ এ্যাম্পিয়ারের উর্দ্ধে, কিন্তু ২০০ (দুইশত) এ্যাম্পিয়ারের অধিক নহে—

টাকা

নিম্ন চাপবিশিষ্ট .... .... ১০৫
মধ্যম চাপবিশিষ্ট .... .... ১৪০
উচ্চ চাপবিশিষ্ট .... .... ১৭৫



(৩) ২০০ (দুইশত) এ্যাম্পিয়ারের উর্দ্ধে, কিন্তু ৫০০ (পাঁচশত) এ্যাম্পিয়ারের অধিক নহে—

টাকা

নিম্ন চাপবিশিষ্ট .... .... ১৪০
মধ্যম চাপবিশিষ্ট .... .... ১৭৫
উচ্চ চাপবিশিষ্ট .... .... ২১০

(৪) ৫০০ (পাঁচশত) এ্যাম্পিয়ারের অধিক—

টাকা

নিম্ন চাপবিশিষ্ট .... .... ১৭৫
মধ্যম চাপবিশিষ্ট .... .... ২১০
উচ্চ চাপবিশিষ্ট .... .... ১৪৫

(খ) Electricity Act, 1910 এর section 26 এর sub-section (6) ও (7) এর অধীনে বিরোধীয় কোন এনার্জি মিটার বা অন্যান্য সরঞ্জামাদি বিদ্যুৎ পরিবেশক কর্তৃক প্রয়োজনে স্থাপনা এলাকায় পরীক্ষা-নিরীক্ষা করা হইলে তজ্জন্য নিম্ন মধ্যম বা উচ্চ চাপের ক্ষেত্রে যথাক্রমে ৭০, ১০৫ বা ২১০ টাকা হারে ফিস উপ-দফা (ক) তে বর্ণিত ফিসের অতিরিক্ত ধার্য ও আদায় করা হইবে।

(গ) "উপরোক্ত অনুচ্ছেদ-১ এর উপানুচ্ছেদ (ক) ও (খ) এ বর্ণিত ফিসকে পরিশোধ করিবেন" এই প্রসংগে সিদ্ধান্ত গ্রহণকালে বিদ্যুৎ পরিদর্শক Electricity Rules, 1937 এর rule 8 এর বিধান অনুসরণ করিবেন।

(ঘ) এনার্জি মিটার ও অন্যান্য সরঞ্জামাদিসহ যে ক্ষেত্রে ট্রান্সফরমার ব্যবহৃত হয়, সে ক্ষেত্রে উপরোক্ত অনুচ্ছেদ ১ এর উদ্দেশ্য অর্জন করে উক্ত এনার্জি মিটার ও অন্যান্য সরঞ্জামাদির ধারণ ক্ষমতা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের জন্য কারেন্ট ট্রান্সফরমারের প্রাইমারী সাইডে উল্লেখিত ধারণ ক্ষমতার উপর নির্ভর করিতে হইবে।

২। লাইসেন্সী অথবা মালিক, যে ক্ষেত্রে যেমন প্রযোজ্য, কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

টাকা

(ক) Section 21 এর sub-section (4) হইতে উদ্ভুত বিরোধের ক্ষেত্রে প্রতি সিদ্ধান্তের জন্য। ১৪০

(খ) Section 26 এর sub-section (4) ও (6) হইতে উদ্ভুত বিরোধের ক্ষেত্রে প্রতি সিদ্ধান্তের জন্য। ৭০

(গ) Schedule এর 6(3) দফা হইতে উদ্ভুত বিরোধের ক্ষেত্রে প্রতি সিদ্ধান্তের জন্য। ২১০

৪। যে পক্ষের বিরুদ্ধে সিদ্ধান্ত প্রদত্ত হইবে সে পক্ষ কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

## মান—'ঠ'

১। মেইন লাইন, ডিস্টিবিউটিং মেইন লাইন বা সার্ভিস লাইনে লিকেজ থাকার কারণ পানির পাইপ, গ্যাস পাইপ অথবা ইহাদের সহিত সংযুক্ত যে কোন সরঞ্জামাদি বিদ্যুতায়িত বা অন্য কোন প্রকারে ক্ষতিগ্রস্ত হইয়া থাকিলে সে ক্ষেত্রে Electricity Rules, 1937 এর rule 85 হইতে 88 এর বিধান মোতাবেক পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

(ক) প্রথম ১ (এক) ঘন্টা অথবা ইহার অংশ বিশেষের জন্য টাকা ২১০;

(খ) পরবর্তী প্রতি ঘন্টা বা ইহার অংশ বিশেষের জন্য টাকা ১০৫;

২। মেইন লাইন ডিস্ট্রিবিউটিং মেইনলাইন বা সার্ভিস লাইন যদি Electricity Rules, 1937 এর rule 85 হইতে ৪৪-তে বর্ণিত সীমার অতিরিক্ত লিকেজ আবিষ্কৃত হয়, তাহা হইলে লাইসেন্সী অথবা মেইন লাইন, ডিস্ট্রিবিউটিং মেইন লাইন বা সার্ভিস লাইনের Rule 85 হইতে 88 পর্যন্ত বর্ণিত সীমার অতিরিক্ত লিকেজ কারেন্ট পাওয়া না গেলে, পরীক্ষা-নিরীক্ষার জন্য আবেদনকারীর পক্ষ কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

১। (ক) Electricity Rules, 1937 এর rule 27 এর অধীনে কোন বৈদৃতিক স্থাপনীয় লিকেজের অস্তিত্ব আছে কিনা তাহা পরীক্ষার জন্য ৭০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

(খ) Electricity Rules, 1937 এর rule 5 এর অধীনে কোন পরিদর্শনকালে যদি দেখা যায় যে, বৈদ্যুতিক স্থাপনায় Electricity Rules, 1910 বা তদধীন প্রণীত কোন Rule এর বিধান যথাযথভাবে পালিত হয় নাই তাহা হইলে সে ক্ষেত্রে ৭০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

(গ) গ্রাহক, মালিক অথবা দখলদারের অনুরোধক্রমে কোন বৈদ্যুতিক স্থাপনা পরিদর্শন করা হইলে, সেক্ষেত্রে ৭০ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।



(ঘ) আর্থ প্লেটের রেজিস্ট্যান্স পরীক্ষার জন্য ৩৫ টাকা হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে।

২। Electricity Rules, 1937 এর rule 27 এর অধীনে আপীলকারী ব্যক্তি, অথবা মালিক গ্রাহক বা দখলদার, যে ক্ষেত্রে যেমন প্রযোজ্য, কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

## মান—'ঢ'

১। এই "তফসিল"-এ কোন নির্দিষ্ট 'মান'-এর বর্ণিত হয় নাই এমন নিম্ন চাপবিশিষ্ট বৈদ্যুতিক-স্থাপনা পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষার জন্য নিম্নোক্ত হারে ফিস নির্ধারণ ও আদায় করা হইবে ঃ—

(ক) ২ (দুই) কিলোওয়াট পর্যন্ত সংযোজিত লোকের জন্য টাকা ১৪;

(খ) ২ (দুই) কিলোওয়াটের উর্দ্ধে প্রতি কিলোওয়াট বা ইহার অংশবিশেষের জন্য টাকা ৩.৫০।

২। মালিক কর্তৃক এই ফিস পরিশোধিত হইবে।

## পঞ্চম অধ্যায়

# ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০

## (আইন নং ৩৬, ১৯৯০)

ঢাকা ২৩ শে জুন, ১৯৯০, ৮ই আষাঢ়-১৯৯৭

যেহেতু বৃহত্তর ঢাকা এলাকায় বিদ্যুৎ বিতরণের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা সমীচীন ও প্রয়োজনীয়, সেহেতু একদ্বয় নিম্নরূপ আইন করা হইল—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ**—(১) এই আইন ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ আইন, ১৯৯০ নামে অভিহিত হইবে (২) ইহা বৃহত্তর ঢাকা এলাকায় প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা**—বিষয় এবং প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইন—

(ক) "কর্তৃপক্ষ" অর্থ ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ;

(খ) "চেয়ারম্যান" অর্থ কর্তৃপক্ষের চেয়ারম্যান;

(গ) "বৃহত্তর ঢাকা এলাকা" অর্থ ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, গাজীপুর এবং নরসিংদী জেলাসমূহ অন্তর্গত সকল পৌর এলাকা এবং শিল্প এলাকা এবং সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা উক্ত এলাকার অন্তর্ভুক্ত বলিয়া ঘোষিত তৎসন্নিহিত কোন এলাকা;

(ঘ) "বোর্ড" অর্থ Bangladesh Water and Power Development Boards Order, 1972 (P. O. No. 59 of 1972) দ্বারা গঠিত বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড;

(ঙ) "শিল্প এলাকা" অর্থ সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এই আইনের উদ্দেশ্য পুরণকল্পে নির্ধারিত কোন শিল্প এলাকা;

(চ) "সদস্য" অর্থ কর্তৃপক্ষের সদস্য।

৩। **কর্তৃপক্ষ প্রতিষ্ঠা**—(১) এই আইন বলবৎ হইবার পর যতশীঘ্র সম্ভব সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বৃহত্তর ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করিবেন।



(২) কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার অধিকারে রাখার এবং হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

৪। **কর্তৃপক্ষের কার্যাবলী**—কর্তৃপক্ষের কার্যাবলী হইবে নিম্নরূপ যথা —

ক) বৃহত্তর ঢাকা এলাকায় বিদ্যুৎ বিক্রয় ও বিতরণ এবং বিদ্যুৎ বিতরণ পদ্ধতির রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ;

(খ) গ্রাহকদের নিকট বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সঙ্গে সম্পর্কিত উন্নয়নমূলক কর্মসম্পাদন এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় প্রকৌশলগত প্রকল্প ও পরিকল্পনা প্রণয়ন এবং সরকারের অনুমোদনক্রমে উহার বাস্তবায়ন;

(গ) সরকারের পূর্বানুমোদনক্রমে, বৃহত্তর ঢাকা এলাকায় ৩৩ কেভি বিদ্যুৎ লাইন বা উপকেন্দ্র হইতে শুরু করিয়া নিম্নতর কেভি লাইন বা উপকেন্দ্র পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় পরিকল্পনা, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ;

(ঘ) উপরিউল্লিখিত কর্যাদির সম্পূরক ও প্রাসংগিক অন্যান্য কার্য সম্পাদন।

৫। **কর্তৃপক্ষের গঠন**—(১) একজন চেয়ারম্যান এবং অনধিক তিনজন সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষ গঠিত হইবে।

(২) চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর মেয়াদ ও শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) চেয়ারম্যান কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন।

(৪) চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ কর্তৃপক্ষের সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন এবং তাঁহারা বিধি দ্বারা বা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ক্ষমতা প্রয়োগ বা কার্য-সম্পাদন করিবেন।

৬। **কর্তৃপক্ষের সভা**—(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কর্তৃপক্ষ উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষের সভার তারিখ, সময় ও স্থান চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) ন্যূনতম দুইজন সদস্য সমন্বয়ে কর্তৃপক্ষের সভার ফোরাম গঠিত হইবে।

(৪) কর্তৃপক্ষের সভায় সভাপতিত্ব করিবেন উহার চেয়ারম্যান এবং তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক নির্দেশিত উহার কোন সদস্য।

(৫) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা কর্তৃপক্ষ গঠনে ত্রুটি থাকার কারণে কর্তৃপক্ষের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না।

৭। **কর্তৃপক্ষের সহিত বোর্ডের সম্পর্ক** ।— (১) অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ বোর্ডের নিকট হইতে গ্রাহক হিসাবে বিদ্যুৎ সরবরাহ পাইবে।

(২) কর্তৃপক্ষ বোর্ডের নিকট হইতে সরকার কর্তৃক নির্ধারিত হারে এবং প্রয়োজনবোধে সরকার কর্তৃক নির্ধারিত পরিমাণ বিদ্যুৎ ক্রয় করিবে এবং উহা গ্রাহকের নিকট সরকার কর্তৃক নির্ধারিত হারে বিক্রয় করিবে।

৮। **কর্তৃপক্ষ লাইসেন্সী** ।— কর্তৃপক্ষ Electricity Act, 1910 (IX of 1910) এর অধীন লাইসেন্সী (liecensee) বলিয়া গণ্য হইবে এবং উক্ত এ্যাক্টের অধীন লাইসেন্সীর (licensee) যাবতীয় ক্ষমতার অধিকারী হইবে এবং দায়িত্ব পালন করিবে।

৯। **তহবিল**—(১) ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের একটি তহবিল থাকিবে।

(২) উক্ত তহবিলে নিম্নলিখিত অর্থ জমা হইবে, যথা ঃ—

(ক) সরকার কর্তৃক প্রদত্ত মঞ্জুরী;

(খ) সরকার হইতে গৃহীত ঋণ;

(গ) স্থানীয় কর্তৃপক্ষ প্রদত্ত মঞ্জুরী;

(ঘ) কোন উৎস হইতে গৃহীত ঋণ বা প্রাপ্ত মঞ্জুরী;

(ঙ) বিদ্যুৎ বিক্রয়লব্ধ অর্থ;

(চ) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত আয়।

(৩) উক্ত তহবিলের অর্থ কোন তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে।

(৪) উক্ত তহবিল হইতে কর্তৃপক্ষের যাবতীয় ব্যয় নির্বাহ করা হইবে।



১০। **ঋণ গ্রহণের ক্ষমতা** ।—কর্তৃপক্ষ প্রতি বৎসর সরকার কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কর্তৃপক্ষের কি পরিমাণ অর্থের প্রয়োজন উহার উল্লেখ থাকিবে।

১২। **হিসাব রক্ষণ ও নিরীক্ষা**—(১) কর্তৃপক্ষ যথাযথভাবে উহার হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহাহিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) মোতাবেক হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা হিসাব নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্তৃপক্ষের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং চেয়ারম্যান, কোন সদস্য, বা কর্তৃপক্ষের যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

১৩। **কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারী** ।— কর্তৃপক্ষের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা, পরামর্শদাতা, উপদেষ্টা ও অন্যান্য কর্মচারী নিয়োগ করিতে পারিবে এবং তাঁহাদের চাকুরী শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে কর্তৃপক্ষ কোন কর্মকর্তা বা অন্যান্য কর্মচারীর পদ সৃষ্টি করিতে পারিবেন।

১৪। **বকেয়া পাওনা আদায়** ।— বিদ্যুৎ সরবরাহের জন্য কর্তৃপক্ষের অনাদায়ী প্রাপ্ত সরকারী দাবী (Public demand) হিসাবে আদায়যোগ্য হইবে।

১৫। **কর্তৃপক্ষের জন্য জমি অধিগ্রহণ** ।— কর্তৃপক্ষের কার্যাবলী সম্পাদনের জন্য কোন জমি প্রয়োজন হইলে উহা জনস্বার্থে প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হইবে এবং এতদুদ্দেশ্যে উহা The Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982

(II of 1982) এর বিধান মোতাবেক হুকুম দখল বা অধিগ্রহণ করা যাইবে।

**১৬। প্রবেশ ইত্যাদির ক্ষমতা।**—(১) কর্তৃপক্ষের কোন প্রকল্প প্রস্তুত বা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় হইলে চেয়ারম্যান বা কোন সদস্য বা চেয়ারম্যানের নিকট হইতে এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা কর্মচারী—

(ক) কোন জায়গায় প্রবেশ করিতে এবং উহা জরিপ করিতে পারিবেন;

(খ) কোন জায়গা বা উহাতে অবস্থিত কোন কিছু থাকিলে উহা পরিদর্শন করিতে পারিবেন;

(গ) কোন জায়গা পরিমাপ করিতে, উহার সীমানা নির্ধারণ করিতে এবং উহার প্ল্যান এবং উহাতে অভীষ্ট কাজের প্রস্তাবিত লাইন তৈয়ার করিতে পারিবেন;

(ঘ) কোন জায়গায় চিহ্ন স্থাপন করিয়া বা গর্ত খুড়িয়া লেভেল, সীমানা বা লাইন চিহ্নিত করিতে পারিবেন এবং এতদুদ্দেশ্যে প্রয়োজন হইলে কোন দণ্ডায়মান ফসল, গাছ অথবা জংগলের যে কোন অংশ কাটিয়া পরিস্কার করিতে পারিবেন;

(ঙ) কোন জায়গায় গর্ত খুড়িয়া বা মাটি খনন করিয়া বিদ্যুৎ লাইনের জন্য খুটি স্থাপন করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে কমপক্ষে ৭২ ঘন্টা পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে কোন জায়গায় প্রবেশের ইচ্ছা প্রকাশ না করিয়া কোন ব্যক্তি উক্ত জায়গার দখলদারের বিনা অনুমতিতে উহাতে প্রবেশ করিতে পারিবেন না।

(২) উপধারা (১) এর অধীনে কোন ব্যক্তি কোন জায়গায় প্রবেশ করিবার সময় ঐ জায়গাতে সম্ভাব্য সকল ক্ষতি বাবত ক্ষতিপূরণ প্রদান করিবেন অথবা প্রদান করিবার প্রস্তাব করিবেন, এবং উক্তরূপ প্রদত্ত বা প্রস্তাবিত ক্ষতিপূরণের পর্যাপ্ততা সম্বন্ধে কোন আপত্তি থাকিলে তৎসম্পর্কে জেলা প্রশাসকের নিকট লিখিতভাবে আবেদন করিতে হইবে এবং এই ব্যাপারে জেলা প্রশাসকের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, এই আবেদন উপ-ধারা (১) এর অধীন কোন জায়গায় প্রবেশ বা উহাতে কিছু করার ব্যাপারে কোন বাধা সৃষ্টি করিবে না।



**১৭। প্রতিবেদন**—(১) প্রতি বৎসর ৩০শে জুনের মধ্যে কর্তৃপক্ষ তৎকর্তৃক পূর্ববর্তী বৎসরে সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার প্রয়োজনমত কর্তৃপক্ষের নিকট হইতে যে কোন সময় কর্তৃপক্ষের যে কোন বিষয়ের উপর প্রতিবেদন এবং বিবরণী আহ্বান করিতে পারিবেন এবং কর্তৃপক্ষ উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

**১৮। ক্ষমতা অর্পণ**—কর্তৃপক্ষ, সাধারণ অথবা বিশেষ আদেশ দ্বারা উহার ক্ষমতা প্রয়োজনবোধে এবং তৎকর্তৃক নির্ধারিত শর্ত সাপেক্ষে, উহার চেয়ারম্যান বা অন্য কোন সদস্য বা উহার কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবে।

**১৯। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ**—এই আইনের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা তাহার ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য কর্তৃপক্ষ বা উহার চেয়ারম্যান বা কোন সদস্য বা কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের বা রুজু করা যাইবে না।

**২০। চেয়ারম্যান ও সদস্যগণ জনসেবক বলিয়া গণ্য হইবেন।**—চেয়ারম্যান ও সদস্যগণ Penal Code (Act XLV of 1860) এর section 21 public servant (জনসেবক) শক্তির ভিত্তিক যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে public servant (জনসেবক) বলিয়া গণ্য হইবেন।

**২১। সরকারের নির্দেশ**—এই আইনের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনবোধে সরকার সময় সময় কর্তৃপক্ষকে সাধারণ বা বিশেষ নির্দেশ দিতে পারিবে এবং কর্তৃপক্ষ উক্ত নির্দেশ অনুযায়ী কর্ম সম্পাদন করিবে।

**২২। বিধি প্রণয়নের ক্ষমতা**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবেন।

**২৩। প্রবিধান প্রণয়নের ক্ষমতা**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে এবং সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন বা ধারা ২২ এর অধীন প্রণীত কোন বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ নহে এইরূপ প্রবিধান প্রণয়ন করিতে পারিবেন।

**২৪। বোর্ডের সম্পদ ইত্যাদি হস্তান্তর**—(১) আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা হইবার সঙ্গে সঙ্গে—

(ক) বৃহত্তর ঢাকা এলাকার গ্রাহকদের মধ্যে ৩৩ কেভি বিদ্যুৎ সরবরাহ লাইন হইতে বিদ্যুৎ সরবরাহের জন্য স্থাপিত সকল বিদ্যুৎ লাইন, বিদ্যুৎ পোষ্ট ও উপ-কেন্দ্র কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত হইবে।

(খ) বৃহত্তর ঢাকা এলাকায় বোর্ডের সকল বিদ্যুৎ গ্রাহক ও কর্তৃপক্ষের পাওনা বলিয়া গণ্য হইবে।

(গ) বৃহত্তর ঢাকা এলাকায় গ্রাহকদের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থাপনা, সংরক্ষণ ও উন্নয়নের জন্য বোর্ডের সকল অনাদায়ী দায় কর্তৃপক্ষের দায় বলিয়া গণ্য হইবে;

(ঘ) বৃহত্তর ঢাকা এলাকায় গ্রাহকদের নিকট বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত ব্যাপারে কোন মামলা বোর্ড কর্তৃক বা বোর্ডের বিরুদ্ধে দায়ের করা হইয়া থাকিলে উহা কর্তৃপক্ষ কর্তৃক বা কর্তৃপক্ষের দায়ের বা কর্তৃপক্ষের বিরুদ্ধে দায়েকৃত বলিয়া গণ্য হইবে;

(ঙ) বৃহত্তর ঢাকা এলাকায় গ্রাহকদের নিকট বিদ্যুৎ সরবরাহ সংক্রান্ত যাবতীয় কার্যে নিয়োজিত বোর্ডের কর্মকর্তা ও কর্মচারী চাকুরী কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত হইবে এবং তাহারা কর্তৃপক্ষের কর্মকর্তা কর্মচারী হইবেন এবং উক্ত হস্তান্তরের পূর্বে তাহারা যে শর্তে বোর্ডের চাকুরীতে নিয়োজিত ছিলেন; কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত সেই একই শর্তে কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকিবেন;

তবে শর্ত থাকে যে, উপরিউক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের মধ্যে কেহ কর্তৃপক্ষ প্রতিষ্ঠার তারিখ হইতে ছয় মাসের মধ্যে লিখিতভাবে কর্তৃপক্ষের অধীন চাকুরী না করিয়া বোর্ডের অধীন চাকুরী করার ইচ্ছা প্রকাশ করিলে তাহার চাকুরী বোর্ডের নিকট হস্তান্তরিত হইবে এবং তাহার চাকুরী কোন সময়ই কর্তৃপক্ষের নিকট হস্তান্তরিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

**২৫। অসুবিধা দুবীকরণ।**—এই আইনের বিধানাবলী কার্যকর করিবার ক্ষেত্রে অসুবিধা দেখা দিলে সরকার উক্ত কোন অসুবিধা দূরীকরণার্থ আদেশ দ্বারা প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**২৬। রহিত করণ।**— এই আইন দ্বারা ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষ অধ্যাদেশ (অধ্যাদেশ নং-৬, ১৯৯০) রহিত করা হইল।

ষষ্ঠ অধ্যা

# পল্লী বিদ্যুতায়ন বোর্ড অধ্যাদেশ, ১৯৭৭

[বাংলাদেশ গেজেটর অতিরিক্ত সংখ্যায় ৩১শে অক্টোবর ১৯৭৭ তারিখে প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

## বিজ্ঞপ্তি

ঢাকা-৩১ শে অক্টোবর ১৯৮৭

নং ৪৫৩—Pub গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাষ্ট্রপতি কর্তৃক ২৯শে অক্টোবর, ১৯৭৭ তারিখে প্রণীত নিম্নবিধ অধ্যাদেশ সাধারণ অবগতির জন্য প্রকাশ করা হইল ঃ

**পল্লী বিদ্যুতায়ন বোর্ড অধ্যাদেশ, ১৯৭৭**

**১৯৭৭ সালের অধ্যাদেশ নং LI**

পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠার উদ্দেশ্যে একটি অধ্যাদেশ যেহেতু বাংলাদেশে একটি পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রতিষ্ঠা করা এবং দেশের পল্লী অর্থনীতি উন্নয়নের জন্য বিদ্যুৎ শক্তির কার্যকর ব্যবহারের ব্যবস্থা যুক্তিযুক্ত;

এক্ষণে, অতএব, ১৯৭৫ সনের ২০শে আগষ্ট ও ১৯৭৫ সালের ৮ই নভেম্বরের ঘোষণা বলে এবং এতদার্থে প্রদত্ত তাহার সকল ক্ষমতা প্রয়োগ করিয়া রাষ্ট্রপতি নিম্নবিধ অধ্যাদেশ জারী করিতে সন্তোষ হইয়াছে ঃ

**১। সংক্ষিপ্ত শিরোনাম।**—এই অধ্যাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড অধ্যাদেশ, ১৯৭৭ নামে অভিহিত হইবে।

**২। সংজ্ঞা ঃ** বিষয় ও প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই অধ্যাদেশে—

(এ) 'বোর্ড' অর্থ সেকশন ৩ এর আওতায় প্রতিষ্ঠিত পল্লী বিদ্যুতায়ন বোর্ড।

(বি) 'চেয়ারম্যান, অর্থ বোর্ডের চেয়ারম্যান,

(সি) 'সদস্য' অর্থ বোর্ড এর একজন সদস্য এবং চেয়ারম্যানও অন্তর্ভূক্ত;

(ডি) 'নির্ধারিত; অর্থ এই অধ্যাদেশের আওতায় প্রস্তুতকারককৃত বিধিমালা দ্বারা নির্ধারিত।'

(ই) 'পল্লী এলাকা' অর্থ মিউনিসিপ্যালিটির এলাকাভুক্ত নহে এমন এলাকা এবং এতদার্থে সরকারী গেজেটে বিজ্ঞপ্তির দ্বারা সরকার কর্তৃক নির্দিষ্টকৃত মিউনিসিপ্যালিটিভুক্ত শিল্প এলাকা।

(এফ) 'সমিতি' অর্থ এই অধ্যাদেশের আওতায় প্রস্তুতকৃত ও বোর্ডে নিবন্ধীকৃত পল্লী বিদ্যুৎ সমিতি।

৩। **বোর্ডের প্রতিষ্ঠা ঃ** (১) এই অধ্যাদেশ আরম্ভের পর পর সরকার অফিসিয়াল গেজেটে বিজ্ঞপ্তি দ্বারা এই অধ্যাদেশের প্রয়োজনে পল্লী বিদ্যুতায়ন বোর্ড নামে একটি বোর্ড গঠন করিবে।

(২) বোর্ড পরম্পরায় চিরস্থায়ী আইন দ্বারা গঠিত একটি প্রতিষ্ঠান হইবে ও সাধারণ সিলমোহর থাকিবে, এই অধ্যাদেশ ও তদআওতায় প্রণীত বিধিমালার বিধানসমূহের শর্তে স্থাবর ও অস্থাবর সম্পত্তি অর্জন, দখল ও হস্তান্তরের ক্ষমতা থাকিবে এবং উক্তনামে মোকদ্দমা করিতে পারিবে বা তাহার বিরুদ্ধে মোকদ্দমা করা যাইবে।

৪। **প্রধান কার্যালয় ইত্যাদি ঃ** (১) বোর্ডের প্রধান কার্যালয় হইবে ঢাকায়।

(২) বোর্ড অন্য যে সকল স্থানে উপযুক্ত মনে করিবে সেখানে অফিস স্থাপন করিতে পারিবে;

৫। **বোর্ডের গঠন ঃ** (১) বোর্ড নিম্নবিধ সদস্যবৃন্দ লইয়া গঠিত হইবে, যথা—

(এ) সরকার নিযুক্ত একজন চেয়ারম্যান।

(বি) সরকার কর্তৃক নিযুক্ত তিনজন পূর্বকালীন সদস্য;

(সি) বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রতিনিধিত্বকারী একজন খণ্ডকালীন সদস্য যিনি ঐ বোর্ড কর্তৃক মনোনীত হইবে;

(ডি) কৃষি উন্নয়ন কর্পোরেশনের প্রতিনিধিত্বকারী একজন খণ্ডকালীন সদস্য যিনি ঐ কর্পোরেশন কর্তৃক মনোনীত হইবেন;

(ই) ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের প্রতিনিধিত্বকারী একজন খণ্ডকালীন সদস্য যিনি ঐ কর্পোরেশন কর্তৃক মনোনীত হইবেন; এবং

(এফ) সমন্বিত পল্লী উন্নয়ন কার্যক্রমের প্রতিনিধিত্বকারী একজন খণ্ডকালীন সদস্য যিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক মনোনীত হইবেন।



(২) সরকার কর্তৃক নির্ধারিত শর্তাদির অধীনে চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ অফিসে দায়িত্ব পালন করিবেন।

(৩) শুধুমাত্র বোর্ডের গঠনতন্ত্রে কোন শূন্যতার বা কোন ত্রুটির জন্য বোর্ডের কোন আইন বা কার্যবিবরণী বাতিল হইবে না।

৬। **চেয়ারম্যান ও অন্যান্য সদস্যের কার্যাবলী ঃ** (১) চেয়ারম্যান হইবেন একজন সার্বক্ষনিক কর্মকর্তা ও বোর্ডের প্রধান নির্বাহী।

(২) বোর্ড তাহাদের উপর যা নির্ধারিত করিয়া দিবে বা সময়ে সময়ে অর্পন করিবে তদানুরূপ ক্ষমতা প্রয়োগ করিবে ও কার্যাবলী করিবে।

৭। **বোর্ডের সভা ঃ** (১) নির্ধারিত সময়ে ও স্থানে ও পদ্ধতিতে বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে।

শর্ত থাকে যে, এতদার্থে বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত চেয়ারম্যান যেভাবেও যখন আহ্বান করিবেন সেইভাবে বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে।

(২) অনুন তিনজন সদস্যের উপস্থিতি বোর্ডের সভার কোরাম পূরণ করিবে।

(৩) বোর্ডের সভায় সকল প্রশ্নাদির উপর উপস্থিত সকল সদস্যের সংখ্যাগরিষ্ঠতায় ও ভোটের মাধ্যমে সিদ্ধান্ত হইবে, এবং সমসংখ্যক ভোটের ক্ষেত্রে যে ব্যক্তি সভাপতিত্ব করিবেন তাহার অনুমোদনকারী (Second) বা নির্ণায়ক ভোট থাকিবে।

(৪) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন বা তাঁহার অনুপস্থিতিতে চেয়ারম্যান কর্তৃক কর্তৃত্বপ্রাপ্ত পূর্ণকালীন সদস্য সভাপতিত্ব করিবেন।

৮। **বোর্ডের কার্য্যাবলী ঃ** বোর্ডের কার্য্যাবলী হইবে—

(এ) বাংলাদেশের পল্লী এলাকায় বিদ্যুৎ উৎপাদন, পরিচালন (Transmission), রূপান্তর (Transformation) ও বিতরণ পদ্ধতি স্থাপন;

(বি) অর্থনৈতিক কার্য্যাদি যথা কৃষি উন্নয়ন ও পল্লী শিল্প স্থাপন এবং সমাজের অনুন্নত অংশের আয় বৃদ্ধি ও জীবন যাত্রার মানোন্নয়নে সহায়তা প্রদান এর জন্য বিদ্যুৎ শক্তি ব্যবহার বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব প্রদান পূর্বক পল্লী উন্নয়ন পোষণার্থে বিদ্যুতের কার্য্যকর ব্যবহারের ব্যবস্থা গ্রহণ;

(সি) সরকারের অনুমোদন ক্রমে পল্লী বিদ্যুতায়ন সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা ও সর্বোচ্চ আর্থ সামাজিক উন্নতির সঙ্গে সম্পৃক্ত কাজের নির্ণায়ক (criteria) নিরূপন করা;

(ডি) পল্লী এলাকায় বৈদ্যুতিক ব্যবস্থা স্থাপন ও সমাজের আর্থসামাজিক উন্নতির জন্য দ্রুত বিদ্যুৎ শক্তি ব্যবহারের সুবিধা দানের জন্য সার্ভে পরিচালনা ও সম্ভাব্যতা যাচাই করা ও স্কীম প্রণয়ন করা;

(ই) সরকারের অনুমোদনের জন্য প্রতিবেদন ও স্কীম পেশ করা এবং অনুমোদিত স্কীম বাস্তবায়ন করা;

(এফ) বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও অন্যান্য সংস্থা হইতে বৈদ্যুতিক ব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত সম্পদ ও দায় দায়িত্ব সহ বৈদ্যুতিক ব্যবস্থা সমূহ গ্রহণ করা ও উহাদের ব্যবস্থাপনার ব্যবস্থা করা;

(জি) সম্ভাব্য বিদ্যুৎ গ্রাহকগণকে প্রাতিষ্ঠানিক ও অপ্রতিষ্ঠানিক গ্রুপ, যথা পল্লী বিদ্যুৎ সমিতি, এসোসিয়েশন ও কোম্পানী স্কীম বাস্তবায়ন ও সংশিষ্ট সুবিধা প্রদানের উদ্দেশ্যে সংঘঠিত করা;

(এইস) বোর্ডের সঙ্গে নিবন্ধীকরণ ও তাহাদের কার্যাবলীর ধরণ নির্ধারণের জন্য সমিতি ও অন্যান্য ও গ্রুপসমূহের বাই-ল'জ নির্ধারণ করা;

(আই) ইহার কার্য্যক্রম চালাইতে ফাণ্ড তৈরির জন্য সরকার ও অন্যান্য সংস্থা ও ব্যক্তির (individuals) নিকট হইতে অনুদান গ্রহণ ও ঋণ উত্তোলন করা;

